আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

শুভেচ্ছা

বাংলা পত্রিকা'র ২৫ বর্ষে পদার্পণ উপলক্ষ্যে সকল পাঠক, বিজ্ঞাপনদাতা, পৃষ্ঠপোষক ও শুভানুধ্যায়ীদের প্রতি রইল অনেক অনেক শুভেচ্ছা। -সম্পাদক


সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ০১ || সোমবার || আশ্বিন ১৩ || ১৪২৭ || সফর ১০ || ১৪৪২ || Vol. 25 || Issue 01 || September 28 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

সিনেটর লুইসের হস্তক্ষেপে সাড়া দিল যুক্তরাষ্ট্র দূতাবাস

মুমূর্ষু বাবার দেখা পেল ফারজানা


সিনেটর লুইস সিপুলভিদা

বাংলা পত্রিকা ডেস্ক: নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সিপুলভিদা ও তারই অফিসে কর্মরত বাংলাদেশী নিপা রইসের সহায়তায় যুক্তরাষ্ট্রের আসার ভিসা লাভ করেছেন বাংলাদেশী ফারজানা। ব্রঙ্কসের একটি হাসপাতালে গুরুতর অসুস্থ বাবা বাংলাদেশী নিজাম উদ্দিনের শেষ ইচ্ছা দেশে অবস্থানরত বড় মেয়ে ফারজানাকে দেখার। এজন্য অনেক চেষ্টা করেও তিনি ভিসা পাচ্ছিলেন না ফারজানা। নিরুপায় এবং মানবিকভাবে বিষয়টি দেখার জন্য তারা যোগাযোগ করেন সিনেটর লুইস সিপুলভেদার অফিস সহকারী নিপা রইসের সাথে। বিষয়টির গুরুত্ব তুলে ধরেন তিনি সিনেটর লুইস সিপুলভিদার কাছে। বিয়য়টি ফেডারেল হওয়ায় তিনি তার স্থানীয় একজন কংগ্রেস সদস্যের সাথে যোগাযোগের পরামর্শ দেন। কিন্তু সেখান থেকে পাওয়া যাচ্ছিল না আশানুরূপ সাড়া। এই অবস্থায় সিনেটর অফিস থেকে যুক্তরাষ্ট্রের আমেরিকান দূতাবাসে বিষয়টি মানবিক দৃষ্টিভঙ্গি থেকে বিবেচনার অনুরোধ জানিয়ে চিঠ দেয়া হয়। ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাস বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করে সিনেটর লুইসের অফিসে যোগাযোগ করে। তারা পুরো বিষয়টি খোলাসা করে দেন। এই সময়ে কাউকে ভিসা দেয়া বন্ধ থাকা সত্ত্বেও যুক্তরাষ্ট্র দূতাবাস বিষয়টি মানবিকভাবে বিবেচনার সিদ্ধান্ত নেয়। সাক্ষাতকারের জন্য ডাকা হয় ফারজানাকে। কোন ধরনের জটিলতা ছাড়াই ফারজানার ইমিগ্র্যান্ট আবেদন ঝুলে থাকা অবস্থায় মৃত্যুশয্যায় শায়িত পিতাকে দেখতে তাকে দেয়া হয় ভিজিট ভিসা। ফারজানা ইতোমধ্যেই ব্রঙ্কসের উদ্দেশ্যে ঢাকা ত্যাগ করেছেন বলে জানা গেছে।এবিষয়ে নিউইয়র্কের জনপ্রিয় টাইম টেলিভিশন-এ সাক্ষাতকার দিয়েছেন সিনেটর লুইস সিপুলভিদা। তিনি বলেন, বাংলাদেশী কমিউনিটির যেকোন (বাকি অংশ ২০ পাতায়)


জাতিসংঘ সাধারণ পরিষদের অধিবেশনে শেখ হাসিনা

করোনা বিশ্ববাসীকে ঐক্যবদ্ধ করেছে

সালাহউদ্দিন আহমেদ: বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, কোভিড-১৯ মহামারীর কারণে আমরা মানব ইতিহাসের এক অভাবনীয় দুঃসময় অতিক্রম করছি। দ্বিতীয় বিশ্বযুদ্ধ যেমন জাতিসংঘ সৃষ্টির মাধ্যমে বিশ্বের সকল দেশের ঐক্যবদ্ধ

যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের নতুন বিচারকের নাম ঘোষণা ট্রাম্পের

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে সুপ্রিম কোর্টের বিচারপতি পদে নিয়োগের জন্য অ্যামি (বাকি অংশ ২০ পাতায়)

টিকার আগে করোনায় ২০ লাখ মানুষের মৃত্যু হতে পারে : ডব্লিউএইচও

বাংলা পত্রিকা ডেস্ক: বিশ্বের একাধিক দেশে এরই মধ্যে করোনার দ্বিতীয় ঢেউ শুরু হয়েছে। ক্রমশ বাড়ছে সংক্রমণ। প্রত্যেকদিনই সংক্রমণের রেকর্ড ভাঙছে। ফলে দিন দিন আশঙ্কাও বাড়ছে। এখনো পর্যন্ত টিকা নিয়ে তেমন কোনো আশা দেখাতে পারেনি কোনো দেশ। যদিও ভ্যাকসিন তৈরির কাজ চলছে বলে জানাচ্ছেন গবেষকরা। বেশ কিছু দেশ ভ্যাকসিন নিয়ে কিছুটা সফল হয়েছে বলে দাবি করলেও বিশ্ব স্বাস্থ্য সংস্থা (ডব্লিউএইচও) এই বিষয়ে কিছুই জানায়নি। ফলে আশা-নিরাশার মধ্যেই সংক্রমণ বেড়েই চলছে। এই অবস্থায় আরো এক আশঙ্কার কোথা শোনাল ডব্লিউএইচও। বিশ্বজুড়ে করোনা রুখতে সক্ষম কোনো টিকার পুরোদমে ব্যবহার শুরুর আগেই মারণ ভাইরাসে অন্তত ২০ লাখ মানুষের মৃত্যু হতে পারে। শুক্রবার এমনই আশঙ্কার কথা প্রকাশ (বাকি অংশ ২০ পাতায়)

ভারত মুসলিম বিদ্বেষের রাষ্ট্রীয় পৃষ্ঠপোষক : ইমরান খান


বাংলা পত্রিকা ডেস্ক: ভারতে ইসলামোফোবিয়া বা মুসলিম বিদ্বেষকে সরাসরি রাষ্ট্রীয়ভাবে পৃষ্ঠপোষকতা

কয়েক মাসেও জানা যাবে না জয়ী কে : ট্রাম্প


বাংলা পত্রিকা ডেস্ক: আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনে ডাকযোগে ভোট দেওয়া নিয়ে আবারও নিজের অসন্তোষ প্রকাশ করে ডোনাল্ড ট্রাম্প বলেছেন, নভেম্বরে ভোটের পর জয়ী কে তা জানতে হয়তো কয়েক মাস লেগে যাবে।(বাকি অংশ ২০ পাতায়)

এমসি কলেজ ছাত্রাবাসে গণধর্ষণ প্রধান আসামিসহ গ্রেফতার ৫


ঢাকা ডেস্ক: সিলেটের এমসি কলেজ ছাত্রাবাসে স্বামীকে বেঁধে রেখে স্ত্রীকে গণধর্ষণের ঘটনায় করা মামলার প্রধান আসামি সাইফুর রহমানকে গ্রেফতার করা হয়েছে। রোববার (২৭ সেপ্টেম্বর) সকালে সুনামগঞ্জের ছাতক থেকে তাকে গ্রেফতার করে পুলিশ। ঘটনার পর থেকেই (বাকি অংশ ২০ পাতায়)

ঘৃণার রোগ ছড়িয়ে দিচ্ছেন ট্রাম্প: ইলহান ওমর

বাংলা পত্রিকা ডেস্ক: আমেরিকান মুসলিম কংগ্রেস সদস্য ইলহান ওমর প্রশ্ন রেখে বলেছেন, প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও তার সমর্থকের আমাকে নিয়ে এতে পীড়িত কেন? এটা আমার দেশ এবং আমি প্রতিনিধি পরিষদের (বাকি অংশ ১৪ পাতায়)

বিশ্বের ১০০ প্রভাবশালীর তালিকায় ৮২ বছরের বিলকিস

বাংলা পত্রিকা ডেস্ক: এবার আমেরিকান টাইম ম্যাগাজিনের বিচারে ২৪ জন বিশ্ব নেতাসহ পৃথিবীর ১০০ জন প্রভাবশালী ব্যক্তিত্বদের (বাকি অংশ ২০ পাতায়)

www.banglapatrikausa.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate
76-26 Broadway, Elmhurst, NY 11373

APOLLO BROKERAGE INC
TLC INSURANCE
ব্ল্যাক কার, কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ী ও বিজনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।
মানি ট্রান্সফার, ওয়েস্টার্ন ইউনিয়ন, ডিভিসি, নোটারী পাবলিক, মানি অর্ডার
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE MULTI SERVICES CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।
Late Payments, Tax Liens, Charge Offs, Garnishment, Inquiries, Collections
Call us: 646-775-7008
Mohammed A Kashem
Credit Consultant
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DDS
5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

SUNNATI HAJJ & UMRAH GROUP
Haji trusted since 2000
IATA
All Air Tickets Visa Services
SAUDIA, Emirates, ETIHAD, KUWAIT, American Airlines, QATAR
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA অনুমোদিত
আমরা ARC অনুমোদিত
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $৬৪৯+
আমেরিকার যে কোন ষ্টেট থেকে বাংলাদেশে যাওয়ার জন্য ইন্টারনেটের চাইতে কম দামের গ্যারান্টি দিচ্ছি
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত দেখুন ৯ পাতায়)
KABIR CHOWDHURRY
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES

LOVE WITH CARE IS HUMANITY”

বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office


72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal







BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা
৩-এর পৃষ্ঠা
The Weekly Bangla Patrika
The Weekly Bangla Patrika // Monday //September 28 // 2020

রচেস্টারে প্রথম মহিলা পুলিশ প্রধান



বাংলা পত্রিকা ডেস্ক: রচেস্টারের পুলিশ বিভাগের ইতিহাসে সর্বপ্রথম মহিলা পুলিশ প্রধান হিসেবে নিয়োগ পেলেন সিন্থিয়া হেরিয়ট সালিভান। রচেস্টার মেয়র লাভলী ওয়ারেন ২৭ সেপ্টেম্বর পুলিশ বাহিনীর অন্তর্বর্তীকালীন প্রধান হিসেবে সালিভানকে নিয়োগ দেয়ার কথা ঘোষণা করেছেন।মূলত ২৩ মার্চ পুলিশের হেফাজতে কৃষ্ণকায় ড্যানিয়েল প্রুড নিহত হওয়ার পর থেকে রচেস্টারে বিক্ষোভ এবং অসন্তোষের ঝড়ো হাওয়া বইছে। পরিস্থিতি সামাল দিতে মেয়র ওয়ারেন অভিযুক্ত ৭ পুলিশ কর্মকর্তাকে সাময়িকভাবে বরখাস্ত করেন। এছাড়া পুলিশ প্রধান লারন সিঙ্গেলটারী ও সিটি হলের ২ টি বিভাগের প্রধানদেরও অব্যাহতি দেয়া হয়। কিন্তু পরিস্থিতির সন্তোষজনক উন্নতি না হওয়ায় এবং পুলিশ বিভাগের প্রতি জনমনে আস্থা ফিরিয়ে আনার লক্ষে শেষ পর্যন্ত মেয়র ওয়ারেন পুলিশ বিভাগের অন্তর্বর্তীকালীন প্রধান হিসেবে সালিভানকে নিয়োগ দিয়েছেন। ১৯৮৫ সালে পুলিশ বিভাগে যোগদানকারী কর্মকর্তা সালিভান অসামান্য দক্ষতার সাথে নিজের উপর অর্পিত দায়িত্ব পালন করে সর্বমহলের গ্রহণযোগ্যতা অর্জন করেছেন।



মতিন সরকারের বিদায় সংবর্ধনা

বাংলা পত্রিকা রিপোর্ট: রংধনু সোসাইটি ইউ,এস,এর সাধারই সম্পাদক মতিন সরকারকে বিদায় জানালো পার্কচেস্টারবাসী। গত ২১ সেপ্টেম্বর সোমবার সন্ধ্যায় ব্রঙ্কসের গোল্ডেন প্যালেস পার্টি হলের আউটসাইড এরিয়ার তার বন্ধুরা এই বিদায় অনুষ্ঠানের আয়োজন করে। বিশিস্ট সমাজ কর্মী মোজাফফর হোসেইনের সভাপতিত্বে অনুষ্ঠানটি পরিচালনা করেন এ. ইসলাম মামুন।

সংগঠনের সভাপতি তুষার বলেন, মতিন সরকার ছিলেন সংগঠনের প্রাণ। কিন্তু জীবিকার তাগিদে তিনি আজ আমাদের ছেড়ে টেনেসি রাজ্যে স্থিতু হচ্ছেন। তাকে হারানোর বেদনা বুকে চেপে রেখে প্রার্থনা করি তিনি যেন নতুন এলাকায় নতুন করে জীবন শুরু করতে পারেন।

বিদায়ী অতিথি মতিন সরকার বলেন, জীবিকার তাগিদে দূরে যেতে হলেও মন প্রাণ এখানেই পড়ে থাকবে। আমেরিকার মাটিতে প্রথম পা রেখে এখানে বসবাস শুরুর প্রথম থেকেই বন্ধুরা যেভাবে আমাকে আগলে রেখে ছিলেন তা কখনো-ভুলার নয়। তিনি তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

অনুষ্ঠানে অন্যানের মাঝে বক্তব্য রাখেন বাংলা পত্রিকা'র বার্তা সম্পাদক হাবিবুর রহমান, সাংবাদিক শিবলি চৌধুরী কায়েস ও দিদার চৌধুরী, কমিউনিটি অ্যাক্টিভিস্ট কামরুজ্জামান বাবু, শেফ খলিলুর রহমান, বেলাল ইসলাম, মামুনুর রশীদ, সুমন চৌধুরি,স্বপন তালুকদার, আবু জাফর প্রমুখ। ডিনারের মাধ্যমে অনুষ্ঠানের সমাপ্তি ঘটে।

ব্রঙ্কস হ্যাংগিং গ্রুপের উদ্যোগে ত্রাণ বিতরণ



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের ব্রঙ্কস হ্যাংগিং গ্রুপের উদ্যোগে গত ১৫ সেপ্টেম্বর মঙ্গলবার ব্রঙ্কসের পার্কচেস্টারে ত্রাণ বিতরণ অনুষ্ঠিত হয়। ত্রান বক্সে তৈরিখাবার, মিল্ক এবং নানা পদের ফল মুল ছিলো। ত্রান বিতরণে মীর্জা মামুন রশিদ, ফরিদ আহমদ ভুইয়া, নাসির উল্লাহ, জামাল বক্স, জামাল হোসাইন, মাইনউদ্দীন, মোজাম্মেল হোসেন মোরাদ, সারওয়ার আলী প্রমুখ অংশ নেন। উল্লেখ্য, গ্রুপটি বিভিন্ন সরকারী দফতর থেকে ত্রাণ সংগ্রহ করে নিয়মিত জনগনের মাঝে বিতরণ করে থাকেন।

উল্লেখিত কর্মকান্ডে অংশগ্রহনকারীদের একজন মির্জা মামুন বাংলা পত্রিকা-কে জানান, আমরা কোন সংগঠন করিনা। আমাদের সাথে যারা কাজ করেন তারা বিভিন্ন ধর্ম, মতের মানুষ। মানবিকতার ডাকে সাড়া দিতেই বিভিন্ন প্লাটফর্ম থেকে আমরা একত্রিত হয়েছি। আমরা কিছু মানুষকে সেবা দিতে পারছি এটাই আমাদের স্বার্থকতা।

৯০% আমেরিকান করোনার শিকার


বাংলা পত্রিকা রিপোর্ট:আমেরিকার ২৩ টি স্টেটে করোনার সংক্রমণ বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে সেন্টারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের পরিচালক রবার্ট রেডফিল্ডের আশঙ্কা যে ৯০% আমেরিকানই করোনার ভাইরাসের শিকার। তাই টেস্টিং পদ্ধতিতে গতি সঞ্চার করে সকল আমেরিকানকে টেস্টিংয়ের আওতায় আনার পরামর্শ দিয়েছেন ড. রেডফিল্ড।



এদিকে ইউরোপে নতুন করে করোনার সংক্রমণ আশঙ্কাজনক হারে বৃদ্ধি পেয়েছে। বিশ্ব স্বাস্থ্য সংস্থার মতে গোটা বিশ্বে ৩ কোটি ২৫ লাখ করেনায় আক্রান্ত এবং প্রায় ১০ লাখ মানুষ মারা গেছে। আরব্রাজিলে সর্বমোট ৪৭ লাখ আক্রান্ত এবং ১ লাখ ৪২ হাজার মারা গেছেন। ভারতে করোনায় আক্রান্তের সংখ্যা ৫৪ লাখ অতিক্রম করেছে। জনস হপকিনস বিশ্ববিদ্যালয়ের পরিসংখ্যান অনুসারে আমেরিকায় আক্রান্তের সংখ্যা ৭০ লাখ এবং মৃতের সংখ্যা ২ লাখ ৫ হাজার ছুই ছুই করছে। ক্যালিফোর্নিয়ায় করোনা ভাইরাসে ৮ লক্ষাধিক লোক আক্রান্ত হয়েছে। আর বিশ্ব বিদ্যালয়ের পরিসংখ্যান অনুসারে আমেরিকায় করোনা ভাইরাসে যত লোক আক্রান্ত এবং মারা গেছেন তার ৪০%ই হচ্ছেন ক্যালিফোর্নিয়া, ফ্লোরিডা, টেক্সাস এবং জর্জিয়ার বাসিন্দা। আর সেন্টারস ডিজিজ কন্ট্রোলের মুখপাত্র জেসন ম্যাকডোনাল্ড ২১ সেপ্টেম্বর সিএনএন-এর এক প্রশ্নোত্তরে জানান যে করোনা ভাইরাস বাতাসের মাধ্যমে ছড়াতে পারে এবং মুহূর্তের মাঝে বিস্তীর্ণ এলাকায় ছড়িয়ে পড়তে পারে। তাই বিজ্ঞানীগণ সেন্ট্রারস ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশনের হেলথ গাইডলাইন্সেও সংশোধনী আনয়ন করছে বলে ম্যাকডোনাল্ড জানান। প্রেসিডেন্টের ট্রাম্পের ভ্যাক্সিন প্রধান ড. মনসেফ শায়োউরি জানিয়ে দিয়েছেন যে চলতি অক্টোবর থেকে জানুয়ারির মধ্যে ভ্যাক্সিনের কার্যকারিতা সম্পর্কে পুরোপুরি নিশ্চিত হওয়া যাবে। অন্যদিকে ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশনের সাবেক কমিশনার ড. স্কট গটলিব বলেছেন, ভ্যাক্সিনের কার্যকারিতা সম্পর্কে পুরোপুরি নিশ্চিত না হয়ে এর প্রয়োগ শুরু করা আত্মহননের শামিল হবে।

ট্রাম্পের চেয়ে বাইডেন যুতসই অবস্থানে

বাংলা পত্রিকা রিপোর্ট:: নির্বাচনের দিন-ক্ষণ যতই ঘনিয়ে আসছে প্রেসিডেন্ট ট্রাম্পের পায়ের তলার মাটি আস্তে আস্তে সরে যাচ্ছে এবং বাইডেনের অবস্থান উত্তরোত্তর সুসংহত হচ্ছে। সম্প্রতি প্রকাশিত এবিসি নিউজ/ ওয়াশিংটন পোস্ট জরিপ ফলাফলে বলা হয়েছে: মিনেসোটায় যো বাইডেন প্রেসিডেন্ট ট্রাম্পের তুলনায় ৫৭%-৪১% ব্যবধানে এগিয়ে রয়েছেন। আর সিবিএস নিউজ/ ইউগভ এবং নিউ ইয়র্ক টাইমস/ সিয়েনা জরিপে জাতীয় পর্যায়ে বাইডেন ট্রাম্পের চেয়ে ৭% ব্যবধানে এগিয়ে রয়েছেন।



জিনসবার্গের শূন্য আসনে মনোনয়ন পেলেন ব্যারেট

বাংলা পত্রিকা রিপোর্ট ডেমক্র্যাটদের যুক্তি-তর্ককে আমলে না নিয়ে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২৬ সেপ্টেম্বর শনিবার পূর্ব ঘোষণা মোতাবেক প্রয়াত জাস্টিস রুথ বেডার জিন-সবার্গের শূন্য আসনের জন্য প্রার্থী মনোনীত করেছেন। শিকাগো ভিত্তিক ৭ম সার্কিটের ফেডারেল অ্যাপিলেট জাজ অ্যামী কনী ব্যারেটকে প্রেসিডেন্ট ট্রাম্প সুপ্রিম কোর্টের শূন্য আসনের জন্য মনোনয়ন দিয়েছেন।



ব্যারেটের মনোনয়নের প্রয়োজনী-য়তা বিশেষণকালে প্রেসিডেন্ট ট্রাম্প বলেন, ৩ নভেম্বর অনু-ষ্ঠিতব্য নির্বাচনের পূর্বেই সুপ্রিম কোর্টের ৯টি আসনই পূরণ করা অপরিহার্য।ট্রাম্প বলেন, করোনা মহামারির কারণে সারা দেশে এবং প্রত্যন্ত অঞ্চলে মেইল-ইন ব্যালট প্রেরণ করা হচ্ছে। উক্ত ব্যালটকে কেন্দ্র করে কোন ধরনের অন-াকাঙ্খিত ঘটনার উদ্ভব হলে সুপ্রিম কোর্টকে তার সিদ্ধান্ত প্রদান করতে হবে। তিনি আরও বলেন, অ্যাফোড্যবল কেয়ার অ্যাক্টের ভাগ্যও নির্ধারিত হবে সুপ্রিম কোর্টে।

নটম ডেম ল স্কুল গ্রেজুয়েট ব্যারেট উক্ত বিদ্যালয়ের অধ্যাপকও বটে। ইতোপূর্বে ব্যারেট প্রয়াত রাইট-উইং জাস্টিস অটোরিন স্কালিয়ার ল ক্লার্কের সাথে দক্ষতার সাথে সম্পাদন করেন। প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২০১৭ সালে ব্যারেটকে ৭ম সার্কিট কোর্টে নিয়োগ দিয়েছিলেন এবং অ্যাপীলেট জাজ হিসেবে শিকাগো ছাড়াও ইলিনয়, ইন্ডিয়ানা এবং উইসকনসিনের গুরুত্বপূর্ণ মামলায় বিশেষ অবদান রেখেছিলেন। জুন মাসে পাবলিক চার্জের কারণে গ্রীনকার্ড লাভের পথে অন্তরায় সৃষ্টিকারী একটি আইনের বিরুদ্ধে তিনি সিদ্ধান্ত দিয়ে ব্যাপক সাড়া জাগিয়েছিলেন। জানা যায় যে ১২ অক্টোবর থেকে সিনেটে ব্যারেটের মনোনয়ন চূড়ান্ত করার ব্যাপারে আলোচনা শুরু হবে। এদিকে ডেমক্র্যাটিক হুইপ এবং সিনেট জুডিসিয়ারী কমিটির সদস্য সিনেটর ডিক ডারবিন সিএ-নএন-এর মাইকেল স্মারকনিশকে জানান যে তিনি ব্যারেটের সাথে সাক্ষাতের এবং কনফারমেশন হী-য়ারিংয়ে অংশ নেয়ার পরিকল্পনা করেছেন। অবশ্য কয়েকজন ডেমক্র্যাটিক সিনেটর সাক্ষাৎ না করার কথা জানিয়েছেন।



বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

বাংলা পত্রিকার ২৫ বর্ষে পদার্পণ

বাংলা পত্রিকা। নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার সোমবারের নিয়মিত সপ্তাহিক। বাংলা পত্রিকা এই সপ্তাহে ২৪ বছর পেরিয়ে ২৫ বর্ষে পদার্পণ করলো। বাংলা পত্রিকার নতুন বছরের যাত্রা লগ্নে সকল পাঠক সহ সংশ্লিস্ট সবার প্রতি রইল অনেক অনেক শুভেচ্ছা।

দিন, সপ্তাহ আর মাস পেরিয়ে বাংলা পত্রিকা এখন পুরো যৌবনের সময় অতিক্রম করছে। কবি বলেছেন- 'এখন যৌবন যার যুদ্ধে যাবার সময় তার।' প্রবাসে শক্তিশালী ও ঐক্যবদ্ধ কমিউনিটি, কমিউনিটির সাথে যুক্তরাষ্ট্র তথা উত্তর আমেরিকার মূলধারার সাথে সেতুবন্ধন আর প্রবাসী সহ নতুন প্রজন্মকে সঠিক পথ প্রদর্শনের কঠিন যে সংগ্রাম, যুদ্ধ তাতে বাংলা পত্রিকা রয়েছে এবং থাকবে সবার শীর্ষে। বলার অপেক্ষা রাখে না যে, নানা চড়াই-উৎড়াই পেরিয়ে এগিয়ে চলছে বাংলা পত্রিকা।

বাংলা পত্রিকার যাত্রা পথ সহজ ছিলো না। তারপরও বলতে দ্বিধা নেই যে, নানা সীমবদ্ধতার মধ্যেও এই বিদেশ-বিভুঁইয়ে বাংলাদেশী কমিউনিটি বিনির্মাণে বাংলা পত্রিকা তার ভূমিকা অব্যাহত রেখে চলেছে। অগামী দিনে বাংলা পত্রিকার একই ভূমিকা অব্যাহত থাকবে- এই প্রতিশ্রুতি আমাদের। আরেকটি কথা, বাংলা শুধু উত্তর আমেরিকার বাংলাদেশী কমিউনিটি নয়, যুক্তরাষ্ট্রের সাথে বাংলাদেশ সরকার ও মানুষের সুসম্পর্ক জোরদার ছাড়াও সেতু বন্ধন রচনায়ও উল্লেখযোগ্য অবদান রেখে চলেছে। এটিও আমাদের অন্যতম সফলতা। আমরা চাই সবার সহযোগিতায় বাংলা পত্রিকা তার লক্ষ্য ও উদ্দেশ্য পূরণে অবিচল থাকবে। পাশাপাশি বলার অপেক্ষা রাখে না যে, মহামারী করোনাভাইরাস পরিস্থিতিতেও নানা প্রতিকূলতার মধ্যে বাংলা পত্রিকা কমিউনিটির সেবায় দিক নির্দেশনামূলক ভূমিকা রেখে একটি দায়িত্বশীল মিডিয়া হিসেবে এগিয়ে চলছে।

আমরা জানি সংবাদপত্র সমাজের দর্পন। একটি রাষ্ট্রের চতুর্থ স্তম্ভ। দেশ ও মানুষের মৌলিক অধিকার প্রতিষ্ঠার সেই বাণী বহন করেই বাংলা পত্রিকা বাংলাদেশী কমিনিটির দর্পণ হিসেবে এগিয়ে চলেছে, এগিয়ে যাবে। বাংলা পত্রিকা'র পথ চলায় সংশ্লিষ্ট সবার সহযোগিতা অব্যাহত থাকবে এই আমাদের প্রত্যাশা।

সংশোধিত আমেরিকা দেখব কি?

গৌতম দাস

গ্লোবাল নেতৃত্ব বিশেষত গ্লোবাল অর্থনৈতিক নেতা হওয়ার লড়াই এবার তুঙ্গে উঠতে যাচ্ছে। এটা ফাইনাল লড়াইও হয়ে ওঠার লক্ষণ সম্পন্ন। আমেরিকার আসন্ন নভেম্বর নির্বাচনের জন্যই যেন সবাই অপেক্ষা করছে, আর রাষ্ট্র হিসেবে আমেরিকা মরণপণ লড়াইয়ের প্রস্তুতি নিচ্ছে। মোটাদাগে এই লড়াই হবে বাই-পার্টিজান। মানে ডেমোক্র্যাট-রিপাবলিকান দু'দলই এমন লড়াইয়ের পক্ষে, যদিও নির্বাচনে যে জিতবে সে নিজের কায়দায় ও কৌশলে এ লড়াইয়ে নামবে ও নেতৃত্ব দেবে, ফারাক শুধু এখানেই। কিন্তু তবু দু'দলে আরেকটা মিল আছে। সেটি হলো, খোদ আমেরিকাকে এ দুই দল যেন চাইলেই গ্লোবাল নেতৃত্ব বজায় রাখতে পারবে। 'আমি সরব না' বললেই যেন গ্লোবাল এম্পায়ারের নেতার আসন ধরে রাখা যায়। যেমন অনেককে আবার দেখছি সামরিক শক্তির বিচারে চীন আমেরিকার কত পেছনে সেটি মেপে দেখিয়ে দাবি করছে, আমেরিকাকে কেউ নেতাচ্যুত করতে পারবে না। তাহলে সোজা আরেক কমন দিক হলো, এ দু'দলই মনে করে– গ্লোবাল এম্পায়ারের নেতা থাকার ব্যাপারটা আমেরিকার ইচ্ছা।

অথচ কেউ আর চাইলেও যেন গ্লোবাল লিডার বা এম্পায়ারের ভূমিকায় আমেরিকাকে রাখতে পারছে না বা চাইছে না, এটাই হলো বাস্তবতা। যে আমেরিকা আগে নিজেই ছিল গ্লোবাল নেতা, অর্থনৈতিক গ্লোবালাইজেশনের লিডার, পণ্য বিনময় ব্যাপকভাবে দুনিয়ার কোণে কোণে ছড়িয়ে এক গ্লোবাল বিনিময় লেনদেনের ব্যবস্থা বা অর্ডার গড়ে তোলা ছিল যার লক্ষ্য, সেই আমেরিকা এখন ফিরে গ্লোবালাইজেশনের লিডার হওয়া ছেড়ে বুড়ো বয়সে এসে কেবল 'আমেরিকান জাতির' নেতা হওয়ার চেষ্টা শুরু করেছে যেটা অবশ্যই ব্যর্থ হবে। কারণ যে দুনিয়া একবার কথিত 'জাতি' থেকে গ্লোবালাইজড বিনিময়ের এক ব্যবস্থা বা অর্ডারে ঢুকে গেছে সে আর ফিরে ঘরোয়া একা একা নিজ সীমানার 'জাতি ব্যবস্থায়' ফিরে যাবে না, পারবে না। তবু 'জাতি ব্যবস্থায়' ফিরে যাওয়ার চেষ্টা ট্রাম্পের গত চার বছরের তৎপরতার প্রত্যক্ষ ফসল। শুধু তাই নয়, এতে কিছু কিছু ক্ষেত্রে অবস্থা এমন জায়গায় চলে গেছে যে, বাইডেন জিতলেও ট্রাম্পের এক্সিকিউটিভ অর্ডার বা পলিসিগুলো আর বদলাতে বা পুরনো জায়গায় নিতে পারবেন না। বাইডেনকে ট্রাম্পের কাম-আকাম সবই অনুসরণ করে যেতে হবে। আর এভাবেই যেন আমেরিকা ক্রমশ শেষ হয়ে যেতে চাওয়ার রাস্তায় উঠে গেছে; শেষ দিনগুলোতে যতদিন না গ্লোবাল নেতা

> আমেরিকার জন্য বাস্তব অসুবিধা হলো, কেউ গ্লোবাল অর্থনৈতিক নেতা হবে কি না এটা তার নিজের খেয়ালে নেয়া ইচ্ছায় সিদ্ধান্তের ইস্যু নয়। অন্যভাবে সরাসরি বললে, মূল কথাটা হলো– অর্থনৈতিক কারণে কোনো রাষ্ট্র যখন গ্লোবাল সারপ্লাস সঞ্চয় বা পুঞ্জীভবনের কেন্দ্র হয়ে দাঁড়ায়, এটাই সেই পূর্বশর্ত যে, সে গ্লোবাল অর্থনৈতিক নেতা হচ্ছে কি না।

আমেরিকা এভাবে ক্ষয়ে ক্ষয়ে নিজেকে বিলীন হওয়ার দিকে নিয়ে চলে যায়। চলতি সপ্তাহের 'ইকোনমিস্ট' ট্রাম্পের এমন নীতিগুলোর একটা তালিকা তৈরি করে রেখেছে।

আমেরিকার জন্য বাস্তব অসুবিধা হলো, কেউ গ্লোবাল অর্থনৈতিক নেতা হবে কি না এটা তার নিজের খেয়ালে নেয়া ইচ্ছায় সিদ্ধান্তের ইস্যু নয়। অন্যভাবে সরাসরি বললে, মূল কথাটা হলো– অর্থনৈতিক কারণে কোনো রাষ্ট্র যখন গ্লোবাল সারপ্লাস সঞ্চয় বা পুঞ্জীভবনের কেন্দ্র হয়ে দাঁড়ায়, এটাই সেই পূর্বশর্ত যে, সে গ্লোবাল অর্থনৈতিক নেতা হচ্ছে কি না।

যেমন ধরা যাক, আমেরিকা এখন খুবই আগ্রাসী হয়ে ইন্দো-প্যাসিফিক জোটের কথা বলে এগিয়ে আসছে। সম্ভবত সেটি ভারত যতটা ঘনিষ্ঠ হয়ে মাঠে আমেরিকাকে পেতে আকাঙ্ক্ষা করে, এর চেয়েও আগ্রাসীভাবে। কিন্তু তবু মোদি চীনের সাথে আপস করতেই ছুটে চলে গেলেন। কেন?

কারণ নরেন্দ্র মোদি জানেন তার দরকার এখন বিনিয়োগ-অবকাঠামো আর এফডিআই দুটোই। যার একটা, এফডিআই আমেরিকা হয়তো দিতে সক্ষম এমন বিশেষ সুবিধার শর্তে যে, আমেরিকান ব্যবসায়ীদেরই সরাসরি ব্যবসা, কারখানায় আসতে দিতে হবে। আর প্রথমটা অবকাঠামো বিনিয়োগ, এখানে আমেরিকা অপারগ। কাজেই এই আমেরিকাকে নিয়ে মোদি কী করবেন? কোন কাজে আসবে?

অর্থাৎ এই আমেরিকা আর গ্লোবাল নেতা নয়। এটা আমেরিকা মুখে দাবি করলেও হচ্ছে না। মোদির আমেরিকার প্রতি আকাঙ্ক্ষা থাকলেও তা কাজে আসছে না। আমেরিকায় যারা এটা মানছে না এরাই অসম্ভব জিনিসটা মেনে নিতে না পেরে পরিস্থিতিকে যুদ্ধের দিকে ঠেলে দিয়ে নিজেদের ও দুনিয়াকে আরো দুস্থ অবস্থায় ফেলে দিতে পারে।

লন্ডন ইকোনমিস্ট সাপ্তাহিক ম্যাগাজিন বাংলাদেশ নিয়ে এক আর্টিকেল ছেপেছে। শিরোনাম– 'ভারতের সাথে বাংলাদেশের সম্পর্ক দুর্বল বলে চীনের সাথে বন্ধন শক্তিশালী হচ্ছে'। লেখাটায় কোনো লেখকের নাম নেই। যদিও লেখা পড়ে মনে হয়, প্রো-ইন্ডিয়ান বাংলাদেশের কোনো সাংবাদিকের সহযোগিতায় কোনো ইন্ডিয়ান বা পশ্চিমা সাংবাদিক এটি লিখেছেন। এই লেখক বাংলাদেশের সাথে ভারতের সম্পর্ক কেন দুর্বল হলো বা চীনের সাথে কেন সবল হলো এর কোনো ব্যাখ্যা দেননি। এমনকি তিনি ধরে নিয়েছেন, ভারতের সাথে এখন যে সম্পর্ক দুর্বল হয়ে গেছে বলছেন তা আগে এটা সবল ছিল। কিন্তু এটা সবল ছিল কেন অথবা কবে থেকে সবল ছিল এরও কোনো ব্যাখ্যা দেয়া নেই এখানে। তবে পুরো রিপোর্টে একটা দুঃখবোধ চার দিকে ছড়িয়ে আছে যে, ভারতের সাথে সম্পর্কটা ঢিলা হয়ে গেছে।

আবার লেখার শুরুর প্যারায় প্রসঙ্গ হলো সিলেটের এয়ারপোর্ট নির্মাণের টেন্ডারে ভারতের এক কোম্পানি হেরে গেছে, চীনের এক কোম্পানি কাজ পেয়েছে। কিন্তু এটা কী করে চীন বা ভারতের সাথে সম্পর্কের দুর্বল বা সবল হওয়ার উদাহরণ হয়? এটা লেখক বলেননি। টেন্ডারে হেরে গেলে কার কী করার আছে? এটা তো বাংলাদেশের কারো সাথে সম্পর্ক সবল নাকি দুর্বল এর প্রমাণ হতে পারে না। পাঠকদের মনে এই প্রশ্ন থেকেই যাবে।

আবার বলা হয়েছে, গত জুন মাসে চীন বাংলাদেশের আমদানিতে ৯৭ ভাগ পণ্যে ডিউটি ফ্রি সুযোগ দিয়েছে। অথচ বটম লাইন হলো, এটাও ঠিক এখন দেয়া সুবিধা নয়। এসব প্রস্তাব দেয়া হয়েছিল ২০১০ সালে 'কম্প্রিহেনসিভ কো-অপারেশন' নামে যে আলাপ শুরু হয়েছিল শেখ হাসিনার প্রথম চীন সফরের সময় থেকে, এতে ২০১২ সালে এ নিয়ে ডেইলি স্টারে চীনা রাষ্ট্রদূতের বিস্তারিত সাক্ষাতকার ও রিপোর্ট ছাপা হয়েছিল। সেসব চীনা প্রস্তাব এই প্রথম কিছুটা কার্যকর করা হয়েছে, এই আর কি। এ ছাড়াও ওই লেখায় বলা হয়েছে– বাংলাদেশে কিভাবে ভারতের দখলদারসুলভ দম্ভ ও খারাপ আচরণে বাংলাদেশীদের (বাকি অংশ ১৪ পাতায়)

ফিলিস্তিনিদের বুকে পদাঘাত

মেজর জেনারেল মোহাম্মদ আলী শিকদার (অব.)

১৫ সেপ্টেম্বর, মঙ্গলবার। স্থান আমেরিকার প্রেসিডেন্টের দপ্তর হোয়াইট হাউস। এদিন দুই আরব রাষ্ট্র–সংযুক্ত আরব আমিরাত (ইউএই) ও বাহরাইন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের পৌরোহিত্যে স্বীকৃতি প্রদানসহ ইসরায়েলের সঙ্গে চুক্তি স্বাক্ষর করল, যার নাম দেওয়া হয়েছে শান্তিচুক্তি। এই চুক্তিকে শান্তিচুক্তি নাম দেওয়া হলো কেন তার কোনো যৌক্তিকতা কেউ খুঁজে পাচ্ছে না। কারণ ইউএই ও বাহরাইনের সঙ্গে ইসরায়েলের অমীমাংসিত কোনো ইস্যু যেমন কখনো ছিল না, তেমনি তারা পরস্পরের সঙ্গে যুদ্ধেও কখনো লিপ্ত হয়নি। বরং ব্যবসা-বাণিজ্যসহ সব কর্মকান্ড পরস্পরের মধ্যে যেটি এত দিন ধরে অনানুষ্ঠানিকভাবে পূর্ণমাত্রায় চলছিল সেটিকে শুধু আনুষ্ঠানিক করা হলো, এই যা। এতে কিছুরই কোনো পরিবর্তন হবে না। প্রকৃত অর্থে এর মাধ্যমে লাভ হতে পারে ডোনাল্ড ট্রাম্প ও নেতানিয়াহুর, যাঁরা নিজ নিজ দেশে এখন কঠিন রাজনৈতিক পরীক্ষার সম্মুখীন। আর ইউএই ও বাহরাইনের শাসকগোষ্ঠী নিশ্চিত হলো, ১৯৮৮ সালে মালদ্বীপের অভ্যন্তরীণ বিদ্রোহীরা প্রেসিডেন্ট মামুন আবদুল গাইয়ুমকে গদি থেকে উত্খাত করতে গেলে ভারতীয় সেনাবাহিনী যেমন তাঁকে রক্ষা করেছিল, তেমনি সে রকম ঘটলে আমেরিকার সেনাবাহিনী দুই রাজতন্ত্রকে রক্ষা করবে। তবে ফিলিস্তিনি জনগণ, যারা জাতে আরব তাদের ওপর ইসরায়েল ৭২ বছর ধরে যে সীমাহীন অন্যায়, অবিচার ও নির্যাতন চালিয়ে আসছে তার বিরুদ্ধে সমগ্র আরব জাতির ঐক্যবদ্ধ প্রতীকী একটা প্রতিবাদ এত দিন ছিল, এই চুক্তির মাধ্যমে সেটির শবযাত্রা শুরু এবং ফিলিস্তিনি জনগণের আশার বুকে চরম একটা পদাঘাত হলো। তারপর চুক্তিটি যে সময়, পরিবেশ ও সাংস্কৃতিক আবহে হলো তাতে এটিকে আরব জাতির সমৃদ্ধ ঐতিহ্য ও সংস্কৃতির সম্পূর্ণ আত্মসমর্পণ হিসেবে দেখছেন আরব বুদ্ধিজীবীরা।

শুধু মধ্যপ্রাচ্য বা আরবে নয়, ১৯৪৮ সাল থেকে সমগ্র পশ্চিম এশিয়া ও উত্তর আফ্রিকায় যত রকম যুদ্ধবিগ্রহসহ জঙ্গি সন্ত্রাসের উত্থান এবং রক্তপাত ঘটেছে তার মূল প্রেক্ষাপট তৈরিতে কাজ করেছে ফিলিস্তিনি জনগণের দুঃখ, বেদনা ও বঞ্চনার নির্মম করুণ ইতিহাস। তাই সেই সমস্যা সমাধানের কথা যেখানে নেই, যেখানে ফিলিস্তিনি জনগণের সামান্য মতামতের তোয়াক্কা পর্যন্ত করা হয়নি, সেটিকে শান্তিচুক্তি বলে চালানোর উদ্দেশ্য অন্য যা-ই হোক, তাতে মধ্যপ্রাচ্যে শান্তির কোনো পরিবেশ যে সৃষ্টি করবে না, সেটি নিশ্চিত করে বলা যায়। এরপর ওমান, কুয়েত, সুদান ও সৌদি আরব হয়তো একই পথে হাঁটবে। তাতে ফিলিস্তিন অনেকখানি চাপে পড়বে, এ কথা সত্য। কিন্তু ৭২ বছর ধরে যা ঘটছে, লাখ লাখ ফিলিস্তিনিকে শরণার্থী হিসেবে ভাসমান রেখে এবং আরো প্রায় অর্ধকোটিকে ইসরায়েলের করুণার ওপর রেখে শান্তি প্রতিষ্ঠা হবে না, এ কথা সবাই জানেন। তার পরও মঞ্চের দুই প্রধান অভিনেতা নেতানিয়াহু ও ট্রাম্পের জন্য এই নাটকের প্রয়োজন হয়ে পড়ে, যার কারণ একটু আগেই উল্লেখ করেছি। নেতানিয়াহু অভ্যন্তরীণ রাজনীতিতে এখন ডিমোক্রিসের তরবারির নিচে আছেন, তার সঙ্গে



৩ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচনে এখন পর্যন্ত সব জরিপই বলছে, ট্রাম্পের কোনো আশা নেই। তাই এটিকে বিরাট সাফল্য হিসেবে তুলে ধরার প্রচার এখন তুঙ্গে আছে। আমেরিকার রাজনীতি ও নির্বাচনে ইহুদি লবি প্রচন্ড শক্তিশালী। গত সাড়ে তিন বছর ইহুদি লবিকে খুশি করার জন্য ট্রাম্প ইসরায়েলের পক্ষে যা করা সম্ভব তার সব কিছুই করেছেন। বিশ্বের সব জনমত, এমনকি ইউরোপীয় মিত্রদের পরামর্শকে ছুড়ে ফেলে দিয়ে জেরুজালেমকে ইসরায়েলের রাজধানী হিসেবে স্বীকৃতি দিয়েছেন এবং যুক্তরাষ্ট্রের দূতাবাস তেল আবিব থেকে জেরুজালেমে স্থানান্তর করেছেন। এখন শেষ রক্ষা হিসেবে পরম মিত্র সৌদি রাজতন্ত্রের কৃপায় শান্তিচুক্তির নাটকটি ট্রাম্প সুন্দরভাবে মঞ্চস্থ করেছেন। অন্যদিকে সৌদি রাজতন্ত্রও সাংবাদিক জামাল খাশোগি হত্যাকান্ড নিয়ে বিপাকে আছে। ডেমোক্র্যাট সংখ্যাগরিষ্ঠ কংগ্রেসের আঙুল উঠেছে যুবরাজ মুহম্মদ বিন সালমানের দিকে। সুতরাং ডেমোক্র্যাটদলীয় প্রেসিডেন্ট হোয়াইট হাউসে আসীন হওয়া সৌদি রাজপরিবারের জন্য শঙ্কার কারণ হতে পারে। আলোচ্য চুক্তি এবং একই পথে আরো দু-একটি আরব রাষ্ট্র গেলেও তাতে মধ্যপ্রাচ্যে শান্তি যে আসবে না তার আরো কিছু ব্যাখ্যা-বিশ্লেষণ তুলে ধরি। পশ্চিম তীর, গাজাসহ ছয় হাজার ২০ বর্গকিলোমিটার জায়গায় ফিলিস্তিন কর্তৃপক্ষ কোনো রকমে একপ্রকার স্বায়ত্তশাসন চালাচ্ছে। এই জায়গার মধ্যে আবার প্রায় ২৫ লাখ ইহুদি ইসরায়েলের পুনর্বাসন প্রকল্পের আওতায় বসবাস করছে। অন্যদিকে ইসরায়েলের আওতায় আছে প্রায় সাড়ে ২০ হাজার বর্গকিলোমিটার ভূমি। নেতানিয়াহু সম্প্রতি হুমকি দিয়েছিলেন, সম্পূর্ণ পশ্চিম তীর তিনি ইসরায়েলের সঙ্গে সংযুক্ত করবেন। এই সংযুক্তির হুমকি স্থগিত করেছেন, বাতিল নয়; তাতেই আমিরাত ও বাহরাইনের পররাষ্ট্রমন্ত্রীদ্বয় সেদিন প্রধানমন্ত্রী নেতানিয়াহুর প্রশংসায় পঞ্চমুখ হয়ে এটাকে আরব জনগণের বিশাল বিজয় হিসেবে তুলে ধরেছেন। ক্ষমতার জোরে দুনিয়ার তাবত মানুষকে বোকা ঠাওরাচ্ছেন আর কি। আরেকটু বড় হুমকি দিয়ে এবং সেটা আবার স্থগিত করার নামে সৌদি আরবের সঙ্গে একই চুক্তি হয়তো করতে পারবে ইসরায়েল। কিন্তু ১৯৬৭ সালে দখলকৃত পশ্চিম তীরের সব জায়গা ইসরায়েল ছেড়ে না দিলে টেকসই স্বাধীন-সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্র কখনো হবে না, স্থায়ী শান্তিও কোনো দিন আসবে না। ফিলিস্তিনের জনগণ নিজেদের বিলুপ্তির পরিকল্পনা মেনে নেবে বলে মনে হয় না। হাজার বছর ধরে বসবাসরত ভূখন্ড থেকে ফিলিস্তিনিদের ১৯৪৮ সালে শুধু পশ্চিমা বিশ্বের সামরিক শক্তির দ্বারা উৎখাত এবং সেখানে ইসরায়েল রাষ্ট্র প্রতিষ্ঠা করা হলো। সেই থেকে আজ পর্যন্ত প্রায় ৭২ বছর ধরে কয়েক লাখ মানুষ, তাদের প্রজন্ম থেকে প্রজন্ম জর্দানসহ পার্শ্ববর্তী দেশসমূহে ভাসমান জীবন যাপন করছে, তাদের কথা কোথাও উল্লেখ নেই।

দ্বিতীয়ত, ১৯৪৮ সালে সর্বসম্মতিতে গৃহীত জাতিসংঘের (বাকি অংশ ১২ পাতায়)

নামাজের সময়-সূচী

সেপ্টম্ব/অক্টো	২৮	২৯	৩০	১	২	৩	৪
ফজর	৫.৩৮	৫.৩৯	৫.৪০	৫.৪১	৫.৪৩	৫.৪৪	৫.৪৫
সূর্যোদয়	৬.৫২	৬.৫৩	৬.৫৪	৬.৫৫	৬.৫৬	৬.৫৭	৬.৫৮
জোহর	১২.৪৬	১২.৪৬	১২.৪৬	১২.৪৫	১২.৪৫	১২.৪৫	১২.৪৪
আসর	৪.৫৪	৪.৫২	৪.৫১	৪.৪৯	৪.৪৮	৪.৪৬	৪.৪৫
মাগরিব	৬.৩৯	৬.৩৮	৬.৩৬	৬.৩৪	৬.৩৩	৬.৩১	৬.৩০
এশা	৭.৫৪	৭.৫২	৭.৫১	৭.৪৯	৭.৪৭	৭.৪৬	৭.৪৪

দ্য গার্ডিয়ানে শেখ হাসিনার নিবন্ধ

জলবায়ু ও করোনা বিশ্বের সবচেয়ে বড় হুমকি

বাংলা পত্রিকা ডেস্ক: প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, জলবায়ু পরিবর্তন ও করোনা মহামারী বর্তমানে বিশ্বের সবচেয়ে বড় হুমকি। তিনি এ সংকট মোকাবেলায় ঐক্যবদ্ধ বৈশ্বিক কর্মপরিকল্পনা গ্রহণের আহবান জানিয়েছেন। ব্রিটিশ গণমাধ্যম দ্য গার্ডিয়ানে লেখা এক নিবন্ধে এমন আহবান জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সংবাদপত্রটির বিশেষ আয়োজন 'হান্ড্রেড ডেইজ টু সেভ দ্য আর্থ'-এর অংশ হিসেবে মঙ্গলবার (২২ সেপ্টেম্বর) বাংলাদেশের প্রধানমন্ত্রীর নিবন্ধটি প্রকাশিত হয়েছে। বিশ্বে যে দেশগুলো জলবায়ু পরিবর্তনের কারণে সবচেয়ে বেশি ঝুঁকিতে আছে, বাংলাদেশ রয়েছে সেই তালিকার একেবারে সামনের সারিতে। আর বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা এখন ক্লাইমেট ভালনারেবল ফোরামের প্রধান।

'আ থার্ড অব মাই কান্ট্রি ওয়াজ জাস্ট আন্ডার ওয়াটার। দ্য ওয়ার্ল্ড মাস্ট অ্যাক্ট অন ক্লাইমেট' শিরোনামে ওই নিবন্ধে শেখ হাসিনা আপাতদৃষ্টিতে নিরাপদে থাকা দেশগুলোকে মনে করিয়ে দিয়েছেন, জলবায়ু পরিবর্তনের ঝুঁকি সত্যি হলে তারাও বেশিদিন নিরাপদে থাকতে পারবে না।

নিবন্ধে প্রধানমন্ত্রী লিখেছেন, গত মাসেও আমার দেশের এক-তৃতীয়াংশ ছিল পানির নিচে। প্রায় এক দশকের মধ্যে সবচেয়ে বেশি বৃষ্টি হয়েছে এবার, বর্ষা এখনও শেষ হয়নি। ১৫ লাখের বেশি বাংলাদেশী (বন্যায়) ঘর হারিয়েছে, হাজার হাজার হেক্টর ধানের জমি ভেসে গেছে। আমার দেশে এ বছর লাখ লাখ মানুষের খাদ্য সহায়তার দরকার হবে। বিপদ কখনও একা আসে না। মে মাসে ঘূর্ণিঝড় আম্পানের ব্যাপক ধ্বংসযজ্ঞের পর এলো বন্যা। তাতে করোনাভাইরাসের সংক্রমণ রোধ করা আরও কঠিন হয়ে গেল। ঘূর্ণিঝড়ের সময় ঝুঁকিতে থাকা এলাকা থেকে ২৪ লাখ মানুষকে আমাদের সরিয়ে নিতে হয়েছে, আর তা করতে হয়েছে তাদের কোভিড-১৯ এর আরও বড় ঝুঁকিতে না ফেলে। আপাতত সংক্রমণ আর মৃত্যুহার সীমিত রাখা সম্ভব হলেও যতক্ষণ পর্যন্ত এ রোগ থেকে কার্যকর সুরক্ষার একটি উপায় পাওয়া না যাচ্ছে, ততক্ষণ নিশ্চিন্ত হওয়ার উপায় নেই। অর্থনৈতিক কর্মকান্ড বন্ধ রাখতে হওয়ায় আমাদের তৈরি পোশাক খাত এবং রফতানি আয় বড় ধাক্কা খেয়েছে। হাজার হাজার প্রবাসী কর্মীকে দেশে ফিরে আসতে হয়েছে, তাদের একটি বড় অংশ এখনও কাজ জোটাতে পারেনি।

জলবায়ু পরিবর্তনের কারণে ঝুঁকিতে থাকা অন্য সব দেশের মতো বাংলাদেশকেও এখন লড়তে হচ্ছে জীবন বাঁচানোর জন্য। স্বাস্থ্য ব্যবস্থায় বিনিয়োগ বাড়াতে হচ্ছে, আর্থিক ক্ষতি সামাল দিতে কোটি কোটি মানুষকে সাহায্য করতে হচ্ছে। আর এর সবকিছুর সঙ্গে এটাও দেখতে হচ্ছে- অর্থনীতি যেন ধসে না পড়ে। আমি সাহায্য পাওয়ার জন্য এসব বলছি না, বলছি সতর্ক করার জন্য। অনেক দেশ হয়তো জলবায়ু সংকটে এতটা ঝুঁকির মধ্যে নেই। কিন্তু দীর্ঘমেয়াদে এই বিধ্বংসী শক্তিকে এড়ানো তাদের পক্ষেও সম্ভব হবে না। আমাদের চেয়ে যারা ভাগ্যবান, সেসব দেশের খুব ভালো করে দেখা উচিত- কীসের মধ্য দিয়ে আমরা যাচ্ছি।

সাম্প্রতিক গবেষণা বলছে, সমুদ্রপৃষ্ঠের উচ্চতা এভাবে বাড়তে থাকলে এই শতকের মাঝামাঝি সময়েই পৃথিবীর নিচু এলাকাগুলোর শতকোটি মানুষকে বাস্তুহারা হতে হবে। সেরকম একটি বিপর্যয় এড়ানোর জন্য বিশ্বের মানুষ কি সময়মতো উদ্যোগী হবে?

জলবায়ু পরিবর্তন আর কোভিড-১৯ আজকের বিশ্বের জন্য বড় হুমকি, দুটোরই ফলাফল অনুমান করা সম্ভব। কাজেই এসব ঝুঁকি কমিয়ে আনার জন্য আমাদের আরও বেশি উদ্যোগী হতে পারা উচিত ছিল। কিন্তু বিপদ যখন ঘাড়ের উপর এসে পড়েছে, তখন আন্তর্জাতিক সমন্বয়ের মাধ্যমে একসঙ্গে এর মোকাবেলা করাই সবচেয়ে ভালো উপায়, তাতে কোনো সন্দেহ নেই। জলবায়ু সংকট আর মহামারী- দুটোই জটিল সমস্যা, এগুলোর প্রভাব বহুমুখী। হয় সবাই মিলে এর সমাধান করতে হবে, না হয় কোনো সমাধানই হবে না।

কোনো একটি দেশ যদি শুধু নিজেদের জন্য কোভিড-১৯ ভ্যাকসিন তৈরি করতে বিলিয়ন বিলিয়ন ডলারও খরচ করে, তাতে সুফল আসবে না যদি অন্য দেশে মহামারী বেড়ে চলে। ঠিক একইভাবে বিশ্বের অধিকাংশ দেশ কার্বন গ্যাস নিঃসরণেন লাগাম টেনে পরিবেশবান্ধব অর্থনীতি গড়ে তুললেও তাতে কাজ হবে না, যদি বিশ্বের সবচেয়ে বেশি গ্যাস নিঃসরণকারী দেশগুলো একই পথ অনুসরণ না করে। বিশ্বে যে পরিমাণ কার্বন গ্যাস নিঃসরণ হয়, তার ৮০ শতাংশের জন্য দায়ী জি টোয়েন্টি (শিল্পোন্নত) দেশগুলো। আর বিত্তের বিচারে তালিকার নিচের ১০০ দেশ সব মিলিয়ে ৩.৫ শতাংশ নিঃসরণের জন্য দায়ী।

আজকের জলবায়ু সংকট মোকাবেলায় পৃথিবী সফল হতে পারবে না যদি প্রত্যেকে যথেষ্ট মাত্রায় সক্রিয় না হয়।

বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির হার নির্দিষ্ট সীমায় বেঁধে রাখতে চাইলে, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাবগুলো কমিয়ে আনতে চাইলে এখন পর্যন্ত আমাদের হাতে থাকা সবচেয়ে ভালো সুযোগ হল ২০১৫ সালের প্যারিস জলবায়ু চুক্তির বাস্তবায়ন। এ পর্যন্ত বিশ্বের ১৮৯টি দেশ ওই চুক্তিতে অনুস্বাক্ষর করেছে। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির হার প্রাক শিল্পায়ন যুগের চেয়ে ২ ডিগ্রি সেলসিয়াসের বেশি যেন না হতে পারে, সেজন্য নিঃসরণের মাত্রা সম্মিলিতভাবে কমিয়ে আনার অঙ্গীকার করা হয়েছে ওই চুক্তিতে। আর সম্ভব হলে তা ১.৫ ডিগ্রি সেলসিয়াসের মধ্যে রাখার চেষ্টা করার কথা বলা হয়েছে।

নিবন্ধে শেখ হাসিনা আরও লেখেন, দ্বিতীয় ওই লক্ষ্য, যেটা আরও উচ্চাভিলাষী, তার প্রস্তাব করা হয়েছিল ক্লাইমেট ভালনারেবল ফোরামের (সিভিএফ) পক্ষ থেকে, বর্তমানে আমি যার প্রধান। বৈশ্বিক উষ্ণতা বৃদ্ধির জন্য অন্যায়ভাবে বেশি ক্ষতির মুখে পড়ছে- এমন ৪৮টি দেশ এই ফোরামের সদস্য, বাংলাদেশ তার একটি। জলবায়ু ঝুঁকি প্রশমন ও অভিযোজনের উদ্যোগ



নেয়ার ক্ষেত্রে সিভিএফ দেশগুলোই সামনের কাতারে রয়েছে, মজবুত সাইক্লোন শেল্টার নির্মাণ এবং উপকূলীয় এলাকার বাসিন্দাদের জলোচ্ছ্বাস থেকে রক্ষার জন্য নতুন করে ম্যানগ্রোভ বনায়ন সৃষ্টির উদ্যোগকে তারা উৎসাহ দিয়ে যাচ্ছে। আর এ কাজের স্বীকৃতি হিসেবে গোবাল সেন্টার অন অ্যাডপটেশন এ মাসেই ঢাকায় তাদের অফিস খুলতে যাচ্ছে, যাতে এই কাজগুলো পুরো দক্ষিণ এশিয়ায় ছড়িয়ে দেয়া যায়।

বিশ্বের সবচেয়ে দরিদ্র দেশগুলো, যারা জলবায়ু সংকটে সবচেয়ে বেশি ঝুঁকির মুখে রয়েছে, এই দরকষাকষিতে তারা আমাদের পাশে আছে। ২০২০ সালের সাসটেইনেবল ডেভেলপমেন্ট রিপোর্ট অনুযায়ী, আফ্রিকার ৪৩টি দেশ এবং এশিয়া ও লাতিন আমেরিকার আরও বহু দেশ জলবায়ু সংকটে প্রতিশ্রুত লক্ষ্য পূরণে (ক্লাইমেট অ্যাকশন গোল) সক্ষম হয়েছে, যা বিশ্বের ধনী দেশগুলো পারেনি। জলবায়ু ঝুঁকি মোকাবেলায় আন্তর্জাতিক যে তহবিল এ পর্যন্ত পাওয়া গেছে, তা প্রয়োজনের তুলনায় অনেক কম। তাছাড়া আরও উচ্চাভিলাষী নতুন কোনো উদ্যোগ নেয়া হলেও তা কার্যকর করা যাবে না যদি বড় দেশগুলো এর নেতৃত্বে এগিয়ে না আসে, বিশ্বমানের প্রযুক্তি আর এ পর্যন্ত হওয়া যুগান্তকারী গবেষণাগুলোর সুফল যদি সবার হাতে না পৌঁছায়।

প্রত্যাশার আকাশ যদি আজ আমরা প্রসারিত না করি, আমাদের সবাইকে হারতে হবে। কার্বন নিঃসরণ কমিয়ে আনার প্রযুক্তি উদ্ভাবন এবং জলবায়ু ঝুঁকি কমিয়ে আনার কাজে যত বেশি দেশ আর কোম্পানিকে যুক্ত করা সম্ভব হবে, অর্থনীতিকে তত বেশি অভিযোজনক্ষম, টেকসই ও প্রতিযোগিতায় সক্ষম করে গড়ে তোলার সুযোগ হবে। জাতিসংঘের আগামী জলবায়ু সম্মেলনে প্রতিটি দেশকে তাদের নিজ নিজ ভূমিকা বাড়ানোর প্রতিশ্রুতি দিতে হবে; আর কেবল তখনই আমরা অন্যসব সমস্যা মোকাবেলা করার আশা পাব, যেসব সমস্যা আমাদের সবার অস্তিত্বকে ঝুঁকিতে ফেলছে।

কনগ্রেশনাল প্রক্লেমেশনপ্রাপ্ত, এক্সিডেন্ট কেইসেস ও ইমিগ্রেশন বিষয়ে অভিজ্ঞ যুক্তরাষ্ট্র সুপ্রিম কোর্টের এটর্নী এট ল'



এটর্নী মঈন চৌধুরী

Moin Choudhury, Esq.

Hon. Democratic District Leader at Large, Queens, NY

মাননীয় ডেমোক্রেটিক ডিস্ট্রিক্ট লিডার এট লার্জ, কুইন্স, নিউইয়র্ক।

সাবেক ট্রাষ্টি বোর্ড সদস্য-বাংলাদেশ সোসাইটি, ইন্‌ক.

917-282-9256

Email: moinlaw@gmail.com

Moin Choudhury, Esq

Moin Choudhury is admitted in the United States Supreme Court and MI State only. Also admitted in the U.S. Court of International Trade located in NYC



Timothy Bompart
Attorney at Law

এক্সিডেন্ট কেইসেস

বিনামূল্যে পরামর্শ

কনস্ট্রাকশন কাজে দূর্ঘটনা

গাড়ী/ বিল্ডিং এ দূর্ঘটনা/ হাসপাতালে

বিকলাঙ্গ শিশুর জন্ম

ফেডারেল ডিজএবিলিটি

(কোন অগ্রিম ফি নেয়া হয় না)

Immigration

(To Schedule Appointment Only)

Call:917-282-9256

E-mail: moinlaw@gmail.com



Moin Choudhury
Attorney at Law

Law offices of Timothy Bompart : 37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Manhattan Office By Appointment Only.

Moin Choudhury Law Firm, P.C. 29200 Southfield Rd, Suite # 108, Southfield, MI 48076

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court.

বাংলা পত্রিকা কমিউনিটির দর্পন

আহবাব চৌধুরী



নিউইয়র্ক থেকে প্রকাশিত বহুল পঠিত সাপ্তাহিক বাংলা পত্রিকা'র ২৪ বছর পূর্তিতে সবাইকে শুভেচ্ছা। ছাত্র জীবনে দীর্ঘ একটা সময় সাংবাদিকতা পেশায় জড়িত ছিলাম বলে অভ্যাসবশত: এখনো মাঝে মাঝে বিভিন্ন সভা-সমিতির নিউজ লিখতে হয়। কখনো লিখতে হয় নিজের সংগঠনের জন্য, আবার কখনো বিভিন্ন ঘনিষ্ট জনের অনুরোধে। আর এই নিউজ লেখা এবং পত্রিকায় পাঠাতে গিয়ে বাংলা পত্রিকা'র বার্তা সম্পাদক হাবিব ভাইয়ের সাথে পরিচয় এবং সখ্যতা। হাবিব ভাই খুবই উৎসাহী মানুষ। তাঁর সাথে যখনই দেখা হয় লেখার জন্য তাগিদ দেন। জানতে চান নিয়মিত লিখি না কেন? তাঁর এই উৎসাহই মূলত: আমাকে আবারো এই লেখা-লেখির জগতে ফিরে আসতে অনুপ্রাণিত করে।

বলা হয়ে থাকে সংবাদপত্র 'সমাজের দর্পণ'। একটি দর্পণ বা আয়নায় যেমনি ফুঁটে উঠে অবিকল মানুষের অবয়ব, তেমনি সংবাদপত্রে ভেসে উটে জাতি বা সমাজের প্রতিবিম্ব। সেই দিক থেকে প্রবাসে এই বাংলাদেশী কমিউনিটির দর্পণ হিসাবে যদি কোন সাপ্তাহিক পত্রিকা'র নাম বলতে হয় তাহলে বলতে হবে 'বাংলা পত্রিকা'র নাম। সপ্তাহের প্রতি সোমবার প্রকাশিত এই সংবাদপত্র বিগত ২৪ বছর যাবৎ বিশ্বস্থতা, সততা আন্তরিকতা ও বস্তুনিষ্টতার সাথে পেশাদারিত্ব বজায় রেখে তাদের প্রকাশনা অব্যাহত রেখেছে। এটি একটি পত্রিকার জন্য কম কৃতিত্বের নয়।

বাংলা পত্রিকা'র সাথে আমার যোগসূত্র সৃষ্টি হয়েছিল পত্রিকাটির প্রতিষ্ঠাতা সম্পাদক শ্রদ্ধেয় মাহবুব ভাইয়ের মাধ্যমে। মাহবুব ভাই'র পুরো নাম মাহবুবুর রহমান। তার সাথে আমার পরিচয় সেই আশির দশকে। যখন তিনি সিলেট থেকে প্রকাশিত প্রাচীনতম সংবাদপত্র সাপ্তাহিক যুগভেরী'র ভারপ্রাপ্ত সম্পাদক ছিলেন। যুগভেরী এখন অবশ্য দৈনিক হয়ে গেছে। যুগভেরী সে সময় সিলেটের বহুল প্রচারিত একটি সংবাদপত্র ছিলো। মরহুম আমিনুর রশিদ চৌধুরী প্রতিষ্ঠিত এই পত্রিকার সম্পাদক ছিলেন ফাহমিদা রশিদ চৌধুরী। আমার বোনের বাসা ছিলো তখন আম্বরখানায় যুগভেরী অফিসের কাছেই। এ সময় যুগভেরী পত্রিকা অফিসে প্রায়ই যাওয়া হতো আমার। আর এভাবেই সম্পর্ক গড়ে উঠেছিলো যুগভেরী এবং মাহবুব ভাইয়ের সাথে। তিনি যুগভেরীতে নিয়মিত কলাম লিখতেন। তখন যুগভেরী প্রকাশিত হতো লেটার প্রেসে। এখনকার মতো প্রযুক্তি তখন ততোটা উন্নত ছিলো না। সিলেটের স্থানীয় পত্রপত্রিকায় তখন অনেক সাংবাদিকই নিয়মিত কলাম লিখতেন। আমার এখনোও মনে আছে সে সময় আমি এক বছরের বিল অগ্রিম পরিশোধ করে যুগভেরী'র গ্রাহক



হয়েছিলাম। যুগভেরী যে দিন প্রকাশিত হতো সেদিন তারা ডাক যোগে গ্রাহকদের জন্য পত্রিকা পাঠাতেন।

২০০১ সালে এই নিউইয়র্কে আসার পর যখন প্রথম বাংলা পত্রিকা অফিসে গমন করি তখন দীর্ঘদিন পর দেখা হয় মাহবুব ভাইয়ের সাথে। প্রথম দেখতেই চিনতে অসুবিধা হয়নি। কারণ মাহবুব ভাইয়ের মধ্যে কোন পরিবর্তন চোখে পড়েনি। অবিকল সেই আগের মতোই ছিলেন। সেই ২০০১ সালে মাহবুব ভাইয়ের মাধ্যমে বাংলা পত্রিকার সাথে যে সম্পর্ক গড়ে উঠেছিলো তা এখনো আছে। তবে মাহবুব ভাই এখন আর বাংলা পত্রিকা'য় নেই। পুরোপুরি অবসর সময় কাটাচ্ছেন। মাঝে মাঝে দেখা হয়। দেখা হলেই কাছে টেনে নেন সহাস্যে। আমি প্রবীণ এই সাংবাদিকের সুস্বাস্থ্য এবং দীর্ঘ জীবন কামনা করি।

বাংলা পত্রিকা বর্তমানে সম্পাদনার দায়িত্বে আছেন নিউ-ইয়র্ক তথা যুক্তরাষ্ট্রে বাংলাদেশী কমিউনিটির প্রিয়মুখ ও চির সবুজ সাংবাদিক আবু তাহের ভাই। তাহের ভাইও একজন সজ্জন সাংবাদিক। পেশাধারীত্বে তিনি অতুলনীয়। সাংবাদিকতা শুরু করেছিলেন সিলেট থেকে সাপ্তাহিক সিলেট কণ্ঠের মাধ্যমে। তারপর দীর্ঘদিন কাজ করেছেন ঢাকায় মানব জমিন-এ। নিউইয়র্কে সাপ্তাহিক ঠিকানা'র প্রতিষ্ঠালগ্নে তিনি এই পত্রিকাটির সাথে জড়িত ছিলেন এবং পরবর্তীতে ঠিকানা থেকে বের হয়ে প্রকাশ করেন বাংলা পত্রিকা। পেশায় দীর্ঘ অভিজ্ঞতার অধিকারী ছোটখাটো গড়নের এই মানুষটির ধৈয্য, প্রতিভা এবং সৌজন্যতাবোধ দেখে আমি সব সময় অভিভূত হই। গত দেড় যুগ যাবৎ তাহের ভাইকে একইভাবে দেখছি। মনে হয় বয়সটা খুব ভালো করেই ধরে রেখেছেন। তার স্বাস্থ্য এবং বয়স মনে হয় এক জায়গায় স্থির হয়ে আছে। উনার সহধর্মীনী জোবায়দা ভাবী (মিসেস মেহেরুননেছা জোবায়দা) বহুমুখী প্রতিভার অধিকারী একজন সামাজিক এবং সাংগঠনিক নারী। কমিউনিটির সকল কর্মকান্ডে তাহের ভাই এবং ভাবীর সরব উপস্থিতি ও সহযোগিতা সন্ধেহ নেই আমার মতো অনেককে অনুপ্রাণিত করে। বাংলা পত্রিকা'র পাশাপাশি কুইন্সে বিশাল স্টুডিও নিয়ে প্রতিষ্ঠা করেছেন টাইম টেলিভিশন। বাংলাদেশী কমিউনিটির কল্যাণ এবং সেই সাথে এই দূর প্রবাসে বাংলা সাহিত্য ও সংস্কৃতির বিকাশে বাংলা পত্রিকা, টাইম টেলিভিশন এবং তাহের ভাই'র অকৃত্রিম সহযোগিতা সত্যিই প্রশংসনীয়।

সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সাবেক নির্বাহী সম্পাদক নিয়াজ মাখদুম-নিয়াজ ভাইও খুব অসাধারণ একজন মানুষ ও সাহসী সাংবাদিক। তিনি খুব আড্ডাবাজ এবং পরোপকারী একজন মানুষ। এক সময় এই নিউইয়র্কে বসবাস করতেন। কয়েক বছর হবে তিনি নিউইয়র্ক থেকে স্থানান্তরিত হয়ে নায়াগ্রা তীরবর্তী বাফেলো শহরে আবাস গড়েছেন। বর্তমানে টাইম টেলিভিশন-এর পাশাপাশি মার্কেটিং বিভাগের দায়িত্বে আছেন সৈয়দ ইলিয়াস খসরু, নিউজ ডেস্কে আছেন অভিজ্ঞ সাংবাদিক এবিএম সালাহউদ্দিন আহমেদ এবং প্রতিশ্রুতিশীল সাংবাদিক এম এ আহাদ। তারা সকলেই বন্ধুবৎসল এবং পরিশ্রমী সাংবাদিক। আমার দেখা বাংলা পত্রিকা অনেক সাহসী রিপোর্ট প্রকাশ করে ভূয়াসী প্রশংসা অর্জন করেছে। বাংলা পত্রিকা অনেক সময় বাংলাদেশের অনেক রাগব বোয়ালের বিরুদ্ধে যেমন সংবাদ পরিবেশন করেছে তেমনি কমিউনিটির অনেক রথি-মহারথির দূর্নীতি ও অসততার সচিত্র সংবাদও প্রকাশিত হয়েছে বাংলা পত্রিকায়। আর এগুলো সম্ভব হয়েছে সম্পাদক হিসাবে জনাব আবু তাহের-এর সততা, বিশ্বস্থতা এবং আপোষহীন ভূমিকা কারণে। এই যুক্তরাষ্টে অগ্রসরমান বাংলাদেশী কমিউনিটি এবং সেই সাথে আমাদের নতুন প্রজন্মকে এগিয়ে নিতে বাংলা পত্রিকার ভূমিকা তুলনাহীন। এই নিউইয়র্কে আছি প্রায় এক যুগ হতে চলছে আর এই দীর্ঘ সময়ে বাংলা পত্রিকা আমাকে এতোটা অষ্টেপৃষ্টে আবদ্ধ করে রেখেছে যে প্রতি মাসে দুই/একবার বাংলা পত্রিকা অফিসে না গেলে মনে হয় যেন কিছু একটা মিস করে ফেলেছি। যখনই বাংলা পত্রিকা অফিসে যাওয়া হয় চোখে মানুষের আড্ডা। কমিউনিটির সকল স্তরের মানুষের পদভারে সর্বক্ষন সরব থাকে বাংলা পত্রিকা। আমি দেশে-বিদেশে অনেক পত্রিকা অফিসে গিয়েছি কিন্তু বাংলা পত্রিকার মতো প্রাণবন্ত এবং ব্যস্ততম পত্রিকা অফিস আর কোথাও দেখিনি। মনে হয় তাহের ভাই এবং বাংলা পত্রিকা পরিবার যেন এক সুতোয় পুরো কমিউনিটিকে আবদ্ধ করে রেখেছেন। বাংলা পত্রিকা'র পথচলা অব্যবহত থাকুক। আমি এই পত্রিকার উত্তরত্তোর সফলতা কামনা করি। প্রতিষ্ঠাবার্ষিকীর এই দিনে এই পত্রিকার সাথে সংশ্লিষ্ট সকলের জন্য অনেক অনেক শুভ কামনা থাকলো।

লেখক: সংগঠক ও কলাম লেখক, নিউইয়র্ক।

পথ চলার ২৫ বছর

সামসুল ইসলাম মজনু



অভিনন্দন বাংলা পত্রিকা, এই সেদিন বাংলা পত্রিকা তার যাত্রা শুরু করে। আজ দেখতে দেখতে ২৫ বছরে পর্দাপন করল। বাংলা পত্রিকার যাত্রা পথ খুব সহজ সরল ছিল বলবনা। অনেক চরাই উৎরাই পেরিয়ে আজকের অবস্থানে পৌছেছে। আমি যটুতুকু মনে করি নিশ্চয়ই পত্রিকাটি পাঠকের মনে স্থান করে নিয়েছে তা না হলে এটা সম্ভব হতো না।

একটা প্রচার মাধ্যমকে নিয়ে লিখতে গেলে বা কিছু বলতে গেলে ভালো মন্দ মুল্যায়ন করতে গেলে যটুতুকু জ্ঞান থাকা দরকার তার ছিটে ফোটাও আমার নেই, তার পরেও লিখতে হচ্ছে। যদি না বলি, না লিখি তাহলে যারা লিখার যোগ্যতা রাখে তারা উৎসাহ হারিয়ে ফেলবে এবং পাঠকরা নতুনত্বের স্বাদ না পেয়ে মুখ ঘুরিয়ে নিবে। এতে করে সৃস্টিশীলতা বাধাপ্রাপ্ত হবে।

বাংলা পত্রিকা হলো বাংলায় ছাপানো একটি প্রকাশনা, সাধারণত ছাপানো প্রকাশনাগুলোর অগ্রভাগ রয়েছে পত্রিকা। পত্রিকা হলো তা যা নাকি দৈনিক, সাপ্তাহিক, মাসিক আকারে প্রকাশ করা হয়। এই সকল পত্রিকাগুলোতে অনেক বিষয়ের উপর লিখা হয়ে থাকে, রাজনীতি, ক্রীড়া, চলচিত্র ইত্যাদি ইত্যাদি বিষয়ে সমসাময়িক সংবাদ প্রকাশ হয়ে থাকে। এখানে কিছু বিষয়ে নিয়ে বিষদ ভাবে তুলে ধরা হয়। আবার কোনটা সল্প আকারে প্রকাশ করা হয়ে থাকে। সংবাদপত্র আমাদেরকে নিত্য নৈমিত্তিক সাধারণ জ্ঞান বৃদ্ধিতে যেমন সহায়তা করে ঠিক তেমনি জাতীয়, আন্তর্জাতিক সমসাময়িক রাজনীতি, অর্থনীতি, খেলাধুলা ইত্যাদি বিষয়ে সম্যক জ্ঞান দেয়া আজকের আধুনিক বিশ্বে



সালে বেনজামিন হেরিসের সম্পাদনায় যুক্তরাষ্ট্রের বোস্টন শহরে প্রকাশিত হয়। যদিও বা জোহান কার্লোস নামক একজন জার্মানী জার্মানে পত্রিকার শরু করেন। তার বহুল পত্রিকা একটি অপরিহার্য সকল সমাজ ব্যবস্থার জন্য। সংবাদপত্র নিয়ে ছোট্ট করে বলে রাখা ভালো, শুরুতে পত্রিকা হাতের লেখা আকারে প্রকাশিত হলেও সর্বপ্রথম ১৯৬০ ভাবে স্বীকৃতি পায় ১৬৯০ সালে যুক্তরাষ্ট্রে।

অনেকে বলে অমুক পত্রিকা এটা করেছে, অমুক পত্রিকা ওটা করেছে এগুলো নিয়ে লিখা হয় বলা হয় সমালোচনা হয়। এতে করে ওই প্রকাশনার প্রচার বেড়ে যায়। তবে ছোট্ট করে না বললে হবেনা যদি না ক্ষেত্রে অন্যের ক্ষতির কারণ হয় অথবা বলতে পারি বানোয়াট সংবাদ পরিবেশ নয়। তিলাকে তাল বানানোর মানসিকতা, এটা কিছুতেই কাম্য নহে। হলুদ সাংবাদিকতা কিছুতেই প্রশয় দেয়া বা সমর্থন আখেরে ভালো হয় না। কোন প্রচারই শত ভাগ পাঠককে সন্তুষ্টি করে এগুতে পারেনা বা সম্ভব হয় না। এখানে যোগ বিয়োগ অনেক বিষয়ে জড়িত অনেক হিসাব করে এগুতে হয়। বাংলা পত্রিকাও তার বাহিরেও নয় শতভাগ সাফল্যর চেষ্টা থাকতে হবে। যদিও খুব কঠিন তার পরেও যদি কাছাকাছি পৌছায় আমি বলব সার্থক। একটা পত্রিকায় অনেক বিষয় থাকে যেমন সংবাদ শিল্প, সাহিত্য ইত্যাদি ইত্যাদি তবে বৃহৎ অংশ জুরে থাকে নিত্য নৈমিত্তিক সংবাদ। আর এই সংবাদটাই একটা পত্রিকাকে জনপ্রিয়তা করতে না পারেন তাহলে ওই সাংবাদিকের সাথে সাথে সংবাদপত্র বাধাগ্রস্ত হয়। প্রবাসে বাংলা পত্রিকা তার চলার পথে অনেক ক্ষেত্রেই পৃষ্ঠপোষকদের উপর নির্ভর করতে হয়। এটা অনেকটা শাখের করাতের মত কারন এক্ষেত্রে পৃষ্ঠপোষকরা ব্যক্তি স্বার্থের মত উঠে যদি নিঃস্বার্থভাবে পৃষ্ঠপোষকতা করেন, এতে তারা ধন্যবাদের দাবীদার। এর ব্যতিক্রম ঘটলেই সমস্যা করেন পৃষ্ঠপোষকের মন রক্ষার্থে প্রকাশনার মান রক্ষা করা কস্টদায়ক। এক্ষেত্রে অনেকটাই সংবাদের যাচাই করার পথ রুদ্ধ হয়ে যায়।

সংবাদপত্রকে আধুনিক বিশ্বে বলা হয় সমাজের দর্পণ। নিজের চেহারা যেভাবে আয়নায় দেখে ব্যক্তির ব্যক্তিগত চেহারা ফুটে উঠে। ঠিক তেমনই। সংবাদপত্রের সংবাদ দেখে সমাজের তয়া রাষ্টের ভালো মন্দ বুঝার সক্ষমতা অর্জন করেন পাঠকরা। এখানে পাঠক এবং সংবাদকর্মী ভিন্ন ভিন্ন দৃষ্টি কোন নিয়ে ভূমিকা রাখেন। পাঠক জনপ্রিতা পাওয়ার জন্য নিরলস চেস্টা করতে হবে। বলা বাহুল্য যে, পত্রিকা বা তার কর্মীরা পরোক্ষভাবে সমাজের সেবক। তারা তাদের মেধা দিয়েই সমাজের সেবা করে যায়। সামাজিকতার মাধ্যমে অর্থ উর্পাজন কোন অন্যায় নয়। এখানে সেবাটাকে মুখ্য ভাবতে হবে, অর্থ না হলে চলবে না, তাই বলে মূল আদর্শ থেকে ছিটকে পড়লে চলবেনা। সেবা, অর্থ, সমসাময়িক ভাবধারাকে এগুলোকে সমন্বয় করে এগিয়ে যেতে পারলে কোন প্রচার মাধ্যমকে পিছনে তাকাতে হবে না। বাংলা পত্রিকা কমিউনিটি সেবার আদর্শ নিয়ে যুগ যুগ এগিয়ে যাবে, প্রতিষ্ঠাবার্ষিকীতে এই আমার প্রত্যাশা।

লেখক: প্রাক্তন সভাপতি, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

Emirates السعودية SAUDIA QATAR AIRWAYS القطرية TURKISH AIRLINES

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

Digital Travel Astoria

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

We are on Facebook

website: www.digitaltraveltour.com

ঘুরে দেখা অস্ট্রেলিয়া ভ্রমণ

হাবিবুর রহমান



অসাধারণ সৌন্দর্য আর বৈচিত্রময় দেশ অস্ট্রেলিয়া। এখানে এমন সব কিছু বিস্ময়কর স্থান আছে যা বিশ্বের অন্য কোথাও নেই। বলা হয়, এখানে যত রকমের এ্যাডভেঞ্চার করা সম্ভব যে এক জীবনে শুধু অস্ট্রেলিয়ায় বেড়িয়েই কাটানো যাবে। একঘেয়েমি লাগার কোন সূযোগ নেই।

বহুদিন ধরে প্লান করছিলাম অস্ট্রেলিয়া ভ্রমণের। কিন্তু ব্যাটে বলে এক হচ্ছিলো না। তার কারণ ছিলো বহুবিধ। প্রথমত: অস্ট্রেলিয়া ভ্রমণ ব্যয় বহুল। দ্বিতীয়ত: অনেক লম্বা ফ্লাইট। নিউইয়র্ক থেকে সিডনি যেতেই সরাসরি ফ্লাইটেই সময় লাগে ২২ ঘন্টা। ব্যয় বহুল বলে অনেক পর্যটকই ইচ্ছে থাকলেও অস্ট্রেলিয়া ভ্রমণে নিরুৎসাহিত হন। বিশেষ করে বাংলাদেশী পর্যটক তো নয়ই। তা ছাড়া অনেক কম খরচে ইউরোপ ভ্রমণ সহজ হয়। তাই গড় পড়তা পর্যটকের আকর্ষন অস্ট্রেলিয়া থেকে ইউরোপ মুখী।

আমি ইতোমধ্যে বিশ্বের ৪টি মহাদেশের বিভিন্ন শহর পরিভ্রমণ করেছি। ট্যুরও অপারেট করছি বিভিন্ন দেশে। অস্ট্রেলিয়ার কোন শহরে ভ্রমণ আমার জন্য চ্যালেঞ্জ হিসাবে বিবেচিত ছিলো। তাই হঠাৎ করে যখন কয়েকজন অস্ট্রেলিয়া ভ্রমণের প্রস্তাব করে বসলে তখন সুযোগটা হাত ছাড়া করতে চাইলামনা। টিকিট কাটা হলো ইউনাইটেড এয়ারে। নিউজার্সীর নিউয়ার্ক বিমানবন্দর থেকে যাত্রা শুরু। ক্যালিফোর্নিয়ার লস এঞ্জেলেসে বিমান পরিবর্তন করে সোঝা সিডনি। সর্বমোট ২২ ঘন্টার ফ্লাইট।

দূর যাত্রার মানসিক প্রস্তুতি নিয়েই বিমানে গিয়ে বসলাম। কিন্তু শুরুতেই বিপত্তি। টেক অফ করার আগ মুহূর্তে ঘোষনা এলো বিমানে যান্ত্রিক ত্রুটি। তাই বিমান উড়বেনা। নামতে হবে। সবার সাথে লাইন দিয়ে আবার গিয়ে লাউঞ্জে গিয়ে বসলাম। পাক্কা তিনঘন্টা পর ঘোষনা এলো বিমানে গিয়ে উঠার। এবার কোন সমস্যা ছাড়াই বিমান উড়লো আকাশে। আয়াস করে সিটে বসে গা এলিয়ে দিলাম। তখন কে জানতো আরো বিপত্তি অপেক্ষা তরে আছে সামনে!

লসএঞ্জেলেসে বিমান থেকে নেমে লাউঞ্জে গিয়ে বসলাম কানেকটিং ফ্লাইটের অপেক্ষায়। এসময় ইউনাইটেড এয়ারের একজন সুদর্শন তরুণী এসে হাসি মুখেই দু:সংবাদটি জানালেন যে, আমাদের কানেকটিং ফ্লাইটটি সিডনীর উদ্দেশে ছেড়ে গেছে বেশ কয়েকঘন্টা আগে। আমাদের রাত যাপন করতে হবে লস এঞ্জেলেসে। বিমান কর্তৃপক্ষ থাকার জন্য পাঁচতারকা হোটেল দেবে। খাওয়ার জন্য ভাউচার দেবে। হোটেলে যাওয়া আসার গাড়ী দেবে ইত্যাদি এন্তার সব সুযোগ। তবে সোজা কথা আজ আর সিডনি যাওয়া হচ্ছে না। মনটা শুরুতেই দমে গেলো। তবে করার কিছুই নেই। ইউনাইটেড এয়ারের দেয়া গাড়ীতে গিয়ে বসলাম। কর্তারা জানালেন, লাগেজের জন্য ভাবতে হবেনা। এটা যথাসময়ে হোটেলে পৌছে যাবে।

লস এনেঞ্জলেস এয়ারপোর্ট সংলগ্ন হায়াত রিজেন্সী হোটেলে থাকার ব্যবসস্থা হলো। এটি আমার প্রিয় হোটেলের একটি। হোটেলেই খাবার ব্যবস্থা। যত্ন আত্তিরের কোন ত্রুটি রাখেনি বিমান কর্তৃপক্ষ। তবু মনটা খচ খচ করতে লাগলো আগামীকাল ফ্লাইটের স্কাজুয়েল কখন হয় এই ভেবে। সকালে ব্রেকফাস্টের সময় দেখা মিললো ইউনাইটেড এয়ারের আর এক কর্মকর্তার। এবারও এক সুহাসিনি নারী তার স্বভাব-সুলভ হাসি দিয়ে জানালেন আমাদের আরো দু'রাত কাটাতে হবে এখানে। কারণ আগামী দু'দিন সিডনির উদ্দেশে ইউনাইডেড এয়ারের কোন ফ্লাইট নেই। তার কথা শুনে মাথায় যেন আমার আকাশ ভেঙ্গে পড়লো। কারন অস্ট্রেলিয়া ভ্রমণে পুরো সময়টাই আমার টাইট স্কাজুয়েল। হোটেল এবং ট্যুর বুক করা প্রতিদিন। রিটার্ন টিকিটও কাটা। দু'দিন সময় যদি বাদ দিতে হয় তাহলে আমার নিউজিল্যান্ড ট্যুর বাদ দিতে হবে। আমার গ্রুপের কাছেই বা কি জবাব দেবো ভেবে পাগল হবার অবস্থা।

একজন পেশাদার টুরিস্ট এবং ট্যুর অপারেটর হিসাবে আমার প্রশিক্ষণ বলে দিলো আমাকে মাথা ঠান্ডা রেখেই কাজ করতে হবে। গরম করলে চলবেনা। তাই শান্তভাবে উঠে দাঁড়িয়ে মহিলার গিয়ে আমার সমস্যার কথা জানালাম। বল্লাম, আমি যদি আজকে সিডনির কোন ফ্লাইট না পাই তাহলে আমাকে চরম আর্থিক ক্ষতির মুখোমুখি হতে হবে। আর আমার ট্যুর গ্রুপটাও খুব ছোট নয়। শেষে আরো শান্তভাবে জানালাম আমার ক্ষতির ঝাপটাটা শেষ পর্যন্ত ইউনাইটেড এয়ারের উপরও এসে পড়বে- যেন সে কথাটাও তারা মনে রাখেন।

আমার শেষ কথাটা যেন মহিলা গুরুত্ব দিলেন। তিনি বলে গেলেন তার সুপারভাইজারের সাথে কথা বলে খুব দ্রুতই আমার সাথে যোগাযোগ করবেন।

কাঙ্খিত ফোনটা এলো পাক্কা দেড়ঘন্টা পর। মহিলা জানালেন, সবার নয় শুধু আমার গ্রুপের সিডনি যাবার ব্যবস্থা করেছেন অন্য একটি এয়ার লাইন্সে। তবে আমাকে একটু ঘুরে যেতে হবে সিডনি। কোয়ান্টাস এয়ারের বিমানটি আমাদের প্রথমে নিয়ে যাবে মেলবোর্ন। পরে বিমান পাল্টিয়ে আমাদের যেতে হবে সিডনি। আগের ফ্লাইটে যেতে পারলে আমরা বিকালে সিডনি পৌঁছাতেই পারতাম। এখন পৌঁছাতেই হবে পরদিন সকালে। সিডনি হিলটনে আমাদের হোটেল বুকিং ছিলো। তা মিস হবে। বাদ যাবে হিলটনের মুখরোচক ব্রেকফাস্ট। সে যাক কিছু ক্ষতি হলেও তা ছিলো মন্দের ভালো। তাই আল্লাহর কাছে শোকরানা জানালাম। ফ্লাইটের বেশী বাকী নেই। তাই দ্রুত লাগেজ গোছাতে রুমে ফিরে গেলাম।

সঠিক সময়েই লস এঞ্জেলেস বিমানবন্দর ত্যাগ করলো কোয়ান্টাসের বিমানটি। নিরাপদ এয়ারলাইন্সের প্রথম বিশের তালিকার শীর্ষে রয়েছে অস্ট্রেলিয়ার কোয়ান্টাস। বিশ্বব্যাপি মোট ৪০৫টি এয়ারলাইন্সকে জরিপ করে তৈরি করা হয় এই তালিকা। মোট ১২টি বৈশিষ্টকে হিসেব করে এই মূল্যায়ন করা হয়। বিধ্বস্ত ও দূর্ঘটনার রেকর্ড, বিমানের বয়স, কেমন লাভ করছে, সেবা এসব বিবেচনায় আনা হয়। এ জরিপটি পরিচালনা করে এয়ারলাইন্স রেটিংস ডট কম নামের একটি ওয়েবসাইট।

ফ্লাইট মিস করায় কোয়ান্টাস এয়ারের সুযোগ পাওয়ায় ভাগ্যকে ধন্যবাদ দিলাম। ফ্লাইট সিডিউল ওলট-পালট হওয়ায় মেন্টালি খুব আপসেট ছিলাম। আমার কোম্পানির সুনামের ব্যাপারটিও এর সাথে জড়িত ছিলো। তারকা হোটেলে রাত যাপন করলেও ভালো ঘুম হয়নি। তাই বিমানে উঠার পর যেন একটা ক্লান্তি এসে ভর করলো। সহজেই ঘুমের রাজ্যে হারিয়ে গেলাম।

হাবিবুর রহমান
সিইও,বাংলা টুর।
ই মেইল: banglatourus@gmail.com

"তোমরা আল্লাহর জন্য হজ্ব এবং ওমরাহ আদায় কর" - আল কোরআন, সূরা বাক্বারা ১৯৬
"মকবুল হজ্বের প্রতিদান একমাত্র জান্নাত" - আল হাদীস (আবু হুরায়রা রাঃ থেকে বর্ণিত)
হজ্ব ১৪৪১ হিজরী

সৌদি হজ্ব মন্ত্রণালয় হতে লাইসেন্স প্রাপ্ত।
আমেরিকার একটি নির্ভরশীল এবং বিশ্বস্ত প্রতিষ্ঠান

আরাফা হজ্ব গ্রুপ ২০২০
পরিচালনায়: হাজী মইনুল ইসলাম

হজ্ব বিষয়ক অভিজ্ঞতা:
• ১৯৯৭ সাল থেকে আমেরিকা হতে সাফল্যের সাথে হজ্ব কাফেলা পরিচালনা করছি।
• আরবী ভাষায় আমাদের দক্ষতা রয়েছে এবং ধর্মীয় বিভিন্ন পবিত্র স্থান সম্পর্কে রয়েছে স্বচ্ছ ধারণা ও পরিচিতি।

ভিআইপি গ্রুপ: $৮,৯০০
প্রতি রুমে ৪ জন
• মক্কা: ৫ ষ্টার হোটেল (ক্লক টাওয়ার) ১১ দিন
সাথে বুফে সকালের নাস্তা ও রাতের খাবার
• মদিনা: ৫ ষ্টার হোটেল (আনয়ার আল-মদিনা মুভেনপিক) ৩ দিন
সাথে বুফে সকালের নাস্তা ও রাতের খাবার
• যাওয়া ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ২৫ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
• আসা ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ০৯ আগষ্ট, ২০২০ (রবি) মদিনা

এক্সপ্রেস গ্রুপ: $৭,৭০০
প্রতি রুমে ৪ জন
• মক্কা: ৩ ষ্টার হোটেল - ১১ দিন
(৩-৪ মি. হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• মদিনা: ৩ ষ্টার হোটেল - ৩ দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• যাওয়া ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ২৫ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
• আসা ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ০৯ আগষ্ট, ২০২০ (রবি) মদিনা

ডিলাক্স গ্রুপ(৪০ সালাত): $৭,৫০০
প্রতি রুমে ৪ জন
• মক্কা: ৩ ষ্টার হোটেল - ১৯ দিন
(৩-৪ মি. হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• মদিনা: ৩ ষ্টার হোটেল - ৮ দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• যাওয়া ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৮ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
• আসা ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৫ আগষ্ট, ২০২০ (শনি) মদিনা

কাষ্টম গ্রুপ(৪০ সালাত): $৭,৭০০
প্রতি রুমে ৪ জন
• মক্কা: ৩ ষ্টার হোটেল - ১১ দিন
(৩-৪ মি. হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• মদিনা: ৩ ষ্টার হোটেল - ৮ দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• যাওয়া ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ২৫ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
• আসা ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৫ আগষ্ট, ২০২০ (শনি) মদিনা

ইকোনমি গ্রুপ(৪০ সালাত): $৫,৯৫০
প্রতি রুমে ৪ জন
• মক্কা: ইকোনমি হোটেল - ২০ দিন
(১৫ মি. হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• মদিনা: ইকোনমি হোটেল - ৮ দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
• যাওয়া ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৭ জুলাই, ২০২০ (শুক্র) জেদ্দা
• আসা ঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৫ আগষ্ট, ২০২০ (শনি) মদিনা

ট্যাক্স, হজ্ব ফি ও কোরবানী বাবদ জনপ্রতি অতিরিক্ত ৬০০ ডলার পরিশোধ করতে হবে। ভেক্সিনেশন ফি প্যাকেজের অন্তর্ভূক্ত নয়।
(হজ্ব শেষে আপনি ইচ্ছা করলে বাংলাদেশ, পাকিস্তান অথবা ইন্ডিয়া ঘুরে আসতে পারবেন, অতিরিক্ত চার্জ ৬০০ ডলার)

আরাফা ট্রাভেলস্ এন্ড ট্যুরস্, ইন্‌ক
হজ্ব এবং ওমরাহ'র জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান
Tel: 718-777-8744 • Cell: 917-446-5188
70-50 Broadway, Jackson Heights, NY 11372
arafahajj55@yahoo.com • www.arafahajjusa.com

আজিজিয়ায় রাখা হবে না
শিফটিং হবে না

► প্রতি গ্রুপের জন্য রয়েছে শীততাপ নিয়ন্ত্রিত বাসের ব্যবস্থা।
► উপমহাদেশীয় খাবারের সুব্যবস্থা আছে।
► প্রতিটি গ্রুপের সাথে অভিজ্ঞ গাইড থাকবেন।
► বিজ্ঞ আলেম দ্বারা বদলী হজ্বের সুযোগ আছে।

CONTACT
Burhan Uddin (Atlanta): Ph: 678-772-2599 Mohammed Bawa Yusof (Indiana): Ph: 260-206-7275
Syed Chowdhury (Michigan): Ph: 586-873-6890 Rasheed Al Rabbi (Virginia): Ph: 703-867-2201

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)



আমাদের আরও রয়েছে কবুতর, কোয়েল, চাকার, টিটি মুরগী ও রাজা মোরগ, বাদি হাঁস, হাঁস ও কোয়েলের ডিম

প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-



রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb

বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্মেল্ট, হ্যারিং, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

রেশমী বাসমতি রাইস	$ 17.99
আমিন বাসমতি রাইস	$ 17.99
আমিন পারবয়েলড রাইস	$ 9.99
ডোনার বাসমতি রাইস	$ 18.99
বাহার বাসমতি রাইস	$ 13.99
সুলতানা বাসমতি রাইস	$ 12.99

কচুর লতি (৩ প্যাক)	$4.99
৩ প্যাক কেসকি মাছ	$4.99
১ ডজন ডিম	.99¢
আয়োডাইড সল্ট (২টি)	.99¢

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp

Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011

করোনায় বার্তা কক্ষে

(শেষের পাতার পর)

সহযোগীতার আহ্বান জানানো হয়েছে। উল্লেখ্য, ২৪ বছর আগে ২৭ সেপ্টেম্বর বাংলা পত্রিকা এবং ৬ বছর আগে ২৬ সেপ্টেম্বর টাইম টেলিভিশন আত্ব প্রকাশ করে।

অপরদিকে কমিউনিটিতে জনপ্রিয় টিভি 'টাইম টেলিভিশন' দর্শক-শ্রোতাদের ভালোবাসায় সিক্ত হয়ে ৭ম বর্ষে যাত্রা শুরু করলো। সফলতার ৬ বছর পেরিয়ে টাইম টেলিভিশন ৭ম বছরে পদার্পণ উপলক্ষ্যে টাইম টেলিভিশনে প্রচারিত হয় বিশেষ অনুষ্ঠানমালা। করোনাভাইরাস পরিস্থিতির প্রেক্ষাপট আর বাস্তবতার আলোকে বাংলা পত্রিতা আর টাইম টেলিভিশনের জন্মদিন অতীতের ন্যায় আড়ম্বরের সাথে পালন করা হয়। মিডিয়া দুটির প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষ্যে এর কর্ণধার জনাব আবু তাহের দর্শক, বিজ্ঞাপনদাতা, কলাকোশলী, শুভানুধ্যায়ীদের প্রতি শুভেচ্ছা জানন। পাশাপাশি টাইম টেলিভিশনের পক্ষ থেকে পথচলায় সবার আন্তরিক সহযোগীতা কামনা করা হয়। এদিকে টাইম টেলিভিশন ও বাংলা পত্রিকা'র বর্ষপূর্তী উপলক্ষ্যে রোববার সন্ধ্যায় মিডিয়া হাউজ দু'টির বার্তা বিভাগের পক্ষ থেকে প্রতিষ্ঠান দুটির কর্ণধার জনাব আবু তাহের-কে ফুলেল শুভেচ্ছা জানানো হয়। মহামারী করোনাভাইরাসের প্রেক্ষিতে অনাড়ম্বপূর্ণ এই আয়োজনে আবু তাহের কেক কাটেন। এসময় টাইম টেলিভিশন-এর অন্যতম পরিচালক সৈয়দ ইলিয়াস খসরু এবং বাংলা পত্রিকার বার্তা সম্পাদক হাবিব রহমান, বিশেষ প্রতিনিধি সালাহউদ্দিন আহমেদ, টাইম টেলিভিশন-এর বার্তা সম্পাদক এম এ আহাদ এবং সাংবাদিক দিদার চৌধুরী সহ মিডিয়া দুটি'র অন্যান্য কর্মকর্তাদের মধ্যে এমদাদ চৌধুরী দীপু, আব্দুল কাদের, মাসুদুর রহমান, নাজিম উদ্দিন, মনা শফিক, সামিয়া মুন ও জিল্লুল ইসলাম উপস্থিত ছিলেন।

ফুটবলী লীগ শুরু ॥ যুব সংঘ, ব্রঙ্কস

(শেষের পাতার পর)

হয়। দুপুরে লীগের উদ্বোধন করেন সংগঠনের প্রধান উপদেষ্টা ও প্রতিষ্ঠাতা সভাপতি মনজুর আহমেদ চৌধুরী।

এবারের লীগে ১২টি দল অংশ নিচ্ছে। দলগুলো হলো: যুব সংঘ (এ), যুব সংঘ (বি), ব্রঙ্কস ইউনাইটেড, বিবিএ, সোনার বাংলা এফসি, আইসাব, ব্রঙ্কস স্টার, জ্যামাইকা এফসি, বৈরাগীবাজার এফসি, বেঙ্গল ওয়ারিয়র, টুডোর এফসি এবং জলডুপ এফসি। খবর ইউএনএ'র।

দিনের প্রথম খেলায় যুব সংঘ ২-১ গোলে জ্যামাইকা এফসি-কে পরাজিত করে শুভ সূচনা করে। খেলার ১০ মিনিটের সময় যুব সংঘের মাহবুব প্রথম গোল করেন (১-০)। এরপর ২৭ মিনিটের সময় জ্যামাইকার আরিফ গোল করে খেলায় সমতা অঅনেন (২-২)। পরবর্তীতে খেলার দ্বিতীয় অর্ধের ৩৬ মিনিটের সময় যুব সংঘের খান তৃতীয় ও জয়সূচক গোল করেন।

দিনের দ্বিতীয় খেলায় ব্রঙ্কস ইউনাইটেড ৪-০ গোলে বেঙ্গল ওয়ারিয়র-কে পরাজিত করে সহজেই জয়লাভ করে। খেলার প্রথমার্ধের ৯ মিনিটের সময় জামি, ২৪ মিনিটের সময় ফারহান, ৩০ মিনিটের সময় জাকারিয়া এবং দ্বিতীয়ার্ধের ৪০ মিনিটের সময় মোহাম্মদ গোলগুলো করেন। এই খেলায় অখেলোয়ারীসূলভ আচনের জন্য বেঙ্গলের কাশেম-কে লাল কার্ড প্রদর্শণ করা হয়।

দিনের তৃতীয় খেলায় বিবিএ ও বৈরাগী বাজার এফসি অংশ নেয়। প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ এই খেলাটি ১-১ গোলে ড্র হয়। খেলার শুরুতেই অর্থাৎ ২ মিনিটের সময় বিবিএ'র তাসিন প্রথ গোল করে দলকে এগিয়ে নিয়ে যান। এরপর আক্রমণ পাল্টা আক্রমনের মধ্যদিয়ে খেলা এগিয়ে যায়। দ্বিতীয়ার্ধের ৩৩ মিনিটের সময় বৈরাগীর ইফতেখার গোল করে খেলায় সমতা ফিরিয়ে আনেন। ফলে খেলাটি ড্র হয়।

দিনের চতুর্থ ও শেষ খেলায় ব্রঙ্কস স্টার ১-০ গোলে সোনার বাংলা এফসি-কে পরাজিত করে। খেলার প্রথমার্ধ ০-০ গোলে ড্র ছিলো। দ্বিতীয়ার্ধের ৩৪ মিনিটের সময় ব্রঙ্কস স্টারের রকি জয়সূচক গোল করেন।

বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা আয়োজিত ফুটবলী লীগ-২০২০ এর উদ্বোধনী অনুষ্ঠানে সংগঠনের অন্যতম উপদেষ্টা আতাউর রহমান সেলিম ও জুনেদ আহমেদ চৌধুরী, সহ সভাপতি এলিন রহমান, সাধারণ সম্পাদক রশিদ রানা সহ আব্দুল কাদির লিপু, ইয়াকুত রহমান, জহির উদ্দিন জুয়েল, দেলোয়ার হোসেন, মইনুল ইসলাম, শফিকুল আলম প্রমুখ কর্মকর্তা উপস্থিত ছিলেন।

নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয়ের

(শেষের পাতার পর)

মহামারী করোনাভাইরাসের কারণে পাল্টে গেছে সব কিছু, পাল্টে গেছে জীবন যাত্রা। ফলে বাড়ী ক্রয়-বিক্রয়ে নানান সুযোগ সুবিধা এসেছে। নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয়ের এখনই ভালো সময় বলে জানিয়েছেন তরুণ ও অভিজ্ঞ ফাইন্যান্সিয়াল মরর্টগেজ কনসালটেন্ট আকিব হোসেন।

দীর্ঘ ৫/৬ বছর ধরে দক্ষতা ও সততার সাথে তিনি মেডোক্রক ফাইন্যান্সিয়াল মরর্টগেজ ব্যাঙ্কার্স করপোরেশনে দায়িত্ব পালন করে চলেছেন। তিনি জানান, নিউইয়র্ক সিটিতে ট্যাক্সী ক্যাব ও বিজনেস ওনারদের সহজেই বাড়ী ক্রয় করার বিশেষ সুযোগ রয়েছে। তবে নিউইয়র্ক সিটি প্রশাসন প্রদত্ত এই সুবিধা পেতে হলে কিছু নিয়ম-কানুন মানতে হবে। এর সাথে ট্যাক্স ফাইলিং-এর সম্পর্ক রয়েছে। তাই সঠিকভাবে ট্যাক্স ফাইলিং আবশ্যক। এজন্য কন্ট্রো মর্টগেজ করপোরেশন টিম এব্যাপারে সংশ্লিষ্টদের ফ্রি পরামর্শ দিতে প্রস্তুত রয়েছে।

এছাড়াও অকসন থেকে স্বল্পমূল্যে বাড়ী ক্রয়েরও সুযোগ রয়েছে। অকসনে বাড়ী ক্রয়েরও কিছু নিয়ম-কানুন রয়েছে। এসব বিষয়েও কন্ট্রো মর্টগেজ করপোরেশন টিম সংশ্লিস্টদের বিনামূল্যে পরামর্শ প্রদান সহ প্রয়োজনীয় সকল সহযোগিতা দিতে প্রস্তুত।

অপরদিকে অভিজ্ঞ ব্যবসায়ীদের মধ্যে যারা বাড়ী ক্রয়-বিক্রয় করতে চান তাদের জন্যও হার্ড মানি বিশেষ প্রোগ্রামে মাত্র ৯% ইন্টারেস্ট রেটে ক্যাশ অর্থ প্রদানেরও সুযোগ রয়েছে। বিস্তারিত জানতে ৬৪৬-৯২০-৪৭৯৯ নম্বরে যোগাযোগ করুণ।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়





আমরা বাংলায় কথা বলি

নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।

ইমিগ্রেশন ও আপনি



এটর্নী শাকিল এইচ কাজমী

আমেরিকার অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশ্বাস জনগোষ্ঠীর বিশেষ সুবিধার্থে ইমিগ্রেশন বিষয়ে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে প্রকাশনার ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের দেশী সাংবাদিকদের প্রকাশ করছি। এই ফিচারটির লেখক শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী রিভিউয়ার্ড ম'সুলে আইনের উপর পড়াশোনা করেছেন। তিনি ক্যালিফোর্নিয়া স্টেট বার থেকে ইমিগ্রেশন ল' এবং বিজনেস ল'-এর উপর এল.এল.এম. করেছেন। তিনি রিভিউয়ার্ড স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইন্সার্স এসোসিয়েশনের সদস্য।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো ইংরেজী নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মিতালী হকের প্রশ্নঃ

আমার বোন গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছিলো। তারপর বাংলাদেশে তার বিয়ে হয়। কিন্তু বিয়ের বিষয়টি এম্বেসীকে জানানো হয়নি। এরপর আমার বোন এদেশে এসে থাকার পর আবার বাংলাদেশে গেছে। আমার বোনের এবারের বাংলাদেশে অবস্থানের মেয়াদ এক বছর পেরিয়ে গেছে। তাই আমার জানার ইচ্ছা আমার বোনটি স্বাভাবিকভাবে ইচ্ছা করলে আবার এদেশে চল আসতে পারবে? সে কি ঢাকা ইউএস এম্বেসীতে গিয়ে প্রয়োজনে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে পারবে? আমার বোন তার স্বামীকে এদেশে আনতে চায়। এসব বিষয়ে আপনার পরামর্শ পাবার প্রত্যাশায় রইলাম। এমন প্রশ্ন আগেও দেখেছি বলে আজ আমিও লিখলাম।

মিতালী হকের প্রশ্নের উত্তরঃ

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউসের জন্যে আবেদন করতে পারেন। তবে গ্রিনকার্ডধারীরা বিনা অনুমতিতে এক বছরের কম সময় এদশে বাইরে অবস্থান করতে পারেন। এক বছর বা তার বেশি সময় এদশের বাইরে অবস্থান করলে গ্রিনকার্ড নষ্ট হয়ে যেতে পারে। ইমিগ্রেশন ইউএস এর প্রবেশ প্রত্যাখ্যান করতে পারে।

তবে রি-এন্ট্রির ব্যাপারে যা বলতে চাই সেটা হচ্ছে একজন গ্রিনকার্ডধারী ইউএস এর বাইরে গিয়ে একবছর বা তার বেশি সময় অবস্থান করতে চাইলে দুই বছরের জন্যে অনুমতি সাপেক্ষে রি-এন্ট্রি লাভ করা যেতে পারে। কিন্তু গ্রিনকার্ডধারীকে এদেশের বাইরে যাবার আগেই এখান থেকেই তাকে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে হবে।

এই রি-এন্ট্রির আবেদনের সময় আবেদনকারীকে অবশ্যই এদেশে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্যে প্রয়োজনে একজন এটর্নির সাথে সাক্ষাতে গিয়ে কথা বলা যেতে পারে।

আপনি আপনার বোনের বিষয়ে আরো যা জানতে চেয়েছেন সে ব্যাপারে স্পস্ট করে করে সবকিছু উল্লেখ করতে হবে। যা হয়তো সাক্ষাতে আলোচনা ক রার সময় আপনি উল্লেখ করতে পারবেন। এসব ব্যাপারে সুস্পষ্ট করে কিছু বলতে চাইলে এ সম্পর্কে প্রাসঙ্গিক আরো কিছু তথ্য জানা দরকার।

একজন গ্রিনকার্ডধারী তার স্পউসের জন্যে ইমিগ্রেশনের আইন অনুযায়ী আবেদন করতে পারেন। কিন্তু সেই আবেদনকারী স্পাউসকে অবশ্যই এদেশে যথাযথ গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করতে হবে।

নিউইয়র্ক থেকে আবু হামিদের প্রশ্নঃ

আমি আজ এই চিঠিটি লিখছি আমার এক বন্ধুর জানতে চাওয়ার প্রেক্ষিতে। আমার বন্ধুর চাচা একজন ইউএস সিটিজেন। তিনি আমার বন্ধুর বাবার জন্যে অর্থাৎ তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন। এই আবেদনে ঐ ভাইয়ের সন্তানেরাও অন্তর্ভূক্ত ছিলেন। কিন্তু ঘটনা হচ্ছে আমার বন্ধুর বাবা অর্থাৎ আবেদনকারীর ভাই মারা গিয়েছেন। সে কারণে জানতে চাওয়ার বিষয় হচ্ছে এখন ঐ আবেদনের অবস্থা কেমন হবে?

আবু হামিদের প্রশ্নের উত্তরঃ



প্রথমেই আমাদের জানা থাকা দরকার যে একজন সিটিজেন এবং গ্রিনকার্ডধারী কাদের জন্যে আবেদন করতে পারেন।

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউস এবং অবিবাহিত সন্তানের জন্যে আবেদন করতে পারেন।

গ্রিনকার্ডধারীর সন্তানদের আবার দুটি ক্যাটেগরী আছেঃ

১। ২১ নিম্ন এবং

২। ২১ উর্ধ বয়সের সন্তান।

২১ নিম্ন বয়সের সন্তানেরা ২-এ এবং ২১ উর্ধ বয়সের সন্তানেরা ২-বি ক্যাটেগরিতে পড়ে।

একজন ইউএস সিটিজেন তার নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেঃ

স্পাউস (স্বামী/স্ত্রী)

সন্তান (২১ নিম্ন/২১ উর্ধ)বিবাহিত ও অবিবাহিত

মা-বাবা এবং

ভাইবোন

ইমিগ্রেশন আইন অনুযায়ী ইউএস সিটিজেন তার ভাইয়ের জন্যে আবেদন করতে পারেন। তবে একজন ইউএস সিটিজেনের স্পাউস, মাবাবা এবং ২১ নিম্ন অবিবাহিত সন্তানেরা প্রথম প্রেফারেন্সে পড়েন বলে এই ক্যাটেগরীর পড়েন বলে এই ক্যাটেগরীর আত্মীয়দের অপেক্ষা করতে হয়না।

তবে ইউএস সিটিজেনের ভাইবোনেরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন।এই ক্যাটেগরীর অপেক্ষার সময় আনুসাঙ্গিক দশ বছরের বেশি। আপনার বন্ধুর চাচা তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন।

এখন দুঃখজনক ঘটনা হচ্ছে আপনার বন্ধুর বাবা ছিলেন বেশি-ফিশিয়ারী এবং তিনি মারা গেছেন। এর ফরে অর্থাৎ বেনিফিশিয়ারীর মৃত্যুর কারণে আবেদনেরও মৃত্যু ঘটেছে। ঐ আবেদনের প্রেক্ষিতে আবেদনের অন্তর্ভূক্ত আর কেউ এদেশে আসার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

কুইন্স থেকে ইমতিয়াজুল খানের প্রশ্নঃ

আমি কিছুদিন হয় পারমানেন্ট রেসিডেন্ট কার্ড পেয়েছি। সেকারণে বাংলাদেশে গিয়ে আমার পছন্দের একজন মেয়েকে আমি বিয়ে করতে চাচ্ছি। এখন আমার জানার বিষয় হচ্ছে একজন গ্রিনকার্ডধারী হিসেবে বাংলাদেশে গিয়ে বিয়ে করার পর আমার স্ত্রীকে এখানে আনার ব্যাপারে আমি উপযুক্ত হবো কিনা? আর গ্রিনকার্ড নিয়ে ঝামেলাহীনভাবে দেশে গিয়ে কতদিন অবস্থান করতে পারব?

ইমতিয়াজুল খানের প্রশ্নের উত্তরঃ

একজন পারমানেন্ট রেসিডেন্ট তার স্পাউস এবং অবিবাহিত সন্তান-এর জন্যে আবেদন করতে পারেন। আপনি একজন পারমানেন্ট রেসিডেন্ট সেজন্যে আপনি আপনার বিবাহিতা স্ত্রীর জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন।

পিটিশনার যদি ইউএস এর গ্রিনকার্ডধারী হন তবে শুধু আই-১৩০ রিলেটিভ পিটিশান ফাইল করতে পারেন। আর বেনিফি-শিয়ারী যদি ইউএস সিটিজেন হন আর বেনিফিশিয়ারী যদি বাংলাদেশী হন হবে আই-১৩০ পিটিশান ফাইলের দরকার নেই। ইউএস সিটিজেনের স্পাউস হবার কারণে বিয়ের পরেই তার স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করা যাবে।

গ্রিনকার্ডধারীর স্পাউস (স্বামী/স্ত্রী) দ্বিতীয় প্রেফারেন্সে পড়েন। আর আপনি একজন গ্রিনকার্ডধারী তাই আপনি দেশে একবছরের কম সময় সেখানে অবস্থান করতে পারেন কোন অনুমতি ছাড়াই। আপনার যদি এক বছর বা তার বেশি সময় থাকার পরিকল্পনা থাকে তবে দুই বছরের অনুমতি নিয়ে দেশে গিয়ে অবস্থান করতে পারেন। তবে এতে করে গ্রিনকার্ড পাবার পাঁচ বছর পর সিটিজেনশীপের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হলেও আপনাকে আবারো একাধারে ক্রমাগত পাঁচ বছর এদেশে অবস্থান করতে হবে।

প্রয়োজনবোধে আপনি একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে কথা বলে আপনার প্রশ্নের সমাধান সম্পর্কে জেনে নিতে পারেন।

আর একটি কথা আমরা প্রায় সবসময় বলে থাকি আর তা হচ্ছে যে আপনার যদি নিয়মিত আমাদের এই বিভাগ পড়েন তবে তা থেকে হয়তো আপনার প্রশ্নের জবাব সম্পর্কে ধারণা নিতে পারবেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

‘কিংবদন্তী সাংবাদিক ঃ আতাউস সামাদ

এবিএম সালেহ উদ্দীন



উনিশ শো আশির শেষদিকে। এরশাদ বিরোধী আন্দোলন ক্ষীপ্রতার দিকে এগুচ্ছে। বিশ্ববিদ্যালয়ের শীতকালীন ছুটিতে দেশে গেলাম। ঢাকার সেগুন বাগিচায় শিল্পকলা একাডেমি চত্তরে একটি চিত্র প্রদর্শনী চলছিল। বন্ধু জাহেদ বলল, চল চাংপাইতে যাই। চাইনিজ খাব। আমি বললাম এত খেতে হবে কেন।

তার চেয়ে চল তোপখানার দিকে যাই। জাহেদ কথা বাড়ালো না।

একটি তিন চাকা’র রিক্সার উপর বসে যথারীতি পৌঁছে গেলাম প্রেসক্লাব। গৌরবময় ভাষা আন্দোলনের বীরত্বের উপর একটি সেমিনার। পাকিযুগের শুরুতেই রাষ্ট্র সন্ত্রাসের সূচনায় আমাদের উপর প্রথমে যে আঘাতটি হানে; তা হল আমাদের মাতৃভাষার উপর আমাদের বাক-স্বাধীনতার উপর হস্তক্ষেপ।

জাতীয় প্রেসক্লাবের ভিআইপি লাউঞ্জে ভাষা সৈনিক জাতীয় অধ্যাপক অধ্যক্ষ দেওয়ান মোহাম্মদ আজরফ’র সভাপতিত্বে গুরুগম্ভীর সেই অনুষ্ঠান। ছিমছাম ভাব-গম্ভীর পরিবেশ। স্বনামধন্য ভাষাসৈনিকের মধ্যে কথাসাহিত্যিক অধ্যাপক শাহেদ আলী, নুরুল হক ভূঁইয়া, এটর্নী জেনারেল আমিনুল হক, একসময়কার দু:সাহসী আওয়ামী লীগ নেতা এম এ মোহাইমেন, সাংবাদিক এ জেড এম এনায়েত উল্লাহ খান, অধ্যাপক আবদুল গফুর, কবি আবদুল মান্নান সৈয়দ ও ফজল শাহাবুদ্দীন সহ বেশ কয়েকজন প্রথমসারির বুদ্ধিজীবী আলোচনায় অংশ নিলেন। বাংলাভাষা ও সাহিত্যের জাগরণ। আমাদের জনজাতিকে পরিশুদ্ধ ও নন্দিতকরণের প্রয়াসে লেখক সাংবাদিকের ভূমিকা। মাঝে মাঝে আলস্য জড়িমা কাটিয়ে আটচল্লিশ থেকে বায়ান্ন’র অগ্নি-ঝরা দিনের স্মৃতিচারণ। পাকিস্তানী শাসনামলের শুরুতেই ভাষার স্বাধিকারে কলমযোদ্ধা ও অস্ত্র হাতে নেওয়ার অদম্য সাহস দেখিয়ে শাহেদ আলী সম্পাদিত ‘সৈনিক’ পত্রিকার ভূমিকা, এরশাদীয় শাসনের খুঁটিনাটি ত্রুটির যৎ-কিঞ্চিত অবশেষে আমাদের অস্তিত্ব সংকট ও পরিত্রাণের উপায় ইত্যাদি বিষয়ের উপর আলোকপাত।

‘স্বাধীনতা ও গণতন্ত্র রক্ষাকল্পে রাতারাতি কিছু করে ফেলা সম্ভব নয়। এজন্য প্রয়োজন গণমানুষের কাতারে শামিল হওয়া। মানুষের মৌলিক চাহিদা ও অধিকার রক্ষা করা। মানুষের সুখ দু:খের সঙ্গী হওয়া এবং সেজন্য কাজ করা। বাংলাদেশের মহান মুক্তিযুদ্ধের রক্তস্রোত এবং লক্ষ লক্ষ শহীদের প্রাণের বিনিময়ে অর্জিত



স্বাধীনতা রক্ষা কল্পে রাষ্ট্রপুঞ্জ ও জনগণের সম্মিলিত প্রয়াস না থাকার কষ্ট। স্বাধীনতা সংগ্রামে অবদানকারীর অবমূল্যায়ন ও শহীদ মুক্তিযোদ্ধা পরিবারবর্গের প্রতি অবহেলা প্রদর্শন (!) সর্বোপরি মুক্তিযুদ্ধের সত্যিকার ইতিহাস প্রনোয়নের জন্য রাষ্ট্রপুঞ্জের সঠিক উদ্যোগের অভাব নিয়ে কথা এবং ইত্যকার দু:খবোধে আক্রান্ত একধরণের শান্ত বিষন্নতার ছাপ। অত:পর বস্তুনিষ্ঠ ও নিরপেক্ষ সাংবাদিকতার গুরুত্ব এবং সংবাদ মিডিয়ার প্রতি হস্তক্ষেপ না করার জন্য সরকারের প্রতি আবেদন’ সংক্রান্ত বক্তব্য। এছাড়া সাংবাবিকতার নানান বিষয়ের উপর আর্শ্চয গভীর আত্মমগ্ন ভাষণ যিনি দিচ্ছিলেন। তিনি হলেন কিংবদন্তী সাংবাদিক আতাউস সামাদ। মহান মুক্তিযুদ্ধে যাঁর পুরোপরিবার সরাসরি জড়িত এবং পাকিস্তানী হানাদার বাহিনী দ্বারা সর্বোতভাবে ক্ষতিগ্রস্ত ও আক্রান্ত। যাঁর বড়ভাই শহীদ মুক্তিযোদ্ধা। সেই পরিবারেরই সদস্য মহান শ্রদ্ধেয় সাংবাদিক আতাউস সামাদ। তৎকালীন পাক হানাদারের রক্তচক্ষুকে তোয়াক্কা না করে যিনি তার শাণিত কলমকে অবারিত রেখেছিলেন। মামলা-হুলিয়া মাথায় নিয়ে যিনি সকল সাংবাদিককে মহান মুক্তিযুদ্ধের অংশিদার বানিয়ে নিতে অগ্রনীভূমিকায় ছিলেন। প্রেরণা যুগিয়েছেন। যিনি একনায়কতান্ত্রিক বহুবিতর্কিত এরশাদ সরকারের সময় জেল খেঁটেছেন। স্বাধীন বাংলাদেশে বিবিসির হয়ে সাহসী সাংবাদিকতার আপোসহীন যুগশ্রেষ্ঠ মানুষ সাংবাদিক আতাউস সামাদের বক্তব্যের পর সভাপতির ভাব-গম্ভীর মৃদু গভীর তাৎপর্যময় সমাপনি বক্তব্যের পর অনুষ্ঠান শেষ। অনুষ্ঠানে আগত ও বক্তব্য প্রদানকারী পরম শ্রদ্ধাভাজন কয়েকজনের সংগে দেখা করা। আমার প্রতি তাঁদের স্নেহসিক্ত কথাগুলো মনে থাকবে যা কখনো ভুলবার নয়। অত:পর শ্রদ্ধেয় আতাউস সামাদ ভাই’র আর্শ্চয দৃষ্টি। কবে কখন দেশে এলাম এবং কতদিন থাকব এইসব বিষয় নিয়ে কথা বিনিময়ের পর অবশেষে বিদায় নিলাম।

প্রবাসের কষ্টকঠিণ যাপিত জীবনে সেইসব মহাপুরুষের সান্নিধ্য এবং এই নিরাসক্ত জীবনে চেনা-অচেনা কতশত রথি-মহারথির ভীড়ে এখনও সামাদ ভাই’র স্মৃতি থেকে হাঁরিয়ে যায় নি। অকপট মরমি ভঙ্গির আমাদের সেই মহান আতাউস সামাদ ভাই অজসস্র স্মৃতিতে আজও উজ্জ্বল দীপ্তিময় আলোর ঝলক।

দার্শনিক কারলাইল-এর একটি বিখ্যাত উক্তি দিয়ে শেষ করব।

“মহত মানুষের সত্যিকার শ্রেষ্ঠত্ব প্রামাণিত হয় সাধারণ মানুষের সঙ্গে তার হৃদ্যতাপূর্ণ ব্যবহারের মধ্যদিয়ে।”

সেই গুণ শ্রদ্ধেয় আতাউস সামাদের মধ্যে ছিল। বিশেষ করে সাংবাদিকদের সাথে তা ছিল খুবই প্রবল। বর্তমান সময়ের সাংবাদিক সমাজ তাকে কতটুকু স্মরণ করেন! কিংবদন্তী সাংবাদিক আতাউস সামাদ তাঁদের অন্যতম। আমরা তাঁদের কখনও যেন ভুলে না যাই ।

লেখক: কবি ও কলামিস্ট,

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

বাংলাদেশ সোসাইটির যৌথ সভা অনুষ্ঠিত

(শেষের পাতার পর)

হয়। যৌথসভায় সভাপতিত্ব করেন ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান এম. আজিজ। সভা পরিচালনা করেন সোসাইটির ভারপ্রাপ্ত সভাপতি আব্দুর রহিম হাওলাদার এবং সাধারণ সম্পাদক মো. রুহুল আমিন সিদ্দিকী।

বৈশ্বিক মহামারী কভিড-১৯ শুরুর পর এটাই প্রথম যৌথসভা। প্রায় ছয় মাস পর সোসাইটির অফিসে সভাটি অনুষ্ঠিত হয়। দীর্ঘদিন পর সোসাইটির অফিসে আসতে পারে সবাই ছিলেন আবেগ আপ্লুত। চলমান বৈশ্বিক মহামারীতে আক্রান্ত হয়ে ইতিমধ্যেই সোসাইটির সভাপতি সর্বজন শ্রদ্ধেয় কামাল আহমেদ কার্যকরী পরিষদের অন্যতম সদস্য আজাদ বাকের সহ দুই শতাধীক প্রবাসী মৃত্যুবরণ করেন। সভায় তাদের মৃত্যুতে সোসাইটির পক্ষ থেকে সর্বসম্মতিক্রমে শোক প্রস্তাব গৃহীত হয় এবং তাদের বিদেহী আত্মার শান্তি কামনায় বিশেষ দোয়া মোনাজাত অনুষ্ঠিত হয়।

সভায় সোসাইটির বিগত দিনের কর্মকান্ডের উপরে আলোচনা-পর্যালোচনা করে আগামী দিনে কি করে আরো বেশি করে প্রবাসী বাংলাদেশীদের সেবায় নিজেদের নিয়োজিত করতে পারে সে নিয়ে আলোচনা হয় এবং আগামী দিনের করণীয় সম্পর্কে দিক নির্দেশনা দেন ট্রাস্টি বোর্ডের সদস্যরা।

সভায় এম. আজিজ বলেন প্যান্ডেমিক চলাকালে সবচেয়ে কঠিনতম সময়ে আমাদের কর্মকর্তারা যেভাবে মানুষের পাশে দাঁড়িয়েছেন তা কমিউনিটিতে একটি বিরল দৃষ্টান্ত হয়ে থাকবে। প্যানডেমিকের ওই ভয়াবহ সময়ে আমাদের মরহুম সভাপতি এবং কার্যকরী পরিষদের অন্যতম সদস্য তাদের জীবন দিয়ে মানুষের সেবা করে গেছেন। সভাপতি মরহুম কামাল আহমেদ এবং কার্যকরী সদস্য আজাদ বাকের হসপিটালে ভর্তি হওয়ার দুই দিন আগ পর্যন্ত মানুষের সেবায় তাদেরকে নিয়োজিত রেখেছিলেন। আমার মনে আছে আমরা তখন বসে মিটিং করতে পারিনি ঠিকই তবে ফোনে কনফারেন্সের মাধ্যমে বিভিন্ন সিদ্ধান্ত নিয়েছে এবং তা বাস্তবায়ন করেছি। আমরা আমাদের দুই সহকর্মীকে হারানোর পরেও শোককে শক্তিতে পরিণত করে দীর্ঘ ছয় মাস বিভিন্ন প্রয়োজনে প্রবাসীদের পাশে থেকেছি সবার আগে। তিনি কার্যকরী পরিষদের সকল কে স্মরণ করিয়ে দিয়ে বলেন বৈশ্বিক মহামারী এখনো শেষ হয়য়ে যায়নি আমাদের সবাইকে সতর্ক থাকতে হবে কমিউনিটির সবাইকে সতর্ক হওয়ার পরামর্শ দিতে হবে এবং সব সময় প্রস্তু থাকতে হবে যেকোনো প্রয়োজনে যাতে আমরা কমিউনিটির পাশে থাকতে পারি।

আব্দুর রহিম হাওলাদার এবং রুহুল আমিন সিদ্দিকী তাদের বক্তব্য বলেন সভাপতি মরহুম কামাল আহমেদ ও কার্যকরী সদস্য মরহুম আজাদ বাকের আকস্মিক মৃত্যু আমাদেরকে অনেক ব্যথিত করেছে। সেই সময় আমরা প্রায় দিশেহারা হয়ে পড়েছিলাম। তার মধ্যেও এত মানুষের মৃত্যুর খবর এদের পরিবারকে সহযোগিতা তাদের কবরের ব্যবস্থা করা একটা চ্যালেঞ্জ ছিল। একই সময়ে গুরুতর অসুস্থ হয়ে ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ছিলেন হসপিটালে ভর্তি। আমরা শোককে শক্তিতে পরিণত করে কার্যকরী পরিষদ এবং ট্রাস্টি বোর্ডের অন্যান্য সদস্যদের সহযোগিতা নিয়ে সাংগঠনিক কর্মকান্ড চালিয়ে গিয়েছে। বিশেষ করে সোসাইটির পক্ষ থেকে নিহতদের কবর প্রধান এবং ফিনারেল সার্ভিসের সহযোগিতা দেয়া ছিল আমাদের প্রধান কাজ। আর এই কাজটি কার্যকরী পরিষদের প্রতিটি সদস্যের সহযোগিতায় এবং ট্রাস্টিবোর্ডের দিকনির্দেশনা আমরা খুব সুষ্ঠুভাবে করতে পেরেছি । সেজন্য কার্যকরী পরিষদ এবং ট্রাস্টিবোর্ডের সবাইকে ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

সভায় ট্রাস্টি বোর্ডের সদস্য এবং প্রধান নির্বাচন কমিশনার জামাল উদ্দিন জনি নির্বাচনের সর্বশেষ পরিস্থিতি নিয়ে সবাইকে অবহিত করেন। তিনি বলেন নির্বাচন নিয়ে যে মামলা হয়েছিল সেটার সমাধান হয়েছে এবং নির্বাচন পরিচালনা করতে এখন আর কোন বাধা নেই। তবে বর্তমান পরিস্থিতির কারণে কবে নাগাদ নির্বাচন অনুষ্ঠিত হবে তা এই মুহূর্তে বলতে না পারলেও যত তাড়াতাড়ি সম্ভব নির্বাচন আয়োজনে সচেষ্ট রয়েছে নির্বাচন কমিশন । তবে সেক্ষেত্রে অবশ্যই বর্তমান পরিস্থিতির উন্নতি এবং স্থানীয় প্রশাসনের অনুমতি সাপেক্ষে যত শীঘ্রই একটি অবাধ নিরপেক্ষ এবং সুষ্ঠু নির্বাচন আয়োজনে কমিশন বদ্ধপরিকর বলে তিনি জানান।

সভায় উপস্থিত ছিলেন ট্রাস্টি বোর্ডের সদস্য জামাল আহমেদ জনি, কাজী আজহারুল হক মিলন, আজিমুর রহমান বোরহান, প্রফেসর দেলোয়ার হোসেন, মফিজুর রহমান, ওয়াসি চৌধুরী, মোস্তফা কামাল পাশা বাবুল, আব্দুল হাসিম হাসনু ও শরাফ সরকার।

ভারপ্রাপ্ত সভাপতি ও সাধারণ সম্পাদক ছাড়াও কার্যকরী কমিটির সদস্যদের মধ্যে উপস্থিত ছিলেন সহ-সাধারণ সম্পাদক এম কে জামান, কোষাধ্যক্ষ মোহাম্মদ আলী, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম ভূঁইয়া, সাংস্কৃতিক সম্পাদক মনিকা রায়, সমাজ কল্যাণ সম্পাদক নাদির এ আইয়ুব, সাহিত্য সম্পাদক নাসির উদ্দিন, ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক নওশেদ হোসেন, কার্যকরী সদস্য ফারহানা চৌধুরী , মঈনুল উদ্দিন মাহবুব, সাদী মিন্টু ও আবুল কাশেম চৌধুরী। -প্রেস বিজ্ঞপ্তি।

MOHAMMED KABIR
LIC. R.E. BROKER



RE-METCH REALTY INC.
* SALES
* RENTALS
* MORTGAGES
* REFINANCES

দীর্ঘ ২০ বছরের অভিজ্ঞতা সম্পন্ন একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

2122 A Weschester Ave, Bronx, NY 10462
নিউইয়র্কে বাড়ী ক্রয়, বিক্রয়, ভাড়া সব রকমের সহযোগিতা করে থাকি।
CELL: (646) 238-6799
E-mail: kabir.remetchrealty@gmail.com
Tel: (347) 657-0801. Fax: (347) 657-0802

DR. SADI ALAM, DPM
Foot Specialist
পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক
Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432
Hollis: 196-22 Hillside Ave, Hollis, NY 11423
Jackson Heights Office: 7017 37th Ave, Jackson Heights, NY 11372
Brooklyn Office: 486 McDonald Ave, Brooklyn, NY 11218
Alam Podiatry, P.C.
Ozone Park Office: 530 Conduit Blvd, Brooklyn, NY 11208
Bronx Office: 3099 Bainbridge Ave, Bronx, NY 10467
Parkchester Office: 1381 Castle Hill Ave, Bronx, NY 10462
FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com
WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL

বর্ণ-বৈষম্য

মিজানুর রহমান খান আপেল

সারা পৃথিবীতে নানা রং ও বৈশিষ্টের মাটি রয়েছে। আমাদের আদি পিতা আদম (আ:)-কে সৃষ্টি করার উদ্দেশ্যে পৃথিবী থেকে মাটি আনতে আল্লাহ তায়ালা প্রথমে, হুকুম করলেন ফেরেস্তা জিবরাইল ও মিকাইল (আ:)-কে, তখন মাটি বলল, তোমাদের আচরণ থেকে আল্লাহ তায়ালার নিকট ক্ষমা প্রার্থনা করছি। যদি আমার অস্তিত্ব বিপন্ন করার মানসে তোমরা এসে থাক। যার কারণে, ফেরেস্তারা খালি হাতে ফিরে এলেন। এরপর পাঠালেন জানকবজ করার ফেরেস্তা আজরাইল (আ:)-কে, তিনি পৃথিবীর বিভিন্ন এলাকা থেকে মাটি সংগ্রহ করে আনলেন। সেই মাটি দিয়েই সৃষ্টি করা হলো আদি পিতা আদম (আ:)-কে তাই, আদি পিতার বংশধর হিসেবে মাটির মত বিভিন্ন রং বৈচিত্রের মানুষ পৃথিবীতে দেখা যায়। সুতরাং এটিই মানুষের বর্ণ-বৈষম্যের মূল কারণ। মানুষের গায়ের রং আল্লাহ তায়ালার একক সিদ্ধান্ত, তাই মানব সন্তানের মর্যাদার মাপকাঠি বর্ণ নয় বরং কর্ম। সুতরাং আল্লাহ তায়ালা যার সংগ্রহ করা মাটি দিয়ে আদম সৃষ্টি করেছেন তাকে দিয়েই আদম সন্তানদের জান কবজ করেন। যিনি পৃথিবীর বুকে একমাত্র ভয়ের কারণ, যার নাম "আজরাইল"। আল্লাহ তায়ালা মানব সন্তানদের বর্ণবৈষম্য থেকে দূরে রেখে নৈতিকতার আদলে এক কাতারে চলার তৌফিক দান করুন। আমিন

কুইন্স ভিলেজ, নিউইয়র্ক।

বাফেলো আওয়ামী লীগ নিয়ে কিছু কথা

বাফেলো নিউইয়র্ক ষ্টেটের অন্তর্গত একটি সিটি। সে অনুসারে এর নাম হবে নিউইয়র্ক সিটি বাফলো আওয়ামী লীগ। সেটা না করে যুক্তরাষ্ট্র বাফেলো আওয়ামী লীগ নামকরণ করে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের একটি প্যারালাল সংগঠন হিসেবে দাঁড় করানোর চেষ্টা বলে আমি মনে করি। অন্যদিকে এই সিটিতে সম্মেলন করতে হলে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অনুমতি সাপেক্ষে নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের করার কথা। কিন্তু যেভাবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ-কে পাশ কাটিয়ে বাফেলো সিটি আওয়ামী লীগের সম্মেলনের প্রস্তুতি নিচ্ছে তা একটু দৃষ্টিকটু মনে হচ্ছে।

তাই আমি নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের দায়িত্বপ্রাপ্ত সদস্য হিসেবে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ তথা যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সম্মানিত সভাপতির দৃষ্টি আকর্ষন করছি, নাম পরিবর্তন করে নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগকে সময় বেধে দিয়ে বাফেলো সিটি আওয়ামী লীগের সম্মেলন করার দায়িত্ব দেয়া হোক। এই নির্ধারিত সময়ের মধ্যে নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ সম্মেলন করতে না পারলে আপনারা সরাসরি কমিটি করতে বাধ্য হবেন বলে নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সভাপতি ও সাধারণ সম্পাদককে একটা চিঠির মাধ্যমে জানিয়ে দিন তাতে সাংগঠনিক এবং সংগঠনের চেইন অব কমান্ড হিসাবে কাজ হবে বলে আমি মনে করি। যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সম্মানীত সভাপতি ড. সিদ্দিকুর রহমানের সহৃদয় দৃষ্টি আকর্ষন করছি।

শেখ আতিকুল ইসলাম, সহ সভাপতি, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ।

ফিলিস্তিনিদের বুকে পদাঘাত

(৪ পাতার পর)

নিরাপত্তা পরিষদের ১৯৪ নম্বর রেজল্যুশনে বলা হয় মোট ২৬ হাজার বর্গকিলোমিটার ভূখন্ড সমান দুই ভাগ করে দুটি স্বাধীন রাষ্ট্র পাশাপাশি থাকবে। কিন্তু ইসরায়েল তার কিছুই মান্য করল না। বরং যতটুকু যা বাকি ছিল তাও ১৯৬৭ সালের যুদ্ধে ইসরায়েল দখল করে নিল। ফিলিস্তিনের জনগণ সম্পূর্ণ ভাসমান জাতি হয়ে গেল। তারপর জাতিসংঘ ও আন্তর্জাতিক সম্প্রদায়ের পক্ষে ১৯৪৮ সালের ১৯৪ নম্বর রেজল্যুশনের কথা ছেড়ে দিয়ে নতুন করে বলা হলো, সমান সমান দুই ভাগের প্রয়োজন নেই, ইসরায়েল ১৯৬৭ সালে দখলকৃত জায়গাগুলো ছেড়ে দিলেই চলবে। ফিলিস্তিন কর্তৃপক্ষ সেটাও মেনে নিল। এ মর্মে ১৯৬৭ সালে রেজল্যুশন নম্বর ২৪২, ১৯৭৮ সালে ৪৪৬ এবং ১৯৮০ সালে ৪৬৫ নম্বর রেজল্যুশন আমেরিকাসহ সবার সম্প্রতিক্রমে গৃহীত হলো। কিন্তু আজ পর্যন্ত এসব রেজল্যুশনের একটিরও কার্যকর হয়নি। ডোনাল্ড ট্রাম্প প্রেসিডেন্ট হওয়ার পর তাঁর জামাতা জার্ড কুশনারের নতুন শান্তি পরিকল্পনায় ওই সব রেজল্যুশনের কথা সম্পূর্ণ উপেক্ষা করা হয়েছে এবং এখন সামান্য যতটুকু জায়গায় ফিলিস্তিনের স্বায়ত্তশাসন আছে তার থেকেও ইহুদি সেটলারদের জায়গা বাদ দিয়ে যতটুকু থাকে তা নিয়ে ফিলিস্তিন রাষ্ট্র গঠনের কথা বলা হয়েছে। এই পরিকল্পনা অনুযায়ী গঠিত ফিলিস্তিন হবে সম্পূর্ণ ভঙ্গুর এবং চিরদিন ইসরায়েলের করুণানির্ভর রাষ্ট্র। এ কারণেই ফিলিস্তিনি জনগণ, ইউরোপসহ বিশ্বের শান্তিকামী মানুষ জার্ড কুশনারের শান্তি পরিকল্পনাকে গ্রহণ করতে পারেনি, বেশির ভাগ মানুষই প্রত্যাখ্যান করেছে। সুতরাং শান্তির আশা নেই। বরং এর মাধ্যমে মুসলিম উম্মাহ, এই কথার মূল্য ও অর্থ আর থাকবে না। ওআইসি, আরব লীগ মুখ থুবড়ে পড়বে। আরব ও মধ্যপ্রাচ্যজুড়ে নতুন সামরিক ও রাজনৈতিক মেরুকরণ ঘটবে। তাতে একদিকে ইরান ও তুরস্ক, আর অন্যদিকে সৌদিবলয়। ভ্রাতৃঘাতী প্রক্সি যুদ্ধ বৃদ্ধি পাবে, যা এখন লিবিয়া, ইয়েমেন ও সিরিয়ায় চলছে। এসব রাষ্ট্র ভেঙে ক্ষুদ্র ক্ষুদ্র মেরুদন্ডহীন আরব রাষ্ট্রের উদ্ভব ঘটবে। সাদ্দাম ও গাদ্দাফির মতো জাতীয়তাবাদী নেতা আর আসবে না। আর কেউ কোনো দিন ইসরায়েলকে ধমক দিতে পারবে না। সুতরাং ১৫ সেপ্টেম্বর হোয়াইট হাউসে স্বাক্ষরিত চুক্তির মাধ্যমে শুধু ফিলিস্তিন নয়, সমগ্র আরব জাতির জন্য এটি বুকের ওপর পদাঘাতস্বরূপ।

লেখক: রাজনৈতিক ও নিরাপত্তা বিশ্লেষক।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



● ইমিগ্রেশন ● রিয়েল এস্টেট
● এক্সিডেন্ট ● ল্যান্ডলর্ড-টেনেন্ট
● ব্যাংক্রাপসি ● ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'

For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাংলা পত্রিকা
পড়তে
ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।


দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার ৭ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711





ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব



কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!

আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া **লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:**

● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজ্যুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।

ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।

All Service Provided by Attorneys Admitted in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.

72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

সংশোধিত আমেরিকা দেখব কি?

(৪ পাতার পর)

মধ্যে ভারতবিরোধী সেন্টিমেন্ট বাড়ছে।

আসলে ইকোনমিস্টের ওই রিপোর্ট অনেক জায়গাতেই প্রতিক্রিয়া সৃষ্টি করেছে। আর তা যে যার মতো কাজে লাগাচ্ছে। যেমন বিবিসি পরোক্ষে ওই রিপোর্ট নিয়ে আরেকটি রিপোর্ট করেছে। সেখানে ফোকাস হলো, ভারত না আবার কংগ্রেসও না, মোদি সরকারের কারণে বাংলাদেশের সাথে ভারতের সম্পর্ক ঢিলা হয়ে গেছে। আর সম্পর্ক যে ঢিলা হয়েছে এর প্রমাণ হলো ইকোনমিস্টের ওই রিপোর্ট। রাহুল গান্ধীও ইকোনমিস্টের ওই রিপোর্টের বরাতে মোদির বিরুদ্ধে লম্বা টুইট করেছেন।

এতে লেখকের প্রো-ইন্ডিয়ান অবস্থান সবচেয়ে ভালোভাবে ধরা পড়েছে। তিনি লিখছেন, ১৯৭১ সালে বাংলাদেশ স্বাধীন হওয়াকে ভারতের অবদান। আর দাবি করছেন সেই থেকে নাকি 'দুই দেশের সম্পর্ক খুবই ঘনিষ্ঠ হয়ে আছে'। এ কথাটা কূটনীতিক ও আন্তর্জাতিক সম্পর্ক বোঝেন, এমন লেখক বলতে পারেন না। তবে রাস্তার ধারে টংয়ের চা দোকানে বসে গুলতানির আলাপ হতে পারে এটা। কারণ দুই রাষ্ট্রীয় কোনো সম্পর্কের ভেতরে কখনো দয়া বা দান-ধ্যান ধরনের ধারণা থাকে না। দুই রাষ্ট্র দু'পক্ষের কোনো বিষয়ের মধ্যে উভয়েই নিজেদের স্বার্থ দেখতে পেলে একমাত্র তখনই তারা একসাথে কাজ করে, পদক্ষেপ নেয়। পরস্পরের পক্ষে খাড়া হতে সম্মত হয়। স্বার্থ কমন না হলে এটা করতেই পারে না। তাই এখানে কেউ কাউকে 'দয়া' করার কিছু নেই। বাংলাদেশকে সহায়তা করতে ভারতেরও স্বার্থ ছিল। বিশেষত পাকিস্তানের ওপর তার অবস্থান এতে আরো শক্ত হবে, সীমান্তে এবং কূটনীতিক সভা ও ফোরামগুলোতে ভালো অবস্থান সৃষ্টি হবে– এসব স্বার্থেই ভারত বাংলাদেশকে সেসময় সহায়তা করেছিল। বাংলাদেশ স্বাধীন হলে তখনকার পাকিস্তানের অর্ধেকের বেশি সীমান্তে পাহারার দায় ও টেনশন কমে যায়। এটাও এক বিরাট লাভ।

অতএব ১৯৭২ থেকে 'দুই দেশের সম্পর্ক খুবই ঘনিষ্ঠ হয়ে আছে' এটি অমূলক কথা। ফ্যাক্টস হলো, ২০০৭ সালে আমেরিকা বাংলাদেশকে ভারতের হাতে 'তুলে দিয়েছিল'; আমেরিকার পক্ষে চীন ঠেকানোর জন্য ভারতের কাজ করে দেয়ার বিনিময়ে 'উপহার' হিসেবে। কাজেই ২০০৯ থেকে ২০১৯ মোটামুটি এই সময়ে বাংলাদেশ প্রসঙ্গে ভারতের নিজের জন্য স্বর্ণযুগ বিবেচনা করা হয়, যেটা এর আগে কখনো বা ১৯৭২ সালেও ছিল না। আর ফাইনালি এখন সেটিই নানান কারণে চলতি বছর থেকে নানান সমীকরণে ক্ষমতাসীন সরকার আবার অনেক বেশি চীনমুখী হয়ে থাকাটা পাবলিকের স্বার্থ হোক আর নাই হোক, সরকারের ক্ষমতায় থাকার জন্য জরুরি মনে করা হচ্ছে।

কিন্তু এ নিয়ে রিপোর্ট লিখতে বসে, ভারতমুখী করে যা ইচ্ছা ব্যাখ্যা দেয়া তো অর্থহীন। বরং এটি ইকোনমিস্ট গ্রুপের সম্মান ইজ্জত ও ইন্টিগ্রিটি বা সততাকে ধুলায় লুটাবে। আমাদের কি মনে নেই, ২০১৮ সালের ডিসেম্বরে বাংলাদেশের নির্বাচন নিয়ে, যেটাকে দেশের মানুষ 'নৈশভোটের নির্বাচন' বলে চিনে, তাকে ইকোনমিস্ট গ্রুপের 'ইন্টেলিজেন্স ইউনিট' ১২ ডিসেম্বর ২০১৮ 'লীগ সরকার পুনর্নির্বাচিত হবে' বলে প্রেডিকশন দিয়েছিল। অথচ এটা কেমন নির্বাচনী পূর্বাভাস বা ইন্টেলিজেন্স? এর মানে কি ইকোনমিস্ট জানত যে, এটি নৈশভোট হবে? তাই কি? ইকোনমিস্ট গ্রুপ কখনো এ নিয়ে অন্তত লজ্জা পেয়েছিল বলে শুনিনি।

আবার লেখকের কান্ডজ্ঞান দেখে আমাদের অজ্ঞান হওয়ার দশা। তিনি বাংলাদেশে চীনা ও ভারতীয় ব্যবসায়ীদের বিনিয়োগের এক তুলনামূলক গ্রাফ দিয়েছেন। আচ্ছা, দুনিয়ার কোনো দেশে বিদেশী বিনিয়োগকারী হিসেবে ভারতীয় ব্যবসায়ীদের কি খুব নামডাক? তারা কি খুবই যোগ্য আর তুলনীয়? তা-ও আবার প্রবল উঠতি অর্থনীতির হবু নেতা চীনের সাথে তুলনায়? তাতে ফলাফল কি দেখানো হয়েছে? বলা হয়েছে যে, এটি ১:১২ অনুপাতে। মানে, ভারতের এক হলে চীন এর ১২ গুণ বিনিয়োগকারী, চীনের আধিপত্যে। তাহলে এটা দিয়ে কি বুঝানো গেল? আর এতে কি উল্টা ভারতকে তুচ্ছ দেখানো হয়ে গেল না?

লেখক বলছেন 'চীনা মুগ্ধতা দেখানো অশোভন ইঙ্গিত'। কেন, তা কিছুই বোঝা গেল না। কেবল পরের বাক্যে তিনি বলছেন, চীন বাংলাদেশকে সাম্প্রতিককালে সাতটি ফেন্ডশিপ ব্রিজ বানিয়ে দিয়েছে। হ্যাঁ দিয়েছে, আর সাথে একটি আধুনিক অডিটোরিয়ামও তৈরি করে দিয়েছে, আর সবই বিনা পয়সায়। প্রথমে বানিয়ে দিয়েছিল ঋণের অর্থে, পরে সব ঋণ সে মাফ করে দিয়েছে অনুদান হিসেবে।

সর্বসাকুল্যে এর খরচ সেকালের হিসাবে কয়েক শ' মিলিয়ন ডলার। আর এ ছাড়া তা সাম্প্রতিককালের ব্যাপার নয় আর বাংলাদেশের দুই দলের সরকারের আমলেই ঘটেছে এমন পুরনো ঘটনা। কিন্তু মূল কথাটা হলো, যে চীন আমেরিকার বদলে গ্লোবাল এম্পায়ারের আসনে বসতে যাচ্ছে তার জন্য বাংলাদেশেও প্রভাব বিস্তারের জন্য কয়েক শ' মিলিয়ন ডলার ব্যয় করা কি বেশি ব্যয়? গত ৭২ বছরের নেতা আমেরিকা কি এমন কয়েক শ' মিলিয়ন ডলার বিনিয়োগ করে পরে মাফ করেনি, অনুদান দেয়নি? এশিয়া আফ্রিকায় এমন কতগুলো দেশের নাম চান? গুগলে সার্চ দিলেই টের পাবেন। গ্লোবাল আম্পায়ার হতে গেলে এমন অনেক খরচ করতেই হয়।

আসল ঘটনা অন্য, এককথায় আমেরিকা বাংলাদেশের সাথে সম্পর্ক করার কৌশলেও চীনের কাছে হেরে গেছে। আর তা আমেরিকার তথাকথিত 'বাংলাদেশী এক্সপার্টদের' ভুয়া পরামর্শের কারণে।

একে তো বাংলাদেশকে তারা ভারতের হাতে 'তুলে দিয়েছেন'। আর শুধু এ জন্যই আমেরিকা বাংলাদেশ থেকে চির-বিতাড়িত হয়ে যেতে পারে। সে জন্য অন্তত কারেকশন হিসেবে আমেরিকার একবার মাফ চেয়ে আবার শুরু করা উচিত। এখনো সে দেশে পজিটিভ রাজনৈতিক ভূমিকা রাখার সুযোগ সব শেষ হয়নি, যদিও যথেষ্ট ক্ষতিগ্রস্ত হয়েছে। কথিত এক্সপার্ট আর দেশী বোকা এনজিও কর্তাদের কারণে। এরা এখন দাবি করেন, চীন-ভারত নাকি বাংলাদেশের সব ক্ষতি করে ফেলছে। এরা এখন টের পেয়েছেন, ভারত নাকি বাংলাদেশে পাকিস্তানের চেয়েও বড় শোষক ইত্যাদি...। আসলে এরা না বাংলাদেশের জন্য না আমেরিকার জন্য প্রয়োজনীয়, বা কোনো ভূমিকা রাখতে পারছেন।

চীন নিজের কাজ ও লক্ষ্য ঠিকমতোই বোঝে। কাজেই চীন বাংলাদেশের অবকাঠামো, বিদ্যুৎ ও টেলিকম ইত্যাদি সব খাত দখলে নিয়েছে বলে এখন আপসোস করার কী আছে? চীন যে বাংলাদেশে ব্যবসায় বিনিয়োগ-বাণিজ্য ও প্রভাব চায় তা কী করে পেতে হয় প্রতিযোগিতার যুগে তা ভালোই জানে আর প্রয়োজনীয় হোমওয়ার্কসহ সবকিছু তারা করে এসেছেন। হবু গ্লোবাল ইকোনমিক এম্পায়ার চীনকে এমনই তো হতে হবে। আমেরিকা এমন এম্পায়ার হয়েই গত ৭২ বছর ধরে রাজত্ব করেছে, তারা তো এমনি এমনিতে টিকে ছিল না! কিন্তু 'শেষ বয়সে' তার বাংলাদেশে নেয়া পদক্ষেপগুলো ছিল ধারাবাহিকভাবে ভুল আর ভুল। যেমন দেখুন, পদ্মা সেতুর দুর্নীতি ইস্যুতে বিশ্ব ব্যাংক যদি প্রশ্নই তুলে থাকে, শেষ করল না কেন? প্রমাণ করল না কেন? উল্টা মামলাটাই প্রত্যাহার করে সব ছেড়ে পালাল কেন? আর এমনভাবে ও এমন সময়ে পালাল যাতে বিশ্ব ব্যাংকের প্রতিযোগী ও বিকল্প হিসেবে চীনের নিজেকে হাজির করা সবচেয়ে সহজ হয়।

চীন বিশ্ব ব্যাংকের চেয়ে অনেক বড় সক্ষম দাতা, উদীয়মান, পরিকল্পিত ও স্ট্র্যাটেজিক এবং সর্বোপরি লোকাল এজেন্ট বা কমিশন ব্যবস্থা সে রাখে। যে গ্রহীতা সরকার যেভাবে সন্তুষ্ট হয় সেটিই সে অনুসরণ করে। এটা কি ২০১৩ সালের আগে মার্কিন স্টেট ডিপার্টমেন্ট বা বিশ্ব ব্যাংকের স্ট্র্যাটেজিস্টরা বোঝেননি যে, প্রবল প্রতিদ্বন্দ্বী হয়ে চীন এসে যাচ্ছে? যদি না বুঝে থাকেন এটাই তো প্রমাণ, চীন উত্তম ও যোগ্য গ্লোবাল ইকোনমিক এম্পায়ার হয়ে উঠেছে, যার সাথে তুলনায় আমেরিকার দিন ফুরিয়ে গেছে।

আবার গ্লোবাল রাজনৈতিক দিক, যে খাতে চীনের দেয়ার কিছুই নেই, অথচ কথিত এক্সপার্টদের কারণে বাংলাদেশের সাধারণ মানুষের কাছে আজ আমেরিকার কোনো আবেদন নেই। এর এক নম্বর কারণ খোদ আমেরিকায় মুসলমানদের সাথে তার বিদ্বেষী আচরণ। ভুলে গিয়েছিল আমেরিকান রাষ্ট্রের মানবাধিকারের প্রতি কিছু প্রতিশ্রুতি আছে যা রক্ষা করতে পারলেই কেবল সে আমেরিকা রাষ্ট্র আর, গ্লোবাল পলিটিক্যাল লিডার হয়ে থাকতে পারে।

মূল কথাটা হলো, যারা আমেরিকান রাষ্ট্রের বিরুদ্ধে অস্ত্র হাতে নেয় কেবল সেই ব্যক্তিরাই এ রাষ্ট্রের শত্রু। কিন্তু হোমল্যান্ড সিকিউরিটি এর অর্থ করেছে– 'মুসলমানরা' আমেরিকার শত্রু। এভাবে যেখানেই মুসলমান পেয়েছে তারা কিছু করুক আর নাই করুক সবাইকে সে উঠিয়ে এনেছে। এভাবে বুশের আমল থেকে এ পর্যন্ত ভুল পথে আমেরিকা হাঁটছে। এতে আমেরিকান রাষ্ট্রের 'কবর' ওই দিন থেকেই দেয়া হয়ে গেছে। এটা হয়ে গেছে, কারণ মুসলিমবিদ্বেষী আর নাগরিক বৈষম্যের রাষ্ট্র যে নিজের প্রতিশ্রুতি বা কনস্টিটিউশনই ধরে রাখতে পারে না, মানে না; সে তো আসলে মৃত। আবার এশিয়াতে তারা ভারতের সাথে কৌশলগত মিত্রতা করেছে। এর ঐক্যের ভিত্তিও এই দুই রাষ্ট্রও মুসলিমবিদ্বেষ, এরা মুসলমানদের নিজের রাষ্ট্রের শত্রু মনে করে। এটা তো হতেই পারে না। অথচ মৌলিক বোঝাবুঝিটা হচ্ছে, যেকোনো জনগোষ্ঠীর প্রতি বৈষম্য বা অসাম্য করা, এটা নিজ রাষ্ট্রকে বিলুপ্ত করে ফেলার শামিল। তাই আমেরিকা বা ভারত মুসলিমবিদ্বেষী রাষ্ট্র হয়ে যেতে বাধ্য, হয়েছেও তাই।

আমেরিকার আত্মস্বার্থও যারা বোঝে না আর মনভর্তি মুসলমানদের প্রতি ঘৃণা নিয়ে আছে যারা; এমন কিছু প্রজন্ম চলতি শতকের শুরু থেকেই আমেরিকার প্রশাসনে অধিষ্ঠিত হয়ে গেছে।

এবার, বাংলাদেশে যারা এক্সপার্ট আমেরিকার বন্ধু হিসেবে কাজ করেন তাদের দিকে দেখি। তারা মনে করেন, একজন ইসলামিস্ট কত দূর সেক্যুলার বা আধুনিকতা থেকে দূরে আছে তা মেপে রায় দেয়াটা তার কাজ। এর অর্থ, তাহলে একজন আল্লামা আহমদ শফী হুজুরকেও যেন তিনি মেপে বলতে আহ্বান জানাচ্ছেন যে, দেখুন তো, আমেরিকান এক্সপার্ট কতটুকু ইসলামিস্ট হয়েছি। বলাই বাহুল্য, এতে শফী হুজুরের মতো কোনো আলেমকে দাওয়াত দিয়ে আনা আর তাকে দিয়ে বলানো যে, আমি তো আপনার মতো কওমি মাদরাসায় পড়িনি তাই আমি আধুনিক বলে আমাকে নাকচ করে দেন। অথচ এটাও কোনো ইসলামিস্টের কাজ নয়।

ব্যাপারটা হলো, আমরা কেউ আরেকজনকে তার ইডিওলজি মেনে নিতে বা নিয়ে চলার দাওয়াত দিতে বা দাবি করতে পারি না। কারণ ওটা আমাদের কারোই কাজ নয়। বরং সব ইডিওলজির লোকেরা যেন পাশাপাশি বৈষম্যহীনভাবে সমান সুযোগসহ বসবাস করতে পারি এমন নীতির একটা রাষ্ট্রের জন্য সবাই ঐক্যমত হওয়া, এটাই আমাদের সবার কাজ। এতে এরপর থেকে সবাই ওই রাষ্ট্রের কমন নীতিগুলো মেনে চলা সাপেক্ষে সবার মতাদর্শ সবাই কারো সাথে একমত না হয়েই বাধাহীনভাবে চর্চা করতে পারি।

মানে কথিত এক্সপার্টরা আসলে নিজের আসল কাজটা কী তাই তো বোঝেননি। তারা ভেবেছেন, একজন ইসলামিস্ট যে প্রগতিশীল নয়, হতেও চায় না এই ফতোয়া দেয়া ও জারি রাখাই তার কাজ। ইসলামিস্টরা কত পশ্চাৎপদ তা দেখিয়ে দেয়াই যেন তার কাজ। ফলে এরই পরিণতি হলো ঘৃণার চর্চা বাড়িয়ে চলা।

আমেরিকা আবার উঠে আসার চেষ্টা করছে আমরা টের পাচ্ছি। কিন্তু তারা কি নিজেদের সংশোধন করে হাজির করতে সক্ষম হবেন?

তবে ইকনোমিস্ট সব শেষে তাদের এক রিডিং জানিয়েছে। বলেছে, চীনের কাছে খুব বেশি দায়বদ্ধ হয়ে যাওয়া নয়, আবার ভারতের প্রতি অবজ্ঞাপূর্ণ আচরণ না করা নিয়ে সতর্ক বাংলাদেশ।

লেখক : রাজনৈতিক বিশ্লেষক

সবচেয়ে প্রস্তুত রাষ্ট্রটি ট্রাম্পে এসে খাবি খেল!

নিকোলাস ক্রিস্টফ

করোনাভাইরাসের বিপদ সম্পর্কে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প যত দ্রুত অবগত হয়েছিলেন তা ঠেকাতে যদি তত দ্রুত ব্যবস্থা নিতেন, তাহলে আজকের আমেরিকা কেমন থাকত? গত ২৮ জানুয়ারী ত্বরিত ব্যবস্থা গ্রহণের একটি সুযোগ তাঁর সামনে এসেছিল। ওই দিন তাঁর জাতীয় নিরাপত্তা উপদেষ্টা রবার্ট সি ও'ব্রায়েন তাঁকে বলেছিলেন, 'আপনার প্রেসিডেন্সিতে করোনাভাইরাস হবে সবচেয়ে বড় জাতীয় নিরাপত্তা হুমকি।' কিন্তু ট্রাম্প সেই সতর্কতা এড়িয়ে গেলেন। উল্টো কয়েক দিন পর তিনি বব উডওয়ার্ডের (প্রখ্যাত সাংবাদিক ও লেখক) কাছে জানতে চান, ভাইরাসটি আসলেই কতটা মারাত্মক ও সংক্রামক। উডওয়ার্ডের নতুন বই 'রেজ'-এর সূত্রে এই তথ্য জানা গেছে।

সতর্কতা সত্ত্বেও প্রেসিডেন্ট ফ্লুর সঙ্গে তুলনা দিয়ে ভাইরাসটিকে গুরুত্বহীন করে জনগণকে বিভ্রান্ত করলেন। তিনি বললেন, এটা চলে যাবে। তিনি তখন মাস্কের বিরোধিতা করলেন, বিশেষজ্ঞদের সাইডলাইনে ঠেলে দিলেন, বড় বড় সমাবেশ করলেন, লকডাউনের সমালোচনা করলেন এবং একই সঙ্গে কভিড-১৯ পরীক্ষার ব্যবস্থা ও সুরক্ষাসামগ্রী প্রস্তুত রাখতে ব্যর্থ হলেন। এর ফল কী হলো? যেখানে আমেরিকানরা বিশ্ব জনসংখ্যার ৪ শতাংশ, সেখানে আজ করোনাভাইরাসজনিত মৃত্যুতে আমরা বিশ্বের ২২ শতাংশ স্থান দখল করে নিয়েছি।

ধরুন, ট্রাম্প গত জানুয়ারী এমনকি ফেব্রুয়ারী মাসেও যদি জনগণকে বিপদ সম্পর্কে সতর্ক করতেন, ব্যাপকভাবে পরীক্ষা উপকরণ বিতরণের নিশ্চয়তা দিতেন (যদিও সিয়েরা লিওনের মতো রাষ্ট্রও যুক্তরাষ্ট্রের আগেই তা করেছিল) এবং একটি শক্তিশালী কন্টাক্ট ট্রেসিং সিস্টেম গড়ে তুলতেন (তখন যুক্তরাষ্ট্রের চেয়েও উন্নত কন্টাক্ট ট্রেসিং ব্যবস্থা ছিল কঙ্গোর); তাহলে কেমন দাঁড়াত পরিস্থিতি? কিংবা তিনি যদি মেক্সিকো সীমান্তে তাঁর দেয়াল নির্মাণের মতোই ভাইরাসের বিরুদ্ধে লড়াইয়ে অটল থাকতেন?

কভিড-১৯-এর কারণে ট্রাম্প নিজেকে যুদ্ধকালীন প্রেসিডেন্ট বলে দাবি করছেন। অথচ তিনি এমন যুদ্ধকালীন প্রেসিডেন্ট, যিনি নিজের জেনারেলদের কথা শুনলেন না, কখনো গোলাবারুদের আদেশ দিলেন না। দ্বিতীয় বিশ্বযুদ্ধে ফোর্ড প্লান্টকে প্রতি ঘণ্টায় একটি বি-২৪ বোম্বার তৈরির উপযোগী করে রাখা হয়েছিল। অথচ আমরা এখন পর্যন্ত কোনো জরুরি ব্যবস্থাই তুলে ধরতে পারিনি। দ্বিতীয় বিশ্বযুদ্ধের চেয়েও অনেক দ্রুতগতিতে ভাইরাসে মারা যাচ্ছে আমেরিকানরা।

এমন নয় যে মহামারি মোকাবেলায় যুক্তরাষ্ট্র অপ্রস্তুত ছিল। ২০১৯ সালের অক্টোবরে ৩২৪ পৃষ্ঠার এক সমীক্ষায় দেখা গেছে যে মহামারি মোকাবেলায় যুক্তরাষ্ট্রই হচ্ছে বিশ্বের সবচেয়ে প্রস্তুত রাষ্ট্র। এখন এটা কল্পনা করা যায় না যে যুক্তরাষ্ট্রের মতো একটি দেশ ভাইরাসটির মোকাবেলায় এভাবে খাবি খাবে।

এ বিষয়ে স্মল পক্স নির্মূলে অবদান রাখা রোগ নিয়ন্ত্রণ বিশারদ ল্যারি ব্রিলিয়ান্ট আমাকে বললেন, 'আপনার-আমার করার সম্ভাবনা আছে এমন প্রতিটি পদক্ষেপেই প্রশাসন ভুল করে গেছে। আমরা এটাকে ঠেকাতে পারতম। এখন যে ঘটনাগুলো ঘটছে, তা ঠেকিয়ে দিতে পারতাম।'

কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের জনস্বাস্থ্য বিশেষজ্ঞ জেফরি শামান



হিসাব করে দেখিয়েছেন যে যদি যুক্তরাষ্ট্রের প্রতিটি কাউন্টি মাত্র দুই সপ্তাহ আগে লকডাউন বা অন্যান্য প্রতিরোধমূলক ব্যবস্থা নিত, তাহলে মে মাসের শুরু থেকে দেশটিতে ৯০ শতাংশ মৃত্যু এড়ানো যেতে পারত। তিনি আমাকে আরো জানিয়েছেন যে তাঁর দল জানুয়ারী বা ফেব্রুয়ারীর কোনো প্রতিরোধ মডেল তৈরি করেনি। তবে তিনি বিশ্বাস করেন যে ওই সময় ব্যবস্থা নিতে পারলে যুক্তরাষ্ট্র কভিড-১৯-এর দক্ষিণ কোরিয়ার মৃত্যুহার নিয়ে স্বস্তিতে থাকত। এর অর্থ হতো, যুক্তরাষ্ট্র তার মৃত্যুহার ৯৯ শতাংশ কমিয়ে আনতে পারত।

ভার্জিনিয়া টেকের সংক্রমণ বিশেষজ্ঞ লিনজে মার অবশ্য দক্ষিণ কোরিয়া বা জাপানি মৃত্যুহার অর্জন নিয়ে নিশ্চিত নন। কারণ উভয় দেশেরই মাস্ক পরার অনেক বেশি ঐতিহ্য রয়েছে। তবে তিনিও বিশ্বাস করেন, আমরা সম্ভবত জার্মান মাত্রাটি অর্জন করতে পারতাম। এর অর্থ হলো আমেরিকানদের মৃত্যুহার ৮০ শতাংশ কমানো যেত।

ইউনিভার্সিটি অব ফ্লোরিডার সংক্রমণ রোগ বিশেষজ্ঞ নাতালি ডিন বলেন, তিনি মানুষের শেষ হয়ে যাওয়া দেখে কষ্ট পাচ্ছেন। কারণ নির্বিকারভাবে এমন এক মৃত্যু সংখ্যা দেখতে হচ্ছে যে প্রতিদিন তা এক হাজার করে বৃদ্ধি পাচ্ছে। শত বছর আগে ১৯১৮ সালের মহামারির সময় জনস্বাস্থ্য কর্মকর্তারা মাস্ক পরায় উৎসাহ দেওয়ার বিষয়ে যেসব মৌলিক পদক্ষেপ চেয়েছিলেন, প্রেসিডেন্ট ট্রাম্প এখনো সে রকম মৌলিক কোনো পদক্ষেপ নিতে পারেননি। বরং মনে হচ্ছে, তিনি টিকা আসা পর্যন্ত ভাইরাসের কাছে আত্মসমর্পণ করেছেন। অথচ সমর্থকদের ঠিকই বিভ্রান্তিতে উৎসাহ জোগাচ্ছেন। এক সমর্থক তো সেদিন ট্রাম্পের এক সমাবেশে সিএনএনকে বললেন, 'কোনো কভিড নেই। এটা নকল মহামারি।'

এখন কথা হচ্ছে, একটি মহামারি মোকাবেলা যখন রাজনীতিতে পরিণত হয়, নেতৃত্ব যখন এতটা অনুপস্থিত থাকে, স্বাস্থ্য বার্তা যখন এতটা বিভ্রান্তিকর হয়ে পড়ে, বিজ্ঞান যখন এতটা কোণঠাসা হয়ে পড়ে; তখন এটা বোঝার বাকি থাকে না যে একটি দেশ বিশ্বে কিভাবে মহামারি মোকাবেলায় সর্বোচ্চ প্রস্তুত থাকতে পারে, যার এক লাখ ৯০ হাজার নাগরিক একটি ভাইরাসে শেষ হয়ে যায়।

লেখক: দুইবারের পুলিৎজার পুরস্কার বিজয়ী সাংবাদিক

সূত্র: দ্যা নিউ ইয়র্ক টাইমস

ভাষান্তর : আফছার আহমেদ



ঘৃণার রোগ ছড়িয়ে দিচ্ছেন ট্রাম্প: ইলহান ওমর

(প্রথম পাতার পর)

সদস্য, যেখানে ট্রাম্পকে অভিসংশন করা হয়েছে।

মিডল ইস্ট আইয়ের খবরে এমন তথ্য পাওয়া গেছে। নির্বাচনী প্রচারে ট্রাম্পের বিষোদগারের জবাবে টুইটারে দেয়া এক পোস্টে তিনি বলেন, গৃহযুদ্ধ কবলিত একটি দেশ থেকে মাত্র আট বছর বয়সে আমি পালিয়ে এসেছি। Ôএতটুকু বয়সের একটি শিশু একটি দেশ চালাতে পারে না, যদিও আপনি সেভাবেই সবকিছু করে যাচ্ছেন।'

বুধবার তিনি বলেন, মানুষের আতঙ্ক পুঁজি করে ট্রাম্প নিজের স্বার্থ হাসিল করতে চাচ্ছে। তিনি যেখানেই যান, ঘৃণার রোগ ছড়িয়ে দেন। Ô‡দশজুড়ে তার সভা-সমাবেশগুলোতে আতঙ্ক ইন্ধন যোগাচ্ছে। মিনেসোটায় বিজয়ের ব্যাপারে তার মধ্যে মারাত্মক আতঙ্ক কাজ করছে, যে কারণে তিনি ঘৃণার আশ্রয় নিচ্ছেন।'

এদিকে নির্বাচনী প্রচারে ইলহান ওমরের বিরুদ্ধে নিয়মিত বিষোদগার করে যাচ্ছেন দেশটির প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প।

মঙ্গলবার পেনসিলভানিয়ায় দেয়া এক ভাষণে ফের ইলহানের বিরুদ্ধে নিজের বিদ্বেষ প্রচার করেন তিনি। বললেন, সোমালিয়ায় বংশোদ্ভূত একজন মার্কিন আইনপ্রণেতা আমেরিকানদের বলছে, কীভাবে আমাদের দেশ চালাতে হবে? সমর্থকদের উদ্দেশ্যে দেয়া বক্তব্যে ট্রাম্প বলেন, আমরা দেশ কীভাবে চালাবো, সে তা বলে দিচ্ছেন। আপনি যেখান থেকে এসেছেন, সেখানে গিয়ে বলছেন না কেন? আপনার দেশ কীভাবে চলছে?

হিলসাইডে বাংলাদেশী ডাক্তার

ডাঃ মোঃ কাওসার রশীদ

Diplomate American Board of Internal Medicine

❊ ফিজিক্যাল এক্সাম ❊ স্কুল ও কলেজের জন্য টীকা ❊ টিএলসি এক্সাম ❊ হজ্ব ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা ❊ ডায়াবেটিস ❊ উচ্চ রক্তচাপ ❊ থাইরয়েড ❊ এজমা ❊ বাতের ব্যথা ❊ চর্মরোগ ❊ যৌনরোগ এবং অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়।

আমাদের ক্লিনিকে সুলভ মূল্যে রক্ত পরীক্ষা, ইকেজি, স্পাইরোমেট্রি, প্রেগন্যান্সি, টিবি টেস্ট, কান ফুটো করা হয়।

We accept all major insuranPes including Medicare, Medicaid, Metro Plus, Health Plus, GHI, PHS, AETNA, OXFORD, HIP BC & BS, 1199, Union Plan এবং অন্যান্য যাদের ইন্স্যুরেন্স নেই তাদের জন্য হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করা হয়।

আমরা ১৮ বৎসর বয়স পর্যন্ত ছেলেমেয়েদের জন্য Child Health Plus ইন্স্যুরেন্স করতে সাহায্য করে থাকি।

সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৬টা পর্যন্ত, শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকেল ৪টা পর্যন্ত।

168-32 Highland Ave. Jamaica, NY. F ট্রেনে 169th St. (South Side)
Tel: 718-657-8325, 718-657-7300
মেডিক্যাল অফিসে আসার পূর্বে এপয়েন্টমেন্ট করে নিন।

LAW OFFICES

OF
ANDREW MOULINOS
(Licensed Attorney)

মজিবুর রহমান

লাইসেন্সপ্রাপ্ত লিগ্যাল কনসালট্যান্স

718-545-2600, 917-834-9269

*Bankruptcy, Divorce
*Major Accident Cases
*Business, Incorporation
*Investment
*Estate, Litigation
*Landlord & Tenant Commercial
*Real Estate Closing
*Trade Disputes

Trade disputes and Investments involving Bangladeshi legal matters

যোগাযোগ : মুজিবুর রহমান ৯১৭-৮৩৪-৯২৬৯

23-52 31st. Street. Astoria. NY 11105

জ্যামাইকা ও গ্রীন পয়েন্টে বাংলাদেশী ডেন্টিস্ট



আমরা মেডিকেইড, মেট্রোপ্লাস, ফিডালিস কেয়ার, হেলথ্ ফার্স্ট, সিগ্না, এ্যাটনা, মেটলাইফ, গার্ডিয়ান, সেলিডেন্ট ও অন্যান্য Insurance এবং Union Plan গ্রহণ করে থাকি।


ডাঃ মাহফুজুল হাসান ডি.ডি.এস

DR. MAFUJUL HASAN D.D.S.

জ্যামাইকা অফিস
170-09, Hillside Ave,
Jamaica, NY-11432
Ph: 718-291-2710

গ্রীনপয়েন্ট অফিস
40-41, Green Point Ave,
Sunnyside, NY- 11104
Ph: 718-392-2858

FAMILY DENTAL



We Do
Implant & Veneers

আপনার পরিবারের সবার যাবতীয় দাঁতের চিকিৎসার জন্য এস্টোরিয়ায় রয়েছে আমাদের ডেন্টাল অফিস। আমরা সর্বাধুনিক চিকিৎসা সরঞ্জাম ব্যবহার করি। মেডিকেইড গ্রহণ করা হয়।

ডাঃ মোহাম্মদ নাঈম
ডাঃ ফেরদৌস হুসনে

অংঃড়ৎরধ খড়পধঃরড়হ
২৮-৫৭ ঝঃবরহধি ঝঃৎববঃ,
অংঃড়ৎরধ, ঘণ
ঘ ঃৎধরহ ঃড় ৩০ আব. ঝঃধঃরড়হ
ঞবষ: ৭১৮-২৬৭-০৫০০

Elmhurst Location
81-46 Baxter Ave.
Elmhurst, NY
#7 train to 82st. Station.
Tel: 718-478-1710

ARMAN CHOWDHURY, CPA

ARMAN CPA

- INDIVIDUAL INCOME TAX RETURN
- BUSINESS TAX RETURN
- NON-PROFIT TAX RETURN
- ACCOUNTING & BOOKKEEPING
- RETIREMENT AND INVESTMENT PLANNING
- TAX RESOLUTION SPECIALIST
- ISLAMIC HOME FINANCING

সঠিক ও নির্ভুলভাবে ইনকাম ট্যাক্স ফাইল করা হয়



7 DAYS OPEN

AUTHORIZED e-file PROVIDER

718-475-5686

http://ArmanCPA.com

87-54 168TH STREET, SUITE 201, JAMAICA, NY 11432
Email: armancpa@gmail.com | www.armancpa.com
TO 169 STREET

কর্ণফুলী ইনকাম ট্যাক্স সার্ভিসেস
KARNAFULLY TAX SERVICES INC

We are Licensed by the IRS

CPA & Enrolled Agent
এর মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

ইনকাম ট্যাক্স

- Individual Tax Return (All States)
- Self Employed (taxi driver and vendor), /and Sole Proprietorship.
- Small Business
- Corporate Tax Return
- Partnership Tax Return
- Current Year / Prior Years' & Amended Tax Returns
- Individual Tax ID Numbers (ITIN)

AUTHORIZED IRS e-file PROVIDER

Direct Deposit

একাউন্টিং

- Payroll, W-2's, Pay Checks,
- Pay subs, Sales Tax, Quaterly & Year-end filings

NEW BUSINESS SETUP

- Corporation
- Small business (S-corp)
- Partnership
- LLC/SMLLC

ইমিগ্রেশন

- Petition for Alien relatives
- Apply for citizenship or Passport
- Affidavit of Support
- Condition Removal on Green Card
- Reentry Permit
- Adjustment of Status

Representation taxpayers IRS & State tax audit.

আমাদের ফার্মে রয়েছে অভিজ্ঞ
CPA & Enrolled Agent

Special Price for W2 File



Member of AICPA

Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
Admitted to Practice before the IRS
IRS Certifying Acceptance Agent

NOTARY PUBLIC

ENROLLED AGENT

Office Hours:
Monday - Saterday
10:00am - 8pm

Tax Preparation fee pay by Cradit card

Ph: 718-205-6040, 718-205-6010, Fax : 718-424-0313
karnafullytax@yahoo.com, www.karnafullytax.com
37-20 74th Street, 2nd Floor, Jackson Heights

AFFORDABLE SENIOR CARE OF NEW YORK LLC

ASC of NY

Licensed Home Health Care Agency

আমরা বাংলায় কথা বলি

আমাদের অফিস লোকেশন ব্রুকলিনের বাংলাদেশী অধ্যুষিত চার্চ ম্যাকডোনাল্ড এলাকায়

CDPAP

- বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
- আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।
- রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে।





CDPAP প্রোগ্রামের আওতায় HHA /প্রশিক্ষণ ছাড়াই আপনার বৃদ্ধ, অসুস্থ বা শারিরীকভাবে অক্ষম মা-বাবা, শ্বশুর-শ্বাশুড়ি, আত্মীয়-স্বজন, পাড়া-প্রতিবেশীদের স্বাস্থ্য সেবা দিয়ে আয় করতে পারেন।

✓ প্রশিক্ষণ ও **HHA** সার্টিফিকেট থাকলে আপনি
আমাদের মাধ্যমে যেকোন রোগীকে স্বাস্থ্যসেবা দিতে পারেন।

✓ আপনি কি **HHA** অথবা **PCA** হিসেবে চাকুরী খুঁজছেন?
তাহলে আপনি আমাদের প্রতিষ্ঠানে সুযোগ সুবিধাসহ আকর্ষণীয় বেতনে চাকুরী করতে পারেন।

CDPAP *প্রোগ্রামের জন্য কোন সার্টিফিকেটের প্রয়োজন নেই।*

রোগীর জন্য নিজ গৃহে সেবা পেতে অথবা রোগীকে সেবা দানের বিস্তারিত তথ্য জানতে বাংলায় কথা বলুন।

CDPAP Specialist: Tarin: 347-362-1525, OFF: 718-851-0325

Brooklyn OFFICE

338 East 5th Street, Brooklyn, NY 11218
(Church Ave & East 5 street)
Tarin: 718-851-0325

Jackson Heights OFFICE

37-15, 73rd Street, Jackson Heights Suite # 208
(Bangladesh Plaza)
Solaiman: 302-513-3837

Email: info@ASCofNY.com
www.affordableseniorcarenewyork.com/cdpap.html

Affordable Senior Care of New York, LLC is a Licensed Home Health Care Agency
by the New York State Department of Health

Office Hour : Mon.-Friday (9am-5pm)

মেট্রোপলিটন লার্নিং ইন্‌স্টিটিউট, ইন্‌ক

নিউইয়র্ক ষ্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
কাউন্সিল অন অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এডক্রেডিয়েশনপ্রাপ্ত
একটি অলাভজনক শিক্ষা প্রতিষ্ঠান

আমাদের প্রোগ্রাম সমূহঃ
(সিওই অনুমোদিত এবং ফিন্যানসিয়াল এইড এর জন্য মনোনীত)

- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট
- একাউন্টিং এসিস্টেন্ট
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ মেডিকেল বিলিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ বুককিপিং এন্ড ইংলিশ
- কম্পিউটার অফিস টেকনোলজি উইথ ইংলিশ (শুধুমাত্র ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)
- মেডিকেল এডমিনিস্ট্রেটিভ এসিস্টেন্ট - সংক্ষিপ্ত (শুধুমাত্র প্রধান এবং ব্রুকলিন ক্যাম্পাস এর জন্য)

শর্ট প্রোগ্রাম
(সিওই অনুমোদিত তবে ফিন্যানসিয়াল এইড এর জন্য মনোনীত নয়)

- নার্স এসিস্টেন্ট / এইড (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- পেসেন্ট কেয়ার টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ফ্লেবোটমি টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)
- ইকেজি টেকনিসিয়ান (শুধুমাত্র প্রধান ক্যাম্পাস এর জন্য)



সুবিধাজসক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশ: সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০টা
সন্ধ্যাকালীন ক্লাশ: বিকাল ৫:১৫ টা থেকে রাত ১০:১৫টা

শনি ও রবিবার (শুধুমাত্র শর্ট প্রোগ্রামের জন্য)
সকাল ৯:০০ টা থেকে দুপুর ২:০০ টা

রয়েছে জব প্লেসমেন্ট সুবিধা

ফিনান্সিয়াল এইড
যোগ্যদের জন্য রয়েছে ফিনান্সিয়াল এইড সুবিধা

ইংলিশ অ্যাজ এ সেকেন্ড ল্যাংগুয়েজ (ESL)
(২য় ভাষা হিসাবে ইংরেজি) - লেভিল ওয়ান টু এইট

যোগাযোগ:
ডা. মাসুদুল হাসান
ডিরেক্টর মেডিকেল প্রোগ্রাম,
রিগোপার্ক শাখা

বিস্তারিত জানতে ভিজিট করুন: www.gettraining.org

প্রধান ক্যাম্পাস
৯৭-৭৭ কুইন্স বুলোভার্ড (৯ম তলা)
রিগো পার্ক, নিউইয়র্ক ১১৩৭৮
ফোন: ৭১৮-৮৯৭-০৪৮২

এক্সটেনশন ক্যাম্পাস
৫৬০ ৫৯ স্ট্রীট, ৫ম এভিনিউ
ব্রুকলীন, নিউইয়র্ক ১১২২০
ফোন: ৭১৮-৪৯২-২১২০

তাসলিমা খান - ৩৪৭-৮৩৬-২২২৬
খালেদা পারভিন - ৯২৯-৩০১-৯২৭৫
কাউসার জাহান - ৯১৭-৩৪০-৪৩৫৯

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইন্‌ক
SONALI EXCHANGE CO. INC.
(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে ষ্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন - আপনাকে সেবা করার সুযোগ দিন

ফেঞ্চুগঞ্জ অর্গেনাইজেশন'র মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার ও খাদ্য সামগ্রি বিতরণ





বিশেষ প্রতিনিধিঃ যুক্তরাষ্ট্রের অন্যতম সামাজিক সংগঠন ফেঞ্চুগঞ্জ অর্গেনাইজেশন অব আমেরিকা ইনকের উদ্যোগে করোনায় ক্ষতিগ্রস্তদের বিনামূল্যে মাস্ক, গ্ল্যাভস, হ্যান্ড স্যানিটাইজার ও খাদ্য সামগ্রি বিতরণ করা হয়েছে। নিউইয়র্ক সিটির ব্রঙ্কসের স্টারলিং-বাংলাবাজার এলকায় গত ২০ সেপ্টেম্বর রোববার সন্ধ্যায় ব্যাপক আয়োজনে জনপ্রতি এক বক্স ফেস মাস্ক সহ দু'শতাধিক পরিবারের মধ্যে এসব সামগ্রি বিতরণ করে।

সংগঠনের সভাপতি জুনেদ আহমেদ চৌধুরীর সভাপতিত্বে এবং সহ সভাপতি মো. শামীম মিয়ার পরিচালনায় অনুষ্ঠানে কমিউনিটি নেতৃবৃন্দ সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। এসময় উল্লেখযোগ্য নেতৃবৃন্দের মধ্যে সংগঠনের উপদেষ্টা আবদুর রর দলা মিয়া, মাহবুব আলম, আবদুল হাসিম হাসনু, বাংলাদেশ সোসাইটি অব ব্রঙ্কস নিউইয়র্ক'র সভাপতি মোহাম্মদ সামাদ মিয়া জাকারিয়া, বাংলাবাজার বিজনেস এসোসিয়েশনে সহ সভাপতি মোহাম্মদ খলিলুর রহমান, সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিংকন, এম অ্যান্ড এন হোম কেয়ার সার্ভিসেস এলএলসি'র কোঅর্ডিনেটর জোবেদা হোসেন রোজী, কমিউনিটি এক্টিভিস্ট আবদুল বাছির খান, কপিল চৌধুরী, নূরে আলম জিকু, জালাল চৌধুরী, সৈয়দা মাহমুদা কবির, সংগঠনের কর্মকর্তা রেহানুজ্জামান, বুরহান উদ্দীন, মাহমুদুর রহমান, আপ্তাব উদ্দীন খাঁন মোহন, আবুল কালাম আজাদ সাবু, আবু আলতাফ, মজনু, নূরুজ্জামান লিপু প্রমুখ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠানে জুনেদ আহমেদ চৌধুরী বলেন, নতুন ইমিগ্র্যান্টদের সহযোগিতা সহ দেশে-প্রবাসে কল্যাণকর কাজে অনন্য ভূমিকা রেখে চলেছে ফেঞ্চুগঞ্জ অর্গেনাইজেশন অব আমেরিকা। তিনি এ আয়োজনে সার্বিক সহযোগিতার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানান।

শামীম মিয়া বলেন, অনুষ্ঠানে করোনায় ক্ষতিগ্রস্ত দু'শতাধিক পরিবারের মধ্যে জনপ্রতি বিনামূল্যে পূর্ণ এক বক্স ফেস মাস্ক সহ গ্ল্যাভস, হ্যান্ড স্যানিটাইজার ও খাদ্য সামগ্রি বিতরণ করা হয়েছে। বাংলাদেশী কমিউনিটি সহ বিভিন্ন কমিউনিটির মানুষের মাঝে এসব সামগ্রী বিতরণ করা হয়।

এছাড়াও বক্তারা করোনায় নিহতদের রুহের মাগফেরাত কামনা করে বলেন, ভয় নয়, সচেতনতা দিয়ে রুখতে হবে মহামারি করোনাভাইরাসকে। সামাজিক দূরত্ব বজায় রাখার আহ্বান জানিয়ে তারা বলেন, সুস্থ থাকার জন্য একে অন্যকে সহযোগিতা করতে হবে।





নেত্রোকোনায় ট্রলার ডুবিতে নিহত ১৮ শহীদ পরিবারকে

সাদাকাহ ফাউন্ডেশন'র দ্বিতীয় দফা অর্থ সহায়তা

নিউইয়র্ক: নেত্রোকোনার উচিতপুরে ট্রলার ডুবিতে নিহত ১৮ শহীদদের পরিবারের স্বজনদের মাঝে দ্বিতীয় দফা অর্থ সহায়তা বিতরণ করেছে সাদাকাহ ফাউন্ডেশন ইউএসএ। গত ২৫ সেপ্টেম্বর (শুক্রবার) ময়মনসিংহ সদর উপজেলার চর সিরতার কোনাবাড়ি মারকাযুস সুন্নাহ মাদ্রাসা প্রাঙ্গনে এ বিতরণ কার্যক্রম উদ্বোধন করেন ইউনাইটেড ইমাম এন্ড উলামা কাউন্সিল ইউএসএ প্রতিনিধি মোহাম্মদ আজির উদ্দিন। এসময়ে মোমেনশাহী ইত্তেফাকুল উলামা'র প্রচার সম্পাদক মুফতি আমীর ইবনে আহমাদ, ইসলামি মাওলানা লাবিব আব্দুল্লাহ, সুজন ময়মনসিংহের মহানগর সভাপতি অ্যাডভোকেট শিব্বির আহমেদ লিটন, দুর্গাপুর রোড ওষুধ ব্যবসায়ী সমিতি সভাপতি তৌহিদুজ্জামান ছোটন ও সিরতা ইউপি চেয়ারম্যান আবু সাইদ।

যুক্তরাষ্ট্র ভিত্তিক ইসলামিক স্কলারদের সংগঠন 'ইউনাইটেড ইমাম এন্ড উলামা কাউন্সিল ইউএসএ' দ্বিতীয় দফায় আর্থিক সহযোগিতার আয়োজন করেছে। আর এ কর্মসূচির সার্বিক তত্ত্বাবধান করেছেন সংগঠনের প্রেসিডেন্ট ইমাম রফিক আহমেদ রেফায়ি।

অর্থ সহায়তা বিতরণ অনুষ্ঠানে মোহাম্মদ আজির উদ্দিন বলেন, স্মরণকালে সবচেয়ে হৃদয়বিদারক ও মর্মান্তি দুর্ঘটনা ছিল নেত্রোকোনার উচিতপুরে ট্রলার ডুবির ঘটনা। যেখানে আল্লাহর প্রিয় আলেম ও তাদের সন্তানরা শহীদ হয়েছে। আসলে স্বজনহারা পরিবারকে কোনভাবেই শান্তনা দেয়া কিংবা সহযোগিতা করা সম্ভব হয় না। তারপরেও পার্থিব কিছু সহযোগিতায় শামিল হতে ইউনাইটেড ইমাম এন্ড উলামা কাউন্সিল ইউএসএ'র এ উদ্যোগ। ঘটনার প্রথম থেকে সাদাকাহ ফাউন্ডেশন ইউএসএ প্রাথমিক সহযোগিতা হিসেবে জানাযা ও দাফনের ব্যবস্থা এবং পারিবারিক খোঁজ খবর নিয়ে আসছে। এজন্য তিনি সাদাকাহ ফাউন্ডেশনকে ধন্যবাদ জানান।

তিনি আরো বলেন, ইউনাইটেড ইমাম এন্ড উলামা কাউন্সিল'র প্রেসিডেন্ট ইমাম রফিক আহমেদ রেফায়'র সার্বিক ব্যবস্থাপনায় আমরা দ্বিতীয় দফার সহায়তা আপনাদের হাতে পৌছে দিতে পেরেছি।

মুফতি আমীর ইবনে আহমাদ বলেন, শহীদ পরিবারের সদস্যরা আর্থিকভাবে খুবই নাজুক পরিস্থিতিতে। এমন অবস্থায় তাদের পাশে দাঁড়ানোর জন্য তিনি ইউনাইটেড ইমাম এন্ড উলামা কাউন্সিল ইউএসএ-এর কর্মকর্তাদের ধন্যবাদ জানান।

মাওলানা লাবিব আব্দুল্লাহ তার বক্তব্যে এমন মহতি কাজের জন্য আয়োজক ও ব্যবস্থাপকদের জন্য আলাহ রহমত কামনা করেন।

আবু সাইদ বলেন, ঘটনার পরপর অনেক সংগঠন আসলেও সেই প্রথম থেকে সাদাকাহ ফাউন্ডেশন ইউএসএ এখন পর্যন্ত ক্ষতিগ্রস্থ পরিবারগুলোর খোজ খবর নিচ্ছে, যা এযুগে বিরল। মহতি এই উদ্যোগের জন্য তিনি সংশ্লিষ্ট সকলকে ধন্যবাদ জানান।

অনুষ্ঠানে সহায়তা নিতে আসা শহীদ পরিবারের সদস্যরা বলেন, আল্লাহ আমাদের স্বজন হারা করেছেন, তবে সাদাকাহ ফাউন্ডেশনের মত সংস্থাকে আল্লাহর পক্ষ থেকে আমাদের কাছে স্বজন হিসেবে পাঠিয়েছেন। কারণ তারা সেই ঘটনার পরপর থেকেই আমাদের পাশে আছে। একই সাথে তারা ইউনাইটেড ইমাম এন্ড উলামা কাউন্সিল-এর প্রতিও কৃতজ্ঞতা জানান।

সহায়তা বিতরণ শেষে শহীদদের কবর জিয়ারত করা হয়। উল্লেখ্য, ইতিপূর্বে গত ৭ আগষ্ট প্রথম দফায় অর্থ সহায়তা বিতরণ করে সাদাকাহ ফাউন্ডেশন ইউএসএ। উল্লেখ্য, গত ৫ আগষ্ট নেত্রোকোনার উচিতপুরে ট্রলার ডুবিতে মাদ্রাসা শিক্ষক, শিক্ষার্থী ও তাদের সন্তানসহ ১৮ জন নিহত হন। -প্রেস বিজ্ঞপ্তি।

সিলেট এমসি কলেজ ছাত্রাবাসে গৃহবধুকে ছাত্রলীগ কর্মীদের গণধর্ষণ

নিউইয়র্ক প্রবাসী লেখক, সাংবাদিক, কবি-সাহিত্যিক, মুক্তিযোদ্ধা ও রাজনৈতিক ব্যক্তিবর্গের প্রতিবাদ বিবৃতি

বাংলা পত্রিকা ডেস্ক: সিলেটর ঐতিহ্যবাহী এমসি কলেজ ছাত্রাবাসে স্বামীকে বেঁধে রেখে এক গৃহবধুকে ছাত্রলীগ কর্মীদের গণধর্ষণের ঘটনায় নিউইয়র্ক প্রবাসী লেখক, সাংবাদিক, কবি-সাহিত্যিক, মুক্তিযোদ্ধা ও রাজনৈতিক ব্যক্তিবর্গের যৌথ বিবৃতিতে এই ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়ে অনতিবিলম্বে অপরাধীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানিয়েছেন। বিবৃতিতে তারা বলেন-

'আমরা প্রবাসে বসবাসকারী লেখক, সাংবাদিক, কবি-সাহিত্যিক, সাংস্কৃতিক ও রাজনৈতিক সহ নানা পেশার ব্যক্তিবর্গ গভীর উদ্বেগের সাথে লক্ষ্য করছি, বাংলাদেশে ধারাবাহিক ধর্ষণ-হত্যা-গুম-খুন, লুটতরাজ ও অরাজকতা সমগ্র সমাজ জীবন চরম নিরাপত্তাহীনতায় পতিত। বার বার একটার পর একটা ঘটনা ঘটে চলেছে, কোন ঘটনারই যথাসময়ে যথযথ বিচার হয় না, হচ্ছে না। অপরাধীরা পার পেয়ে যায়। কোথাও অপরাধী ধরা পড়লেও দুর্নীতিবাজ পুলিশ ও প্রশাসনের অনৈতিক যোগসাজশে অপরাধী খালাস পেয়ে যায়। কোথাও সরকারী দলের পৃষ্ঠপোষকতায় ছাড় পেয়ে আশকারা পাচ্ছে। কোথাও বিচারহীনতা ও মামলার দীর্ঘস্থায়ীয় অপরাধী পুনরায় অপরাধে জড়িয়ে পড়তে সাহস ও ইন্ধন পাচ্ছে। লক্ষণীয় ব্যাপার, প্রতিটি ঘটনার সাথে সরকারী দলের নেতাকর্মী ও দলীয় লোকজন জড়িত থাকার অভিযোগ উঠতে দেখা যায়। ফলে সরকার দলীয় ব্যক্তিদের অপ্রয়োজনীয়, অনৈতিক ও অহেতুক হস্তক্ষেপ এবং প্রভাবের কারণে বহুক্ষেত্রে প্রশাসন পদক্ষেপ গ্রহণে অপারগ হয়ে পড়ে। সম্প্রতি সিলেট এমসি কলেজে দল বেঁধে গণধর্ষণের ঘটনায় প্রশাসনের এমনি অসহায়ত্বের ঘটনা বেরিয়ে এসেছে। করোনার কারণে গত মার্চ থেকে কলেজ ও হোস্টেল বন্ধ রয়েছে। কিন্তু সরকার দলীয় পরিচয়ে প্রভাব খাটিয়ে সাইফুর রাহমানের নেতৃত্বে কিছু সরকার দলীয় ছাত্র নামধারীরা হোস্টেলের কয়েকটি রোম অন্যায়ভাবে জবরদখল করে আছে। অধ্যক্ষ নোটিশ দিয়ে, পুলিশের সহায়তা নিয়ে বিভিন্নভাবে চেষ্টা করেও দখলকারীদের উচ্ছেদ করতে পারেননি। অবশেষে বাধ্য হয়ে পানি ও বিদ্যুতের লাইন বিচ্ছিন্ন করে দেওয়া হয়। কিন্তু তাতেও কাজ হয়নি। অধিকন্তু অবৈধভাবে লাইন সংযোগ করে দখলদারী অব্যাহত থাকে। এমনি এক পর্যায়ে সম্প্রতি সদ্য বিবাহিতা জনৈকা মহিলা স্বামীকে নিয়ে বেড়াতে গিয়ে হোস্টেল দেখতে যান। আগেই বলা হয়েছে হোস্টেল বন্ধ রয়েছে, কোন ছাত্র হোস্টেলে নেই। স্বাভাবিকভাবে হোস্টেলের আশপাশে জনচলাচলও কম। পারিপার্শ্বিক পরিবেশ নীরব ও শান্ত। এই সুযোগে দখলকৃত রুমের ছাত্র নামধারীরা জোরপূর্বক দর্শনার্থী স্বামী স্ত্রীকে ধরে নিয়ে যায় তাদের রুমে। সেখানে স্বামীকে বেঁধে রেখে সবাই মিলে পালাক্রমে নববধুকে ধর্ষণ করা হয়। ঘটনার পর পুলিশের রিপোর্টে জানা গেছে অভিযুক্তরা মোট ৬জন। স্বামী স্ত্রী ছাড়া পাওয়ার পর থানায় মামলা করলে পুলিশ আসামীদের গ্রেফতারের প্রচেষ্টায় চালায়। ইতিমধ্যে দখলকৃত রোমের সাইফুরের রুম থেকে পুলিশ বেশ কিছু অবৈধ অস্ত্র উদ্ধার করেছে। ধর্ষিতা মেয়ে বর্তমানে ওসমানি হাসপাতালে চিকিৎসাধীন আছেন। আমরা তার তীব্র নিন্দা এবং আসামীদের গ্রেফতার করে সর্বোচ্চ শাস্তির দাবি জানাচ্ছি। দ্বিতীয়ত, আমরা ক্ষোভের সাথে লক্ষ্য করছি, যখনই সরকার দলীয় কোন অভিযুক্তের বিরুদ্ধে অভিযোগের তীর উঠেছে, তখনই তাদের সাথে সংশ্লিষ্টদের সংশ্রব অস্বীকার করা হয়। এবারও তার ব্যতিক্রম হয়নি। সরকার দলীয় কেন্দ্রীয় ছাত্রলীগ জানিয়েছে অভিযুক্তরা ছাত্রলীগের কোন নেতা নয়। অথচ কলেজ অধ্যক্ষ সরকারী ছাত্র সংগঠনের বিরুদ্ধেই ইঙ্গিত দিয়েছেন। আরও লক্ষণীয় হলো এখন পর্যন্ত স্থানীয় সংসদ সদস্যকে ঘটনাস্থল পরিদর্শন করতে দেখা যায়নি। এমনকি তার কোন প্রতিক্রিয়া লক্ষ্য করা যায়নি। ঘটনা ঘটার তিন দিন হতে চলেছে এখন পর্যন্ত পুলিশ অপরাধীকে গ্রেফতার করতে পারেনি। অথচ পত্রপত্রিকার খবর হলো, অভিযুক্তরা প্রকাশে ঘুরে বেড়াচ্ছে। তাদের ছবি পত্রপত্রিকায় ফলাও করে প্রকাশিত হয়েছে। তাই প্রশ্ন উঠেছে কার বা কাদের এবং কোন শক্তির প্রভাব বা ক্ষমতার জোরে অপরাধীরা প্রকাশ্যে ঘুরে বেড়াতে সাহস পাচ্ছে। এমসি কলেজ একটি পুরাতন ঐতিহ্যবাহী কলেজ। অতীতে কলেজের ইতিহাসে এমন কলঙ্কজনক ঘটনা ঘটতে দেখা যায়নি। আমরা বিবৃতিকারীরা এই ঘটনার তীব্র নিন্দা জানাচ্ছি। এবং অনতিবিলম্বে অপরাধীদের গ্রেফতার করে দৃষ্টান্তমূলক শাস্তির দাবি জানাচ্ছি।' বিবৃতিদানকারীরা হলেনঃ সৈয়দ মুজিবুর রহমান (প্রাক্তন অধ্যাপক মৌলবীবাজার কলেজ), মাহবুবুর রহমান, (সাংবাদিক, সাবেক সম্পাদক যুগভেরী ও বাংলা পত্রিকা), ইব্রাহিম চৌধুরী (আবাসিক সম্পাদক, প্রথম আলো উত্তর আমেরিকা), সুব্রত বিশ্বাস (মুক্তিযোদ্ধা, লেখক ও সাংস্কৃতিক ব্যক্তিত্ব), শাহাবউদ্দিন আহমেদ (সাবেক ছাত্রলীগ কেন্দ্রীয় সভাপতি, বাসদ), আব্দুল মোছব্বির (সভাপতি বাংলাদেশ জাসদ), শাহান খান (সম্পাদক, বাংলাদেশে জাসদ), দেওয়ান শাহেদ চৌধুরী (সভপতি, জাসদ-ইনু), নুরে আলম জিক (সাধারণ সম্পাদক, জাসদ-ইনু), এমাদ চৌধুরী ও আব্দুর রহিম (যথাক্রমে সভাপতি ও সাধারণ সম্পাদক, মুক্তিযোদ্ধা মুক্তাদির স্মৃতি পরিষদ), আলীম উদ্দিন (সেক্রেটারী, প্রোগ্রেসিভ ফোরাম), কাশেম আলী (সাবেক ছাত্রনেতা বৃন্দাবন কলেজ ও সদস্য প্রোগ্রেসিভ ফোরাম), সৈয়দ ফজলুর রহমান (প্রাক্তন সম্পাদক, বেন), শামসাদ হুসাম চৌধুরী (সভাপতি, মহিলা পরিষদ এবং সাংবাদিক ও লেখক), মুকিত চৌধুরী (সাবেক ছাত্রনেতা), রহমান মাহবুব (সাংবাদিক), তোফাজ্জল লিটন (সাংবাদিক), ইশতিয়াক রুপু (লেখক ও সাংবাদিক), কমিউনিটি অ্যাক্টিভিষ্ট রোমানা লেইস, মাহানা বেগম, রওশন হক, শেলী জামান খান, রোকেয়া দীপা, ফারজানা চৌধুরী পাপড়ি, শাহ আহমেদ, সৈয়দ উতবা, সৈয়দ মাসুদুল কবির, এম বি তুষার, আবু, জুয়েল চৌধুরী, মামুন আহমেদ, মইনুল হক চৌধুরী প্রমুখ।



নিউইয়র্কে রংধনু সোসাইটির উৎসবমুখর পিকনিক

বিশেষ প্রতিনিধিঃ নিউইয়র্কে উৎসব আয়োজনের মধ্য দিয়ে অনুষ্ঠিত হয়েছে সামাজিক সংগঠন রংধনু সোসাইটি অব ব্রঙ্কস ইউএসএ'র 'পিকনিক অ্যান্ড বারবিকিউ পার্টি'। গত ২০ সেপ্টেম্বর রোববার ব্রঙ্কসের ফেরি পয়েন্ট পার্কে এ বনভোজন অনুষ্ঠিত হয়। যুক্তরাষ্ট্রে বসবাসরত রংধনু সোসাইটির সদস্য ও তাদের স্বজনরা পার্কের খোলা মাঠে নানান আনন্দ উপভোগ করেন। নতুন প্রজন্মের শিশু কিশোরদের উপস্থিতিতে এটি পরিনত হয় সদস্যদের মিলন মেলায়। পার্কের খোলা মাঠে খেলাধুলাসহ নানান আনন্দ উপভোগ করেন তারা। বনভোজনে বারবিকিউসহ মজাদার সব খাবার পরিবেশন করা হয়।

সংগঠনের সভাপতি মোহতাসিম বিল্লাহ তুষারের সভাপতিত্বে এবং সহ সাধারণ সম্পাদক আল আমিনের পরিচালনায় অনুষ্ঠানে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের প্রধান উপদেষ্টা মোহাম্মদ এন মজুমদার, উপদেষ্টা অধ্যাপক হাবিবুর রহমান, এ মামুন ইসলাম, সাধারণ সম্পাদক সরকার আব্দুল মতিন, সহ সভাপতি কাজী মনিরুজ্জামান মিলন, আমিনুল ইসলাম বাদশা, মনিরুজ্জামান মিন্টু, সাইফুল ইসলাম, ক্রীড়া সম্পাদক নাহিদ, বাংলাবাজার বিজনেস অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিংকন, মুক্তিযোদ্ধা আব্দুল মজিদ সরকার, এমএ ওয়াসেফ, মাকসুদা আহমেদ, মামুন রহমান, বাঁধন, নজরুল ইসলাম, জহিরুল ইসলাম, কাজী আলম, মুরাদ, ইমরান হোসেন, রাজু, মানিক, সোহাগ, সুমন, লুৎফর, তুষার, আসলাম, নবীন, সহ কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ।

সবশেষে খেলাধুলায় অংশগ্রহনকারীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। পুরস্কার বিতরণ করেন অধ্যাপক হাবিবুর রহমান।

অনুষ্ঠানে মোহতাসিম বিল্লাহ তুষার এবং সাধারণ সম্পাদক সরকার আব্দুল মতিন বলেন, প্রবাসে কর্মব্যস্ত জীবনের একটি দিন অন্তত নির্মল আনন্দে কাটবে এই প্রত্যাশায় আমরা এ বনভোজনের আয়োজন করি। সকলের আন্তরিক সহযোগিতার এই আয়োজন সুন্দর ও সফল হয়েছে। তারা এ আয়োজনে সহযোগিতার জন্য সংশ্লিষ্টদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন।

প্রফেশনাল ভিডিওগ্রাফি ও ফটোগ্রাফির জন্য আজই আসুন



STAR Photography

শহরের সেরা ফটোগ্রাফার এবং ভিডিওগ্রাফার

হাই ডেফিনেশন কোয়ালিটি
কম দাম, দ্রুত ডেলিভারী
বিয়ে, জন্মদিন, বিজনেস পার্টি
কালচারাল প্রোগ্রামসহ সব অনুষ্ঠান

Please contact for all
Your Professional
Photography Like events
News Conference
Wedding Reception & Modelling

NEHER SIDDIQUEE MBPS, MIFPO
917-476-6628, 718-371-8334
www.neherphotography.weebly.com

গ্রেটার বাফেলোর
বাংলাদেশী কমিউনিটি সহ
অন্যান্য খবর জানতে
বাফেলোর প্রথম
এবং
একমাত্র
বাংলা সংবাদপত্র
বাফেলো বাংলা
পড়ুন
www.buffalobangla.com

Homeopathy & Herbal
হোমিওপ্যাথিক এন্ড হারবাল
ডাঃ এস.কে.শর্মা
D.H.M.S (B.D) N.H.C (USA) Homeopathic Specialist

আপনি কি যে কোন জটিল কঠিন ও পুরাতন রোগে ভুগছেন, তাহলে একবার হোমিওপ্যাথিক ঔষধ ব্যবহার করে দেখুন। আমাদের এইখানে সম্পূর্ন গোপনীয়তা রক্ষা করা হয়।

*Migraine *বাত *হাঁপানি পীড়া *আঁচিল * অর্শ *টিউমার *Kidney Stone *অন্ডকোষের পীড়া *কর্ণের পীড়া *কাশি *কিডনীর পীড়া *চর্ম্ম পীড়া * টনসিলাইটিস *দন্তের পীড়া *ধবল বা শ্বেতী রোগ *নখের পীড়া *পক্ষাঘাত *Gall Bladder Stone *প্রস্রাবের পীড়া * প্রষ্টেট- গ্ল্যান্ডের পীড়া *Fatty Liver * ফুসফুসের পীড়া *ব্লাড-প্রেসার *ভগন্দর * মাথা ব্যাথা * লিভারের পীড়া *সায়েটিকা *সিষ্টাইটিস *স্বরভংগ *নাকে পলিপাস *হার্নিয়া *Blood Cholesterol *চুল পড়া *Fatty Heart *ব্রন *একজিমা * শোথ * টাক রোগ * রক্ত প্রস্রাব * জন্ডিস * অনিদ্রা *গ্র্যাষ্টিক *নিদ্রায় নাক ডাকা * পায়ের তলায় কড়া * মুখে দুর্গন্ধ * স্বপ্ন দোষ * হস্তমৈথুন শোক দুঃখ জনিত পীড়া ইত্যাদি।

মহিলাদের:* অনিয়মিত ঋতুস্রাব * স্তনের টিউমার * চুল পড়া * শ্বেতপ্রদর বা লিউকোরিহিয়া * ডিম্বাশয়ের টিউমার (Ovarian Cyst) * Endometriosis, * জরায়ুর টিউমার (Uterus Tumors), * বন্ধ্যাত্ব * ঋতুস্রাবে বিলম্ব ইত্যাদি।

শিশুদের:-শিশু দাঁত উঠিতে হাঁটিতে ও কথা বলিতে বিলম্ব, শিশুর একশিরা, শিশুর কোষ্ঠবদ্ধতা, শিশুর মুখদিয়া লালা পড়া, শিশু না খাইতে চাওয়া (Appetite Problems)

আপনি কি যৌন সমস্যায় ভুগছেন
*premature Ejaculation *Low Libido * Impotence
*পুরুষত্বহীনতা * শীঘ্রপতন *লিঙ্গ শিথিলতা

আমরা আমেরিকার যে কোন ষ্টেটে ডাকযোগে ঔষধ পাঠিয়ে থাকি।
37-15 73rd Street, Jackson heights, NY 11372.
Cell: 917-285-4804, Ph: 718-898-0939
www.vhvshop.com
Business Hours: Monday-Friday: 12:00PM-8:00PM Saturday-Sunday: 12PM-5PM
স্বল্প খরচে অল্প সময়ে অত্যাধুনিক পদ্বতিতে, আমেরিকান ঔষধের সাহায্যে চিকিৎসা করা হয়।

পার্কচেস্টারে
অভিজ্ঞ বাংলাদেশি ডাক্তার

আমরা
সব ধরনের ইন্স্যুরেন্স
গ্রহণ করে থাকি

এখানে বাংলাদেশী মহিলা গাইনোকলজিষ্ট, কার্ডিওলোজী, গ্যাস্ট্রো এন্ট্রোলজী, ফিজিক্যাল থেরাপী, পেইন ম্যানেজমেন্ট সহ সব ধরনের চিকিৎসা সুবিধা রয়েছে

ডা. আতাউল চৌধুরী (তুষার) এম.ডি
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)

ডা. মঞ্জিলা রহমান
গাইনোকলজিষ্ট



TEL: 917-634-9600
917-634-9601
FAX: 888-776-0872

We Provide EKG, Echocardiogram, TLC Exam, Different blood test and much more

1268 White Plains Road, Bronx, NY 10602
E-mail: nyccommunitymedicalcare@gmail.com
Web: www.nyccommunitymedicalcare.com
372 East 204th Street, Bronx, NY 10467

ALL YOUR NEED REAL ESTATE BUYING & SELLING.



Tusher Bhuiyan
Licensed Real Estate Agent

▼ বাড়ী ক্রয়-বিক্রয় ব্যাপারে সব রকমের সহযোগিতা করে থাকি!
▼ অল্প ডাউন পেমেন্টে আপনিও বাড়ীর মালিক হতে পারেন!

Century 21
Tri-Boro Terrace Realty
31-08, Astoria Boulevard,
Astoria, New York, NY 11102
Business: (718) 721-2700, Ext. 19
Fax: (718) 721-7033
Cellular: (646) 732-9150
E-Mail: tusherb@aol.com

Each Office is Independently Owned and Operate

ফার্মেসী PHARMACY & SURGICAL STORE

Free Diabetic machine
সীমিত সময়ের জন্য 15% Off
Vitamins, Nutrition & Homeopathic

একই সাথে এখানে পাচ্ছেন ◆ ঔষধপত্র, মেডিক্যাল ও সার্জিক্যাল যন্ত্রপাতি। ◆ বিউটি এবং কসমেটিক্স। ◆ ইলেকট্রনিক্স, গৃহস্থালী মণিহারী, খেলনা সামগ্রী ও স্কুল সাপ্লাই।
আমরা ২৫ বছরের বেশি সময় ধরে নিষ্ঠার সাথে কমিউনিটিকে সেবা দিয়ে আসছি। সুতরাং আজই আসুন আপনার সুবিধামত অবস্থানে।
আমরা Medicade, Medicare Part D, Worker compensation সহ ইন্স্যুরেন্স প্লান গ্রহণ করি।

ASTORIA PHARMACY
30-14 30th Ave. Astoria, NY 11102
Ph: 718-278-3772
e-mail: rph@astoriapharmacy.com
www.astoriapharmacy.com

JACKSON HEIGHTS PHARMACY
71-34 Roosevelt Ave. Jackson Heights, NY 11372
Ph: 718-779-1444
e-mail: rph@jacksonheightspharmacy.com
www.jacksonheightspharmacy.com

LONG ISLAND CITY CHEMISTS
30-12 36th Ave. Long Island City, NY 11106
Ph: 718-392-8049
e-mail: licchem@yahoo.com
www.drugcabinet.com

OPEN
10 am - 10 pm
Monday to Friday
Saturday
10 am - 5 pm



যুক্তরাষ্ট্রের সুপ্রিম কোর্টের নতুন বিচারকের নাম ঘোষণা ট্রাম্পের

(প্রথম পাতার পর)

কোনি বেরেটের নাম ঘোষণা করেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। শুক্রবার আমেরিকান সংবাদমাধ্যম সূত্র এ বিষয়ে নিশ্চিত করেছে। দেশটির প্রয়াত বিচারপতি ও নারী অধিকার আন্দোলনের অন্যতম পথিকৃৎ রুথ বেডার জিন্সবার্গের স্থলাভিষিক্ত হতে চলেছেন বেরেট।

হোয়াইট হাউসে রাখা বক্তব্যে ব্যারেটকে উপযুক্ত ও প্রতিভাবান বিচারক বলে ঘোষণা দিয়েছেন ট্রাম্প। এরই মধ্যে বিষয়টি নিশ্চিত করেছে মার্কিন সিনেটররা। ট্রাম্প বলেন, ব্যারেট অতুলনীয় কৃতিত্ব, দুর্দান্ত বুদ্ধিমত্তা, বিশ্বাসযোগ্যতা এবং মার্কিন সংবিধানের প্রতি নিরপেক্ষ আনুগত্যের একজন নারী- বিচারক। এর আগে, ২০১৭ সালে তাকে ফেডারেল আপিল বেঞ্চে নিয়োগ দিয়েছিলেন ডোনাল্ড ট্রাম্প।

শনিবারের অনুষ্ঠানে বেরেটের নাম ঘোষণার পাশাপাশি সুপ্রিম কোর্টে তার নিয়োগ বিষয়ে সিনেটের শুনানিতে অবিচল থাকায় রিপাবলিকান সিনেটরদের ধন্যবাদ জানান মার্কিন প্রেসিডেন্ট। সিনেটের রিপাবলিকান নেতৃত্ব আগামী ৩ নভেম্বর প্রেসিডেন্ট নির্বাচনের আগেই সুপ্রিম কোর্টে বিচারপতি নিয়োগ নিশ্চিতের ঘোষণা দিয়েছে। তবে ডেমোক্র্যাটদের দাবি, নির্বাচনের পর বিজয়ীদেরই বিচারপতি নিয়োগ দেয়া উচিত।

বার্তা সংস্থা অ্যাসোসিয়েটেড প্রেস জানিয়েছে, সিনেট জুডিশিয়ারি কমিটিতে বেরেটের নিয়োগ সংক্রান্ত শুনানি শুরু হতে পারে আগামী ১২ অক্টোবর।

৪৮ বছরের ব্যারেটের নিয়োগ নিশ্চিত হলে তিনি হবেন প্রেসিডেন্ট ট্রাম্প কর্তৃক নিয়োগ পাওয়া তৃতীয় বিচারক। এর আগে ২০১৭ সালে নেইল গরসাচ ও ২০১৮ সালে ব্রেট কাভানফকে বিচারক হিসেবে নিয়োগ দিয়েছেন তিনি।

মুমূর্ষু বাবার দেখা পেল ফারজানা

(প্রথম পাতার পর)

সাহায্য প্রয়োজন হলে এখতিয়ারে থাকলে তিনি পিছপা হবেন না। অসুস্থ্য নিজাম উদ্দীনের সুস্থ্যতা কামনা করেছেন তিনি। উল্লেখ্য, ব্রঙ্কসের বাসিন্দা বাংলাদেশী নিজাম উদ্দিন দীর্ঘদিন ধরে লিভার ও কোলন ক্যান্সারে আক্রান্ত হয়ে নিউইয়র্ক প্রেসবেটেরিয়ান হাসপাতালে মৃত্যুর সঙ্গে লড়ছেন। তার শেষ ইচ্ছা বাংলাদেশে অবস্থানরত তার বড় মেয়েকে একবার দেখার। তার মেয়ে ফারজানা ভিসার জন্য আবেদন করলে ঢাকায় যুক্তরাষ্ট্র দূতাবাস তা বারবার প্রত্যাখ্যান করছিল। ডাক্তারের সার্টিফিকেটে দেখিয়েও কোনো লাভ হয়নি।

গত সপ্তাহে কোমায় চলে যান নিজাম উদ্দিন। ক্যান্সারের ফোর্থ স্টেজে তার অবস্থান। নিরুপায় হয়ে বাবার শেষ আকাংখা পূরণে দিশেহারা ফারজানা যোগাযোগ করেন নিউইয়র্ক স্টেট সিনেটর লুইস সিপুলভিদার সঙ্গে। সেই মানবিক আবেদনে সাড়া দেন সিনেটর লুইস। নতুন করে ভিসার আবেদন করতে বলেন ফারজানাকে।

সিনেটর লুইস সিপুলভিদার প্রতি ফারজানার পরিবার কৃতজ্ঞতা জানিয়েছে।

উল্লেখ্য, নিউইয়র্কের প্রবাসী বাংলাদেশীদের বন্ধু হিসেবে পরিচিত বিশেষ করে ব্রঙ্কসে বসবাসকারী বাংলাদেশীদের কাছে 'লুইস ভাই' হিসেবে পরিচিত। গত বছর তার নেতৃত্বে ৫জন স্টেট সিনেটর বাংলাদেশ সফর করেন। ইতিপূর্বে নিউইয়র্কের রাজধানী আলবেনীর ক্যাপিটাল হীলে বাংলাদেশের স্বাধীনতা দিবস স্মরণে প্রতিবছর 'বাংলাদেশ ডে' উদযাপনেও তার বিশেষ ভূমিকা রয়েছে। গত ৯ বছর ধরে আলবেনীতে 'বাংলাদেশ ডে' উদযাপিত হয়ে আসছে।

করোনা বিশ্ববাসীকে ঐক্যবদ্ধ করেছে

(প্রথম পাতার পর)

(প্রথম পাতার পর)করেছিল, তেমনি এই মহামারী আমাদের ঐক্যবদ্ধ হয়ে সঠিক নেতৃত্ব প্রদানের প্রয়োজনীয়তার বিষয়টি সামনে নিয়ে এসেছে। তিনি জাতিসংঘ মহাসচিবকে এই দুর্যোগকালে তাঁর বলিষ্ঠ নেতৃত্ব ও বহুপাক্ষিক উদ্যোগের জন্য সাধুবাদ জানিয়ে বলেন, বাংলাদেশ শুরু থেকেই যুদ্ধ বিরতিসহ তাঁর অন্যান্য উদ্যোগসমূহকে সমর্থন জানিয়ে আসছে।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, কোভিড-১৯ প্রমাণ করেছে, আমাদের সকলের ভাগ্য একই সূত্রে গাঁথা। আমরা কেউই সুরক্ষিত নই যতক্ষণ পর্যন্ত না আমরা সকলের সুরক্ষা নিশ্চিত করতে পারছি। এই ভাইরাস আমাদের অনেকটাই ঘরবন্দি করে ফেলেছিল। যার ফলে স্বাস্থ্য ব্যবস্থার পাশাপাশি অর্থনীতিক কর্মকান্ডও মারাত্মকভাবে ব্যাহত হয়েছে। কোভিড-১৯ মহামারীর কারণে বিদ্যমান বৈশ্বিক চ্যালেঞ্জসমূহ আরও প্রকট হয়েছে। এ মহামারী আমাদের উপলব্ধি করতে বাধ্য করেছে যে, এ সঙ্কট উত্তরণে বহুপাক্ষিকতাবাদের বিকল্প নেই। তিনি বলেন, বাংলাদেশে ২০১৮-১৯ অর্থবছরে ৮.২ শতাংশ হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জন সম্ভব হয়েছিল। কিন্তু কোভিড-১৯ আমাদের এই অগ্রযাত্রা বাধাগ্রস্ত করেছে। তবে বাংলাদেশে আমরা প্রথম থেকেই 'জীবন ও জীবিকা' দুই ক্ষেত্রেই সমানভাবে গুরুত্ব দিয়ে কার্যক্রম শুরু করেছিলাম। দেশের ব্যবসা-বাণিজ্য, উৎপাদন যাতে ব্যাপক ক্ষতির সম্মুখীন না হয়, তার জন্য বিভিন্ন প্রণোদনার ব্যবস্থা করেছি। আমরা সামাজিক নিরাপত্তা কর্মসূচির পরিধি ব্যাপকভাবে বৃদ্ধি করেছি।

জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৫তম অধিবেশনে শনিবার (২৬ সেপ্টেম্বর) প্রদত্ত ভাষণে প্রধানমন্ত্রী শেখ হাসিনা উপরোক্ত কথা বলেন। প্রধানমন্ত্রী শেখ হাসিনা এবার নিয়ে টানা ১৭ বারের মতো ভাষণ দিলেন শনিবার (২৬ সেপ্টেম্বর)। নিউইয়র্ক সময় সকাল সাড়ে ১০টায় (বাংলাদেশ সময় সন্ধ্যা সাড়ে ৮টা) কভিড-১৯ মহামারির পরিস্থিতি ও প্রেক্ষাপটে এবার ভার্চুয়ালি আগে থেকে রেকর্ড করা ভাষণ প্রচার করা হয় জাতিসংঘে। প্রধানমন্ত্রী ১৭ মিনিট তাঁর বক্তব্য রাখেন। অন্যান্য রাষ্ট্র ও সরকার প্রধানদের মতো গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সরকার প্রধান প্রধানমন্ত্রী শেখ হাসিনার ভাষণও জাতিসংঘের ওয়েবসাইটে সরাসরি সম্প্রচার করা হয়। প্রধানমন্ত্রীর ভাষণের সময় শুধুমাত্র জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি ও রাষ্ট্রদূত রাবাব ফাতিমা এসময় সাধারণ সভার মূল কক্ষে উপবিষ্ট ছিলেন এবং তিনি প্রধানমন্ত্রীর ভাষণ জাতিসংঘে উপস্থাপন করেন। বাংলাদেশ মিশনের অন্যান্য কর্মকর্তা ও স্টাফগণ নিউইয়র্ক সিটির ম্যানহাটানস্থ মিশনের বঙ্গবন্ধু অডিটরিয়ামে বসে বড় পর্দায় প্রত্যক্ষ করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর ভাষণে বলেন, 'কভিড-১৯ মহামারির কারণে আমরা মানব ইতিহাসের এক অভাবনীয় দুঃসময় অতিক্রম করছি। জাতিসংঘের ইতিহাসেও এইপ্রথমবারের মতো নিউইয়র্কের সদর দপ্তরে সদস্য দেশগুলোর রাষ্ট্র ও সরকার প্রধানদের অনুপস্থিতিতে ডিজিটাল পদ্ধতিতে সাধারণ সভা অনুষ্ঠিত হচ্ছে।' তিনি স্বাধীন বাংলাদেশের স্থপতি, 'জাতির পিতা' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-কে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে বলেন, 'জাতিসংঘের এই সভাকক্ষটি আমার জন্য অত্যন্ত আবেগের। ১৯৭৪ সালে এই কক্ষে দাঁড়িয়ে আমার পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একটি সদ্য স্বাধীন দেশের সরকার প্রধান হিসেবে মাতৃভাষা বাংলায় প্রথম ভাষণ দিয়েছিলেন। আমিও এই কক্ষে এর আগে ১৬ বার সশরীরে উপস্থিত হয়ে বিশ্বশান্তি ও সৌহার্দের ডাক দিয়েছি। সরকার প্রধান হিসেবে জাতিসংঘ সাধারণ অধিবেশনে এটি আমার ১৭তম বক্তৃতা।'

প্রধানমন্ত্রী বলেন, 'আমি গভীর শ্রদ্ধাভরে স্মরণ করছি বাঙালী জাতির অবিসংবাদিত নেতা, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে। তিনি শোষণ, বঞ্চনা ও নিপীড়নের অবসান ঘটিয়ে বাঙালী জাতিকে পৃথিবীর বুকে মাথা উঁচু করে দাঁড়াতে শিখিয়েছেন। তাঁরই দেখানো পথে হেঁটে আমরা আজ বাংলাদেশকে একটি মর্যাদাশীল আসনে নিয়ে আসতে পেরেছি। এই মহান পরিষদে দাঁড়িয়ে তিনি বলেছিলেন, "জাতিসংঘ সনদে যে মহান আদর্শের কথা বলা হয়েছে তা আমাদের জনগণের আদর্শ এবং এই আদর্শের জন্য তাঁরা চরম ত্যাগ স্বীকার করেছেন। এমন এক বিশ্ব ব্যবস্থা গঠনে বাঙালী জাতি উৎসর্গকৃত, যে ব্যবস্থায় সকল মানুষের শান্তি ও ন্যায়বিচার লাভের আকাংখা প্রতিফলিত হবে। তাঁর এই দৃপ্ত ঘোষণা ছিল মূলত বহুপাক্ষিকতাবাদেরই বহিঃপ্রকাশ। ১৯৭৪ সালে জাতিসংঘে তাঁর প্রদত্ত দিক-নির্দেশনামূলক বক্তব্য বর্তমান সঙ্কট মোকাবেলার জন্য আজও সমানভাবে প্রাসঙ্গিক।' প্রধানমন্ত্রী তাঁর ভাষণে বঙ্গবন্ধু'র জন্মশতবার্ষিকী উদযাপনের পাশাপাশি ১৯৭৫ সালের পনরই আগস্টের নির্মম হত্যাকান্ডের কথাও তুলে ধরেন। তিনি বলেন, 'আমি গভীর বেদনার সঙ্গে স্মরণ করছি ১৯৭৫ সালের পনরই আগস্টের নির্মম হত্যাকান্ডের শিকার আমার পিতা এবং বাঙালী জাতির পিতা, তৎকালীন রাষ্ট্রপতি বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, আমার মা, আমার তিন ভাই, দুই ভাতৃবধূসহ পরিবারের ১৮ জন সদস্যকে। আমরা দুই বোন দেশের বাইরে থাকায় ঘাতকদের হাত থেকে রক্ষা পেয়েছিলাম। শরণার্থী হিসেবে আমাদের ৬ বছর দেশের বাইরে থাকতে হয়েছে। আমি জাতিসংঘ সাধারণ অধিবেশনে এই প্রসঙ্গটি উত্থাপন করছি এ জন্য যে, পৃথিবীর ইতিহাসে এরকম জঘন্য, নির্মম ও বেআইনি হত্যাকান্ড যেন আর না ঘটে।'

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে তার সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডের কথা তুলে ধরে বলেন, 'দেশের মুক্তিযোদ্ধাদের জন্য আমরা প্রতি বছর প্রায় ৩৯ বিলিয়ন টাকা বরাদ্দ করি। এ ছাড়া বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী পরিত্যাক্তা মহিলাদের জন্য ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং সমাজের অনগ্রসর শ্রেণিসহ অন্যদের জন্য বিভিন্ন কর্মসূচি ও ভাতার প্রচলন করেছি যার মাধ্যমে প্রায় ৯.১ মিলিয়ন পরিবার উপকৃত হচ্ছেন। কোভিড-১৯ বিস্তারের কারণে কর্মহীন হয়ে পড়া মানুষের জন্য আমরা তাৎক্ষণিকভাবে খাদ্য ও অন্যান্য সহায়তার ব্যবস্থা নিয়েছি। এতে ১০ মিলিয়নের বেশি পরিবার উপকৃত হয়েছেন। আমরা ৪ মিলিয়ন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি প্রদান করেছি। করোনাকালে ক্ষতিগ্রস্ত কৃষক, শ্রমিক ও দিনমজুরসহ ৫ মিলিয়ন মানুষকে নগদ অর্থ সহায়তা দিয়েছি। সাধারণ মানুষের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে গ্রাম পর্যায়ের প্রায় ১৮ হাজার কম্যুনিটি ক্লিনিক ও ইউনিয়ন স্বাস্থ্যকেন্দ্র হতে বিনামূল্যে ৩০ ধরনের ওষুধ দেওয়া হয়। সরকারি সহায়তার পাশাপাশি আমি নিজে উদ্যোগী হয়ে তহবিল সংগ্রহ করে এতিম ও গরীব শিক্ষার্থী, মাদ্রাসা, মসজিদ, মন্দির, স্কুল শিক্ষক, শিল্পী, সাংবাদিকসহ যাঁরা সাধারণভাবে সরকারি সহায়তার আওতাভুক্ত নন, তাঁদের মধ্যে ২.৫ বিলিয়নের বেশি টাকা বিতরণ করি। যার ফলে সাধারণ মানুষকে করোনাভাইরাস খুব বেশি ক্ষতিগ্রস্ত করতে পারেনি।'

প্রধানমন্ত্রী বলেন, 'আর্থিক খাতের আশু সমস্যাগুলি চিহ্নিত করে আমরা ২১টি প্রণোদনা প্যাকেজ ঘোষণা করি। এ পর্যন্ত আমরা মোট ১৩.২৫ বিলিয়ন মার্কিন ডলার সমপরিমাণ প্রণোদনা প্যাকেজ ঘোষণা করেছি যা আমাদের মোট জিডিপি'র ৪ দশমিক শূন্য ৩ শতাংশ। তিনি বলেন, আমরা করোনাকালে খাদ্য উৎপাদনকে সর্বোচ্চ গুরুত্ব দিয়েছি। স্বাস্থ্যবিধি মেনে দেশের শিল্প কারখানা সচল রাখা এবং কৃষি ও শিল্পপণ্য যথাযথভাবে বাজারজাতকরণের বিশেষ ব্যবস্থা নিয়েছি। কোভিড-১৯-এর কারণে বিশ্বব্যাপী উৎপাদনে স্থবিরতা সত্বেও আমাদের ৫.২৪ শতাংশ হারে জিডিপি প্রবৃদ্ধি অর্জিত হয়েছে। আগামী অর্থবছরে জিডিপি'র প্রবৃদ্ধির হার ৭ শতাংশে উন্নীত হবে বলে আমরা আশাবাদী। আশা করা হচ্ছে বিশ্ব শিগগিরই কোভিড-১৯-এর ভ্যাকসিন পাবে। এই ভ্যাকসিনকে বৈশ্বিক সম্পদ হিসেবে বিবেচনা করা প্রয়োজন। সকল দেশ যাতে এই ভ্যাকসিন সময় মত এবং একইসঙ্গে পায় তা নিশ্চিত করতে হবে। কারিগরি জ্ঞান ও মেধাসত্ব প্রদান করা হলে, এই ভ্যাকসিন বিপুল পরিমাণে উৎপাদনের সক্ষমতা বাংলাদেশের রয়েছে।'

শেখ হাসিনা বলেন, বাংলাদেশকে আমরা ২০২১ সালের মধ্যে একটি মধ্যম আয়ের দেশ, ২০৩০ সালের মধ্যে এসডিজি অর্জন, ২০৪১ সালের মধ্যে উন্নত দেশ এবং ২১০০ সালের মধ্যে সমৃদ্ধ ব-দ্বীপে পরিণত করতে কাজ করে যাচ্ছি। প্রযুক্তিগত বিভাজন নিরসন, সম্পদ আহরণ ও প্রযুক্তি স্থানান্তরের জন্য আমাদের বিজ্ঞান, প্রযুক্তি ও উদ্ভাবন-কে কাজে লাগানো প্রয়োজন। পাশাপাশি স্বল্পোন্নত হতে উন্নয়নশীল এবং সদ্য উত্তরিত উন্নয়নশীল দেশসমূহের জন্য এই আপদকালীন, উত্তরণকাল ও উত্তরণ-পরবর্তী সময়ে বর্ধিত আন্তর্জাতিক সহায়তা এবং প্রণোদনা প্যাকেজ নিশ্চিত করা অত্যন্ত গুরুত্বপূর্ণ।

প্রধানমন্ত্রী বলেন, 'সকলের সাথে বন্ধুত্ব কারো সাথে বৈরিতা নয়', এই নীতিবাক্য আমাদের পররাষ্ট্র নীতির মূলমন্ত্র। এ মন্ত্রে উদ্বুদ্ধ হয়ে বাংলাদেশ শান্তি ও নিরাপত্তা রক্ষা এবং শান্তির সংস্কৃতি বিনির্মাণে নিয়মিত অবদান রেখে চলেছে। মহামারীকালে অসহিষ্ণুতা, ঘৃণা, বিদ্বেষ ও উগ্র জাতীয়তাবাদের মত বিষয়গুলো বৃদ্ধি পাচ্ছে। শান্তির সংস্কৃতি প্রতিষ্ঠার মাধ্যমে আমরা এ বিষয়গুলোর মোকাবেলা করতে পারি। শান্তিরক্ষী প্রেরণে বাংলাদেশের অবস্থান এখন শীর্ষে। সংঘাতপ্রবণ দেশসমূহে শান্তি প্রতিষ্ঠা ও শান্তি বজায় রাখতে আমাদের শান্তিরক্ষীগণ জীবনের ঝুঁকি নিয়ে কাজ করে যাচ্ছেন। তাঁদের সুরক্ষা ও নিরাপত্তা নিশ্চিত করা আন্তর্জাতিক সম্প্রদায়ের অন্যতম দায়িত্ব।'

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেন, 'আমাদের স্বাধীনতার সংগ্রামে বাঙালী জাতি অবর্ণনীয় দুর্দশা, মানবতা বিরোধী অপরাধ ও গণহত্যার মত জঘন্য অপরাধের শিকার হয়েছে। সেই কষ্টকর অভিজ্ঞতা থেকেই আমরা নিপীড়িত ফিলিস্তিনী জনগণের ন্যায়সঙ্গত দাবীর প্রতি সমর্থন দিয়ে আসছি। বাংলাদেশ ১১ লাখেরও বেশি জোরপূর্বক বাস্তুচ্যুত মিয়ানমার নাগরিককে আশ্রয় প্রদান করেছে। তিন বছরের বেশি সময় অতিক্রান্ত হলেও এখন পর্যন্ত মিয়ানমার একজন রোহিঙ্গাকেও ফেরত নেয়নি। এই সমস্যা মিয়ানমারের সৃষ্টি এবং এর সমাধান মিয়ানমারকেই করতে হবে। আমি আন্তর্জাতিক সম্প্রদায়কে এ ব্যাপারে আরও কার্যকর ভূমিকা গ্রহণের অনুরোধ জানাচ্ছি।'

উল্লেখ্য, চলতি বছর জাতিসংঘ সাধারণ পরিষদের ৭৫তম অধিবেশনের প্রতিপাদ্য বিষয় হচ্ছে 'আমরা ভবিষ্যৎ চাই, জাতিসংঘ আমাদের প্রয়োজন : বহুমুখীতার প্রতি আমাদের প্রতিশ্রুতি পুনর্নিশ্চিতের মাধ্যমে।'



টিকার আগে করোনায় ২০ লাখ মানুষের মৃত্যু হতে পারে : ডব্লিউএইচও

(প্রথম পাতার পর)

করেছে বিশ্ব স্বাস্থ্য সংস্থা।

ডব্লিউএইচওর জরুরি বিভাগের প্রধান মাইক রায়ান বলেছেন, বিশ্বব্যাপী করোনাভাইরাস প্রতিরোধে আন্তর্জাতিক প্রচেষ্টা জোরদার না হলে মৃত্যুর সংখ্যা আরো বাড়তে পারে। গত বছরের ডিসেম্বরে চীনে প্রথম করোনার উপস্থিতি ধরা পড়ে। এখন পর্যন্ত বিশ্বের ২১৩টি দেশ ও অঞ্চলে এই ভাইরাসের প্রকোপ ছড়িয়ে পড়েছে। বিশ্বজুড়ে এর মধ্যেই প্রায় ১০ লাখ মানুষের জীবন কেড়ে নিয়েছে করোনাভাইরাস। সময়ের সঙ্গে সঙ্গে সংক্রমণ ও মৃত্যুর সংখ্যাও পাল্লা দিয়ে বেড়েই চলেছে।

ওয়ার্ল্ডোমিটারের পরিসংখ্যান বলছে, এখন পর্যন্ত করোনায় আক্রান্তের সংখ্যা ৩ কোটি ২৭ লাখ ৬৫ হাজার ২০৪। এর মধ্যে মারা গেছে ৯ লাখ ৯৩ হাজার ৪৬৩ জন। অপরদিকে সুস্থ হয়ে উঠেছে ২ কোটি ৪১ লাখ ৭৮ হাজার ৩৪৬ জন।

সম্প্রতি ইউরোপে করোনা সংক্রমণের দ্বিতীয় ঢেউ শুরু হয়েছে। ফলে অনেক দেশই নতুন করে আবারও লকডাউন আরোপের বিষয়ে চিন্তা করছে। বিশ্বজুড়ে করোনা মহামারি শুরু পর বেশিরভাগ দেশেই লকডাউন জারি হলেও মাঝখানে বেশ কিছুদিন অনেক দেশেই কড়াকড়ি তুলে নেওয়া হয়েছিল।

ইউরোপের করোনা পরিস্থিতি নিয়ে ড. রায়ান বলেন, আমরা দেখতে পাচ্ছি যে, বিশাল এলাকায় করোনো ভয়ঙ্করভাবে বেড়েই চলেছে। এ বিষয়ে ইউরোপীয় দেশগুলোকে যথাযথ ব্যবস্থা গ্রহণের আহ্বান জানিয়েছেন তিনি।

ভ্যাকসিন সহজলভ্য হওয়ার আগে ২০ লাখ মানুষের মৃত্যু হতে পারে কিনা এ বিষয়ে ডা. রায়ানকে প্রশ্ন করা হলে তিনি বলেন, এটা অসম্ভব নয়। তবে তিনি বলছেন, করোনার চিকিৎসা অনেকটাই উন্নতির দিকে থাকায় মৃত্যুহার অনেকটাই কমে গেছে।

কয়েক মাসেও জানা যাবে না জয়ী কে : ট্রাম্প

(প্রথম পাতার পর)

সূত্র : রয়টার্স।শুক্রবার ভার্জিনিয়ার নিউপোর্ট নিউজে এক নির্বাচনী সমাবেশে ট্রাম্প বলেন, 'ডাকযোগে ভোটের ব্যালট পৌঁছানোর জন্য অপেক্ষা করার চাইতে আমি বরং জয় বা পরাজয়ের বিষয়টি দ্রুত নিশ্চিত হতে পারলে খুশি হব। আমি বরং টেলিভিশনে দেখতে চাই যে, বলা হচ্ছে- বিজয়ী হয়েছেন....ঠিক আছে? এটা শোনার জন্য আপনি নিশ্চয়ই কয়েকমাস অপেক্ষা করতে পারেন না, কারণ সেটা হবে জগাখিচুড়ি অবস্থা। ভোটের রাতেই আপনি বিজয়ীর নাম শুনতে পাবেন, এবার এটা হওয়ার সম্ভাবনা খুবই কম। হয়তো আমি এগিয়ে থাকব এবং তখনো তারা একটার পর একটা ব্যালট পাবে, ব্যালট আসতে থাকবে, আসতেই থাকবে। তখন তারা বলবে, আরও পরেও ব্যালট আসতে পারে।'

এমসি কলেজ ছাত্রাবাসে গণধর্ষণ প্রধান আসামিসহ গ্রেফতার ৫

(প্রথম পাতার পর)

জড়িতদের ধরতে অভিযান চলছিল বলে পুলিশের পক্ষ থেকে জানানো হয়েছিল। এর আগে এ ঘটনায় ছয় জনের নাম উল্লেখসহ অজ্ঞাত আরও তিনজনকে আসামি করে শনিবার সকালে নগরীর শাহপরান থানায় মামলা করেছিলেন ভুক্তভোগী তরুণীর স্বামী।

মামলার আসামিরা হলেন এম সাইফুর রহমান, মাহবুবুর রহমান রনি, তারেক, অর্জুন লস্কর, রবিউল ইসলাম ও মাহফুজুর রহমান। এদের মধ্যে চারজন ওই কলেজের শিক্ষার্থী। এছাড়া আরও তিন জনকে অজ্ঞাত আসামি হিসেবে দেখানো হয়েছে। এরা সবাই ছাত্রলীগের রাজনীতির সাথে জড়িত বলে জানা গেছে।

ঘটনার পরই অভিযুক্তদের ধরতে সাঁড়াশি অভিযানে নামে পুলিশ। শুক্রবার রাত ২টার দিকে পুলিশ অভিযুক্ত সাইফুরের কক্ষ থেকে একটি পাইপগান, চারটি রামদা, একটি ছুরি ও দুটি লোহার পাইপও উদ্ধার করে।

জানা গেছে, শুক্রবার সন্ধ্যায় স্বামী-স্ত্রী এমসি কলেজে বেড়াতে যান। এ সময় কলেজ ক্যাম্পাস থেকে ৫-৬ জন জোরপূর্বক কলেজের ছাত্রাবাসে নিয়ে যায় দম্পতিকে। সেখানে একটি কক্ষে স্বামীকে আটকে রেখে ১৯ বছরের গৃহবধূকে গণধর্ষণ করে তারা। খবর পেয়ে গৃহবধূকে উদ্ধার করে সিলেট ওসমানী মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করে শাহপরাণ থানা পুলিশ।

বিষয়টি নিশ্চিত করেন ছাতক থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা মিজানুর রহমান। তিনি বলেন, পুলিশ গোপন তথ্যের ভিত্তিতে তাকে গ্রেফতার করে। রবিবার সকালে ছাতক খেয়াঘাট সংলগ্ন এলাকা দিয়ে পালিয়ে যাওয়ার সময় ছাতক থানার এসআই হাবিবুর রহমান পিপিএম এর নেতৃত্বে একদল পুলিশ থাকে গ্রেফতার করে।

যুক্তরাষ্ট্রে করোনা আক্রান্ত ৭০ লাখ ছাড়াল

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে করোনাভাইরাসে আক্রান্তের সংখ্যা বৃহস্পতিবার সত্তর লাখ ছাড়িয়েছে। বিশ্বের মোট করোনা আক্রান্তের ২০ শতাংশই যুক্তরাষ্ট্রের বলে খবরে দাবি করা হয়েছে।

বার্তা সংস্থা রয়টার্সের হিসাবে দেখা গেছে, সেপ্টেম্বর মিডওয়েস্ট রাজ্যগুলোতে সংক্রমণ বেড়েছে। এমন এক সময় মহামারী বিস্তারের এই মাইলফলকের খবরে এসেছে, যার কয়েকদিন আগে দেশটিতে মৃত্যুর সংখ্যাও দুই লাখ ছাড়িয়েছে। করোনায় বিশ্বের সবচেয়ে বেশি সংক্রমণ এখন যুক্তরাষ্ট্রে। ভাইরাসটিতে সেখানে প্রতিদিন ৭০০ জনের মৃত্যু হচ্ছে। দেশটিতে সংক্রমণের নেতৃত্ব দিচ্ছে ক্যালিফোর্নিয়া। এরপর টেক্সাস, ফ্লোরিডা ও নিউইয়র্কের অবস্থান। চার সপ্তাহের আগের পরিস্থিতির সঙ্গে তুলনা করলে ওহাইয়ো বাদে সব মিডওয়েস্ট রাজ্যে আক্রান্ত উর্ধ্বগতি। আর সাউথ ডাকোটায় আক্রান্ত ১৬৬ শতাংশ বেড়েছে। সেখানে নতুন করে আট হাজার ১২৯ জন আক্রান্ত হয়েছেন।

আর উত্তর ডাকোটায় আগস্টের একই সময়ে যেখানে আক্রান্ত হয়েছিলেন চার হাজার ২৪৩ জন, বর্তমানে তা আট হাজার ৭৫২ গিয়ে দাঁড়িয়েছে। অর্থাৎ এই সময়ের ব্যবধানে সেখানে আক্রান্ত দ্বিগুণ বেড়েছে।

রয়টার্স বলছে, যুক্তরাষ্ট্রের অর্ধশত রাজ্যের অর্ধেকটিতে করোনায় পজিটিভ সংখ্যা বেড়েছে। সেপ্টেম্বরে অন্তত ১০ রাজ্যে সংক্রমণ বৃদ্ধি ছিল রেকর্ডসংখ্যক।

বিশ্বের ১০০ প্রভাবশালীর

(প্রথম পাতার পর)

মধ্যে জায়গা করে নিলেন দিল্লির শাহিনবাগের সেই প্রতিবাদী বিলকিস দাদি।

সেই থেকেই 'শাহিনবাগের দাদি' নামেই বিখ্যাত হয়ে ওঠেন। ১০০ জন প্রভাবশালী ব্যক্তির তালিকায় রয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প, কমলা হ্যারিস, জো বাইডেন, চীনের প্রেসিডেন্ট শি জিনপিং, ব্রাজিলের প্রেসিডেন্ট জেইর বলসোনারোও আছেন। এ নিয়ে দ্বিতীয়বার এই তালিকায় এলেন মোদি। নরেন্দ্র মোদি ছাড়াও গুগলের সিইও সুন্দর পিচাই, বলিউড অভিনেতা আয়ুষ্মান খুরানাও তালিকায় স্থান করে নিয়েছেন। টাইম ম্যাগাজিন

গত বছর হাড় কাঁপানো ঠাণ্ডায় নাগরিকত্ব সংশোধনী বিলের (সিএএ) প্রতিবাদে দিল্লির শাহিনবাগে অবস্থান বিক্ষোভে বসেন বহু নারী। মুখে একগাল হাসি আর কাঁধে শাল জড়িয়ে সেই নারীদের ভিড়ে ছিলেন ৮২ বছরের বিলকিসও। তাঁবু খাটিয়ে নীরব প্রতিবাদে শামিল হওয়া কয়েকশ' নারীর মধ্যে নজর কাড়েন তিনিও। ধীরে ধীরে আন্দোলনের আঁচ ছড়িয়ে পড়ে গোটা দেশে। সেই প্রতিবাদী অশীতিপর বিলকিস এবার মার্কিন টাইম ম্যাগাজিনের বিচারে দুনিয়ার ১০০ জন সবচেয়ে প্রভাবশালী ব্যক্তিত্বদের মধ্যে জায়গা করে নিলেন।

দিল্লির শাহিনবাগে আন্দোলন চলে ১০১ দিন পর্যন্ত। কিন্তু করোনার কোপে গত ২৪ মার্চ দিল্লি পুলিশ তাদের অবস্থান তুলে দেয়। তবে জানুয়ারি মাসেই যখন শাহিনবাগের আন্দোলনের কথা দেশের সর্বত্র ছড়িয়ে পড়েছে সেসময় দ্য ইন্ডিয়ান এক্সপ্রেসকে বিলকিস বলেছিলেন, 'আমাদের বয়স হয়েছে। কিন্তু এই আন্দোলন আমরা নিজেদের জন্য করছি না। বরং আমাদের সন্তানদের জন্য করছি। না হলে কেন এত ঠাণ্ডার মধ্যে আমরা দিনরাত এক করে আন্দোলন চালাব?'

গত ২৬ জানুয়ারী প্রজাতন্ত্র দিবসে বিলকিস রোহিত ভেমুলা ও জুনেদ খানের মায়ের সঙ্গে শাহিনবাগে জাতীয় পতাকা উত্তোলন করেন। তারপর থেকে শাহিনবাগের দাদিদের আরও সম্মানের চোখে দেখতে শুরু করে গোট ভারত। তারপর ফেব্রুয়ারি মাসে যখন শাহিনবাগের আন্দোলনস্থল থেকে মাত্র ৫০ মিটার দূরে দাঁড়িয়ে এক দুষ্কৃত গুলি চালায় তখনও ভয় পাননি বিলকিস। বলেছিলেন, 'বুলেটকে ভয় পাই না আমরা। আন্দোলন চালিয়ে যাব।'

বিশ্বের সবচেয়ে ধনী ১০ ফুটবলার





বাংলা পত্রিকা ডেস্ক: ফোর্বস ম্যাগাজিনের তালিকায় ২০২০ সালের সবচে' ধনী ফুটবলারের তালিকায় শীর্ষে রয়েছেন মেসি। সর্বমোট ১২৬ মিলিয়ন মার্কিন ডলার আয় করে তিনি এ তালকায় সেরা হয়েছেন। ১১৭ মিলিয়ন ডলার আয় করে এই তালিকায় দ্বিতীয় স্থানে আছেন জুভেন্টাসের ক্রিস্টিয়ানো রোনাল্ডো। এর পরের দুই অবস্থানে আছেন পিএসজির দুই তারকা নেইমার ও কিলিয়ান এমবাপ্পে।

এই তালিকার শীর্ষ ১০'এ প্রিমিয়ার লিগের তিনজন খেলোয়াড় রয়েছেন, মোহাম্মদ সালাহ, পল পগবা ও ডেভিড ডি গিয়া। এছাড়াও রয়েছেন রিয়াল মাদ্রিদ ও ওয়েলস তারকা গ্যারেথ বেল।

২০১৯-২০'এ একটি হতাশাজনক মৌসুম কাটিয়ে ২৯ মিলিয়ন মার্কিন ডলার আয় করে বেল তালিকার অষ্টম স্থানে রয়েছে। রিয়াল বস জিনেদিন জিদানের আস্থাভাজন কখনই হতে পারেননি বেল। যে কারনে গত আসরের শেষ ১৪টি ম্যাচের মধ্যে মাত্র দুটিতে খেলার সুযোগ পেয়েছিলেন। লিভারপুলের ফরোয়ার্ড সালাহ রয়েছে পঞ্চম স্থানে। তার পরের স্থানেই রয়েছেন ম্যানচেস্টার ইউনাইটেড মিডফিল্ডার পল পগবা, ১০ম স্থানে রয়েছেন ইউনাইটেড গোলরক্ষক ডি গিয়া। তালিকার সপ্তম স্থানে আছেন বার্সেলোনা ফরোয়ার্ড আঁতোয়ান গ্রীজম্যান ও নবম স্থানে রয়েছেন বায়ার্ন মিউনিখ স্ট্রাইকার রবার্ট লিওয়ানদোস্কি।

২০১৯ সালেও এই তালিকায় শীর্ষ তিনে ছিলেন মেসি, রোনাল্ডো ও নেইমার। তবে এমবাপ্পে একলাফে সপ্তম স্থান থেকে চতুর্থ স্থানে উঠে এসেছেন।

সর্বোচ্চ আয়ের ফুটবলারের তালিকা:

১. লিওনেল মেসি (বার্সেলোনা ও আর্জেন্টিনা), ১২৬ মিলিয়ন ইউএস ডলার

২. ক্রিস্টিয়ানো রোনাল্ডো (জুভেন্টাস ও পর্তুগাল), ১১৭ মিলিয়ন ইউএস ডলার

৩. নেইমার (পিএসজি ও ব্রাজিল), ৯৬ মিলিয়ন ইউএস ডলার

৪. কিলিয়ান এমবাপ্পে (পিএসজি ও ফ্রান্স), ৪২ মিলিয়ন ইউএস ডলার

৫. মোহাম্মদ সালাহ (লিভারপুল ও মিশর), ৩৭ মিলিয়ন ইউএস ডলার

৬. পল পগবা (ম্যানচেস্টার ইউনাইটেড ও ফ্রান্স), ৩৪ মিলিয়ন মার্কিন ডলার

৭. আঁতোয়া গ্রীজম্যান (বার্সেলেনা ও ফ্রান্স), ৩৩ মিলিয়ন ইউএস ডলার


৮. গ্যারেথ বেল (রিয়াল মাদ্রিদ ও ওয়েলস), ২৯ মিলিয়ন ইউএস ডলার

৯. রবার্ট লিওয়ানদোস্কি (বায়ার্ন মিউনিখ ও পোল্যান্ড), ২৮ মিলিয়ন ইউএস ডলার

১০. ডেভিড ডি গিয়া (ম্যানচেস্টার ইউনাইটেড ও স্পেন), ২৭ মিলিয়ন ইউএস ডলার







বাংলা পত্রিকা'র ২৪তম বর্ষপূর্তী ও টাইম টেলিভিশনের ৭ম বর্ষে পদার্পণ উপলক্ষে সংশ্লিষ্ট
সকলের প্রতি রইল আন্তরিক শুভেচ্ছা

"Let's work together for Betterment of the Community"



Founder & President
Jamaica Bangladesh Friends Society, Inc. New York

President
American Bangladeshi Business Alliance

Member
Community Board # 8 Queens (2014-2019)

Member
Queens Census 2020 Count Committee

Managing Director
AB Media Group

MOHAMMED FAKRUL ISLAM DELWAR
Community Activist & Businessman

917-494-5163 delwarny04@gmail.com fakrulislam.delwar.9





AL-AQSA
PARTY HALL



১০০ থেকে ১৫০ জন এর
ধারণ ক্ষমতা সম্পন্ন

বিয়ে, গায়ে হলুদ, জন্মদিন, বেবী শাওয়ার, সুইট সিক্সটিন, সহ যে কোন সামাজিক পার্টি ও সভা-সেমিনারের জন্য অত্যন্ত মনোরম পরিবেশ

2107 Starling Avenue,Bronx, NY 10462
718-904-7061, 347-479-8629

ব্রঙ্কসে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে পুরনো ও সর্ববৃহৎ
AL AQSA RESTAURANT
কাচ্চি বিরিয়ানী, তেহারী, কাবাব, ডাল-ভাত, মাছ-মাংস, ভাজি-ভর্তা, সিঙ্গারা, সমুচা, মোগলাই পরাটা, রসমালাই, চমচম সহ সব ধরণের খাবার পাওয়া যায়।
সেই সাথে রয়েছে মালাই চা



ব্রঙ্কসের পার্কচেস্টারে একমাত্র হাউজ হোল্ড ডিসকাউন্ট ষ্টোর
AL AQSA Household Discount Store
সংসারের যাবতীয় প্রয়োজনীয় জিনিসপত্র, মেলামাইন, প্লাস্টিক ও এলুমিনিয়াম, হাড়ি-পাতিল, কাপ-প্লেট, বালতি, মগ,জগ, বদনা, ষ্টেইনলেসের চামচ, কাটা চামচ, ইলেকট্রিক প্রেশার কুকার, রাইস কুকার, টোস্টার, ব্লেন্ডার, জুসার সহ সবকিছু পাওয়া যায়

ব্রঙ্কসের বাংলাবাজারে সবচেয়ে বড় গ্রোসারী
AL AQSA Halal Meat & Supermarket
প্রতিদিন ফ্রেশ
সবধরনের হালাল মিট, মাছ, টাটকা শাক-সবজি, চাল, ডাল, তেল, লবণ, মশলাপাতি, ফলমূলসহ গ্রোসারী সামগ্রীর বিপুল সমাহার
718-904-0700

Happy Anniversary to Everyone at Time Television!

Wishing you all years of properity and success!

TIME television

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

KT KHAN'S TUTORIAL



KHANSTUTORIAL.COM | 718-938-9451

নিউইয়র্ক তথা উত্তর আমেরিকার বাংলাদেশী
কমিউনিটি বিনির্মানে

বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের

অবদান অনস্বীকার্য মিডিয়া দুটির প্রতি রইল

শুভেচ্ছা





sunman express
globa money transfer

Head Office:
3717 74th Street 1st Floor,
Jackson Heights, NY-11372
Phone:718-565-5052

Mashud Rana Topan

President &CEO
Sunman Global Express Corp.

বাংলা পত্রিকার ২৫ বছর ও টাইম টেলিভিশনের ৭ম বর্ষে পদার্পণে

শুভেচ্ছা

APPROVED IATA

১৯৯৭ সাল থেকে কমিউনিটি সেবায় নিয়োজিত

মেঘনা শপিং সেন্টার এন্ড মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান



মোহাম্মদ এম রহমান (ফরিদ)
সিইও

৩৭-৬৬, ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোনঃ 718-478-1920, 718-930-1494, 718-478-1830
e-mail: meghnacorp@gmail.com

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office	Long Island Office	Bronx Office	Ozone Park Office	Buffalo Office
37-05 74st, 2nd Fl	1 Blacksmith Lane	2148 Starling Ave.	175 B Forbell Street	642 Walden Avenue
Jackson Heights, NY 11372	Dix Hill, NY 11731	Bronx, NY 10462	Brooklyn, NY 11208	Buffalo, NY 14211
917-744-7308, 718-457-0813	718-406-5549	917-744-7308, 718-457-0813	Tel: 917-744-7308	Tel: 347-837-1162

বাংলা পত্রিকার ২৪ বছর পূর্তি ও টাইম টেলিভিশনের ৭ম বর্ষে পদার্পণে

শুভেচ্ছা

CORE MULTI SERVICES

CREDIT REPAIR

www.cmscreditsolutions.com

ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?

ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ?
তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।



Mohammed A Kashem
Credit Consultant

- Late Payments
- Tax Liens
- Charge Offs
- Garnishment
- Inquiries
- Collections

Call us: 646-775-7008

37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

বিজ্ঞানের ইঙ্গিতবাহী কোরআনের আয়াতে মুগ্ধ হয়ে ইসলাম গ্রহণ

ব্রুকলীনে কর্মসূচী: এদিকে শতভাগ বাংলাদেশী সেন্সাসে অংশগ্রহণ করতে পারেননি বলে মনে করেছেন কমিউনিটির নেতৃবৃন্দ। নিউইয়র্কে শতভাগ বাংলাদেশীকে সেন্সাসে অংশগ্রহণ নিশ্চিত করতে জোর প্রচার চালিয়ে যাচ্ছেন কমিউনিটি ও মূলধারার স্বেচ্ছাসেবী সংগঠনগুলো। এরই ধারাবাহিকতায় গত ২০ সেপ্টেম্বর রোববার বিকেলে ব্রুকলীনের অন্যতম ব্যস্ত এলাকা চার্চ ম্যাকডোনাল্ডে সেন্সাসে অংশ নিতে উদ্বুদ্ধ করতে ফ্রি মাস্ক বিতরণ করে কমিউনিটি সংগঠন 'আমাদের সাপোর্ট নেটওয়ার্ক, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন, মূলধারার সংগঠন ড্রাম, ইকনা কাউন্সিল ফর সোশাল জাস্টিস, নিউইয়র্ক মুসলিমস ফর সোশাল জাস্টিস, এপ্যাক' সহ অন্যান্য সহযোগী সংগঠন।

অনুষ্ঠানের প্রধান অতিথি ব্রিগেডিয়ার জেনারেল (অবঃ) তোফায়েল আহমেদ বলেন, বাংলাদেশী কমিউনিটি ধীরে ধীরে বড় হচ্ছে। এটা খুবই ইতিবাচক দিক। কিন্তু একইভাবে সেন্সাসে অংশ না নিলে আমাদের কমিউনিটির যেসব সুযোগ সুবিধা পাবার কথা তা আমরা পাবো না।' তিনি আরো বলেন 'আমরা সবাই সবার জন্য। আমরা একে অপরকে যত বেশি সহযোগিতা ও সাহায্য করতে পারবো আমাদের সম্মিলিত অর্জন তত সমৃদ্ধ হবে। আমরা বাংলাদেশকে বুকে ধারণ করি। আবার বসবাসের সূত্রে আমেরিকা আপনার আমার সবার আপন ঠিকানা। তাই এখানে কমিউনিটির প্রয়োজনে আমাদের সবার এগিয়ে আসতে হবে।'

বিশেষ অতিথির বক্তব্যে চট্টগ্রাম বিশ্ববিদ্যারয় এলামনাই এসোসিয়েশনের প্রেসিডেন্ট এমলাক হোসাইন ফয়সল বলেন, 'সমৃদ্ধ কমিউনিটি গড়ে তোলার জন্য আমাদের প্রয়োজনীয় রিসোর্স দরকার। সেন্সাস আমাদের সে রিসোর্স নিশ্চিত করে। কাজেই আমাদের প্রয়োজনেই কমিউনিটির সবাইকে সেন্সাসে অংশ নেয়া উচিত। এটা আমাদের নাগরিক দায়িত্ব। প্রত্যেক কমিউনিটি তাদের সুযোগ সুবিধা সঠিকভাবে আদায় করে নিচ্ছে, সেক্ষেত্রে আমরা বাংলাদেশী কমিউনিটি বেশ পিছিয়ে আছি।'

অনুষ্ঠানে নিউইয়র্ক সিটির পাবলিক এডভোকেট জুমানি ডি উইলিয়ামসের পক্ষে অংশ নেন ব্রুকলীন বরো এডভোকেট জিবরীল জ্যালো। অতিথিদের সাথে তিনি পথচারীদের মাস্ক বিতরণ করেন। ব্রুকলীনের বাংলাদেশী কমিউনিটিকে সেন্সাসে অংশ নিতেও আহবান জানান তিনি।

সেন্সাসে অংশ না নিলে নানান অসুবিধার প্রসঙ্গ তুলে ধরেন ব্রুকলীন কমিউনিটি বোর্ড মেম্বার মামনুন হক মামুন। অভিজ্ঞতার বিবরণ দিয়ে তিনি বলেন, নিউইয়র্কে বাচ্চাদের স্কুলে ভর্তি অভিভাবকদের জন্য এক বাড়তি বিড়ম্বনা। প্রতি বছর অভিভাবকরা আমাদের কাছে আসেন যে তারা তাদের বাচ্চাদের ভর্তি করাতে পারছেন না। এই অসুবিধার মুল কারণ সেন্সাসে অংশ না নেয়া। যেহেতু অনেকেই সেন্সাসে অংশ নেন না তাই প্রয়োজনীয় স্কুল বরাদ্দ থাকে না। এর ফল ভোগ করতে হয় কমিউনিটিকে। তিনি সবাইকে অভয় দিয়ে বলেন, ফেডারেল গভর্নমেন্ট সেন্সাসে অংশ নিতে সামান্য কিছু তথ্য দিতে হয়। এটা কঠিন কিছু নয়। আবার এই তথ্য গোপন থাকে এবং শুধুমাত্র ফেডারেল বাজেট বরাদ্দের জন্য ব্যবহার করা হয়। তাই কেউ যদি আনডকুমেন্টেড হয়ে থাকেন তাতেও সেন্সাসে অংশ নিতে বাঁধা নেই।

এছাড়াও বক্তব্য রাখেন চবি এলামনাইয়ের সিনিয়র এলামনাই এনামুল হায়দার, সহসভাপতি প্রফেসর সিরাজুল ইসলাম, বরিশাল সমিতির সাবেক সেক্রেটারী মামুনুর রশিদ, মাসুদ হোসেন, নোয়াখালী সমিতির সাবেক সভাপতি হাজী মফিজুর রহমান প্রমুখ।

অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে আমাদের সাপোর্ট নেটওয়ার্কের প্রধান সমন্বয়ক আশিক মাহমুদ, নিউইয়র্ক মুসলিমস ফর সিভিক এঙ্গেজমেন্টের প্রেসিডেন্ট মীর মাসুম আলী প্রমুখ উপস্থিত ছিলেন। সেন্সাসে অংশ নেয়ার পাশাপাশি তারা কমিউনিটির সদ্যসদ্যের ভোটার রেজিস্ট্রেশনের জন্য আহবান জানান। এর আগে গত দেড় মাসে সেন্সাসে উদ্বুদ্ধ করতে পনের হাজারের বেশি মাস্ক বিতরণ করে আমাদের সাপোর্ট নেটওয়ার্ক।

আমেরিকা বনাম বাংলাদেশ

(শেষের পাতার পর)

আমার কাছে কঠিন মনে হয়নি এই কারণে যে, আমার কাছে যা সত্য মনে হয়েছে, উত্তরে আমি সে কথাই বলেছি।

আমার উত্তরটা হচ্ছে, আমেরিকা একটা ধনী দেশ। এখানে লাইফ স্টাইল অনেক উন্নত। বাতাস এবং পানির মান ভাল। গত বিশ বছর ধরে সরাসরি টেপের পানি পান করে আসছি কোন সমস্যা ছাড়াই। গত বিশ বছরে বিদ্যুৎ উৎপাদনকেন্দ্রে বড় একটা সমস্যা দেখা দেয়ায় একবার মাত্র বিদ্যুৎ চলে যেতে দেখেছি। খাবার দাবারে বিষাক্ত রাসায়নিক সংমিশ্রণের ঝুঁকি নিয়ে কোন ভাবনা করতে হয় না। আইন শৃঙ্খলা পরিস্থিতি জনবান্ধব, পুলিশকে সচরাচর জনগণের বন্ধু হিসাবে কাছে পাওয়া যায়। তিন দিনের যুগী হয়েও এখানে আইনগত সমান অধিকার ভোগ করি। অন্যায়ের শিকার হলে, বিচার দিবার জায়গা আছে, শোনার মানুষ আছে এবং সচরাচর ন্যায় বিচার পাওয়া যায়। মহিলারা রাতের ডিউটি শেষে মধ্যরাতেও একা একা বাসায় ফিরতে পারে। গত বিশ বছরে সরকারী বা আধা সরকারি বা প্রাতিষ্ঠানিক কোন সুবিধা ভোগ করতে একটা পাই পয়সাও ঘুষ দিতে হয় নাই। অথবা হোমরা চোমরা কাউকে দিয়ে টেলিফোন করাতে হয় নাই। অসুখ বিসুখ হলে উন্নত মানের চিকিৎসা পাওয়া যায়। জরুরী অবস্থা হলে, ৯১১ এ কল দিলে পাঁচ মিনিটের মধ্যে পুলিশ বা এ্যাম্বুলেন্স এসে হাজির হয়। উন্নত শিক্ষা লাভের ব্যবস্থা আছে। ইত্যাদি ইত্যাদি। কাজেই এই দেশটা বসবাসের জন্য উত্তম, ভাল না লাগার কোন কারণ নাই। আমার ভাল লাগে।

অন্যদিকে বাংলাদেশে এগুলোর প্রায় সবকিছুই অনুপস্থিত। কিন্তু বাংলাদেশে এমন কিছু জিনিস আছে যা কোটি কোটি টাকা দিয়েও আমেরিকাতে কেন পৃথিবীর অন্য কোথাও আমি পাব না। তার এক নম্বর হচ্ছে বাংলাদেশের মানুষ। আমার সমস্ত আত্মীয় স্বজন, বন্ধু বান্ধব, বাল্য বন্ধু, সহপাঠী, প্রাক্তন সহকর্মী, আমার গ্রামের মানুষ, মহল্লার মানুষ, এমনকি অপরিচিত সমস্ত বাংলাদেশী, এদের সবাই আমার অস্তিত্বের অংশ। দ্বিতীয় আমার মাতৃভাষা। বাংলাদেশে সর্বত্র বাংলাভাষায় কথা বলে যে তৃপ্তি সেটা আর কোথায় পাওয়া যাবে? তৃতীয়ত বাংলাদেশের ভূগোল। জন্মের পর থেকে এ দেশের যেখানে যেখানে বসবাস করেছি, যে পথ ধরে হেঁটেছি, যেখানে যেখানে আড্ডা দিয়েছি, বাসে লঞ্চে যে যে পথে গেছি তার সবই স্মৃতির ভান্ডারটা পুরোপুরি দখল করে বসে আছে। এর কোন কিছুই আমেরিকাতে পাওয়া যায় না। আমার অস্তিত্বের শিকর বাকড় এ দেশের মানুষের মধ্যে, ভাষার মধ্যে, অলিতে গলিতে, পথে প্রান্তরে, পুকুরে নদীতে, সর্বত্র ছড়িয়ে আছে। আমার সমগ্র প্রাণটা এদেশের জন্য ভালবাসায় পরিপূর্ণ হয়ে আছে। আমেরিকাকে ভাল লাগা দিয়ে বাংলাদেশকে ভালবাসার কোন তুলনা করা চলে না।

যে তুলনাটি আমি সব সময় দিয়ে থাকি, আবারও তা তুলে ধরছি। ধরা যাক, আমার এক ধনী প্রতিবেশি আছে। এরা বড় লোক। কোন কিছুর অভাব নাই। আমার প্রতিবেশি বন্ধুর মা সুন্দরী, উচ্চ শিক্ষিত, রুচিসম্পন্ন, অভিজাত, এক কথায় তুলনাহীন। পক্ষান্তরে, আমরা গরীব। আমাদের সব কিছুর অভাব আছে। আমার মা দেখতে কুৎসিত, অশিক্ষিত, রুচিবোধের অভাব আছে, তার অবয়বের সর্বত্র গ্রাম্যতার ছাপ ফুটে থাকে।

তারপরও, আমার কাছে আমার মায়ের চেয়ে উত্তম 'মা' দুনিয়ায় কি আর একটিও আছে?

তিস্তা মহাপরিকল্পনা বর্ধিত কলেবরে বাস্তবায়ন করুন ঃ আইএফসি

(শেষের পাতার পর)

যায়। পানির প্রবাহ না থাকায় পরিবেশ ও মানুষের জীবন-যাত্রার মারাত্মক ক্ষতি হয়। ক্ষরাপ্রবন বাংলাদেশের তিস্তা অববাহকায় ক্ষরা মারাত্মক আকার ধারণ করে। মানুষ পায়ে হেঁটে নদীর এপার ওপার যাতায়াত করতে পারে। বর্ষায় নদীর সম্পূর্ণ প্রবাহ ভারতের গজল ডোবা ব্যারেজের স্লুইস গেট দিয়ে ছেড়ে দেয়া হয়। নাব্যতা না থাকায় তিস্তা এই অতিরিক্ত পানি প্রবাহ বহন করতে পারেনা। ফলে বাংলাদেশে প্রতিবছর মারাত্মক প্লাবন ও নদীর পাড় ভাঙ্গনের তান্ডব সৃষ্টি হয়। এবছরের চারদফা বন্যায় তিস্তা নদীর দুইপাড়ের মানুষ সর্বশান্ত হয়েছে।

পানি প্রাপ্তির আশ্বাস অব্যাহত আছে, কিন্তু পানি আসছেনা। অপরদিকে উজানে পানির গতিপথ পরিবর্তন করে গংগা নদীতে ফেলা হয়েছে। অবস্থাদৃষ্টে মনে হচ্ছে যত দিন যাচ্ছে তত পানি প্রাপ্তির সম্ভাবনা ক্ষীণতর হচ্ছে। এই প্রেক্ষিতে তিস্তা বেসিনে প্রতিবছর অতিবন্যা ও ভাঙ্গনে বাংলাদেশের উত্তরপশ্চিমাঞ্চলের মানুষের যে বিপুল ক্ষয়ক্ষতি হয় তা মোকাবেলা করার পাশাপাশি এ অঞ্চলের সার্বিক উন্নয়নের একটা মহাপরিকল্পনার ছক তৈরী করেছে গনচীনের পাওয়ার চায়না কোম্পানী। প্রায় ৮০০০ কোটি টাকার এই পরিকল্পনায় নিলফামারির ডালিয়ায় নির্মিত তিস্তা ব্যারেজ থেকে মহিপুর ও কাউনিয়া হয়ে তিস্তার মোহনা পর্যন্ত ১০২ কিলোমিটার এলাকার টেকসই উন্নয়নের কথা বলা হয়েছে। পানি উন্নয়ন বোর্ড সূত্রে প্রকাশ এই মহাপরিকল্পনা ঋনের মাধ্যমে বাস্তবায়ন করার প্রস্তাব করে হয়েছে।

ড্রেজিং-এর মাধ্যমে নদীর নাব্যতা বৃদ্ধির পাশাপাশি ১৭০ বর্গকিলোমিটার জমি উদ্ধার এবং নদীর মূল স্রোত ষ্টেবিলাইজ করে উত্তরপশ্চিমাঞ্চলে তিস্তার উভয় তীরে স্যাটেলাইট টাউন নির্মাণের কথা বলা হয়েছে। সাথে থাকবে উচ্চ আয়ের শিল্প এবং কৃষি উন্নয়নের ব্যবস্থা। সোলার পার্ক, স্কুল, হেলথ কমপ্লেক্স, মসজিদ, এবং সাধারণের ব্যবহার্য সুযোগ সুবিধা। নদীর দুই তীরে তৈরী বাঁধ এবং তার সাথে সংযুক্ত সড়ক পথে যান চলাচল এবং নদীতে নৌযানের ব্যবস্থা এই অঞ্চলের উন্নয়ন ত্বরান্বিত করবে।

জরীপ করে নদীর বাম তীরে ২৭টি গ্রোয়েন, ক্রসবার ও ৪৬ কিলোমিটার লেভি এবং ডান তীরে ২৩টি গ্রোয়েন, ক্রসবার ও ৭৮ কিলোমিটার লেভি নির্মানের মাধ্যমে মাঝখানে মূলস্রোত সৃষ্টির পরিকল্পনা করা হয়েছে। মূল স্রোত উপরের অংশে ৭০০ মিটার এবং নিম্নাংশে এক কিলোমিটার প্রশস্ত হবে। খননের ফলে নদীর পানি পরিবহন ক্ষমতা বেড়ে যাবে। বন্যা নিয়ন্ত্রনের জন্য ইতোপূর্বে নির্মিত লেভিগুলোর সংস্কার করা হবে। তিস্তার ১০২ কিলোমিটার এলাকাকে তিনটি অংশে উন্নয়নের কথা বলে হয়েছে। তিস্তা ব্যারেজ থেকে মহিপুর ব্রিজ পর্যন্ত ৩৯ কিলোমিটার, মহিপুর ব্রিজ থেকে কাউনিয়া ব্রিজ পর্যন্ত ২৪ কিলোমিটার মধ্যবর্তী অংশ এবং কাউনিয়া ব্রিজ থেকে ব্রক্ষপূত্রে পতিত মোহনা পর্যন্ত ৩৯ কিলোমিটার নিম্নাংশ।

আন্তর্জাতিক ফারাক্কা কমিটি (আইএফসি) এক বিবৃতিতে বাংলাদেশ সরকারের এই উদ্যোগকে স্বাগত জানিয়েছে। আইএফসি নেতৃবৃন্দ মনে করেন দেশের উত্তরাঞ্চলে যখন মরুকরণের প্রক্রিয়া ঘনিভুত হচ্ছে তখন কবে পানি পাওয়া যাবে তার জন্য হাত গুটিয়ে বসে থাকা সমিচীন নয়। যদিও এই পরিকল্পনা নদীর স্বাভাবিক প্রবাহ নিশ্চিত করে নদীকে জীবিত রাখার প্রচেষ্টার বিকল্প নয়, তবুও বন্যা ভাঙ্গনের ক্ষয়ক্ষতি লাঘব ও সমন্বিত উন্নয়ন কর্মকান্ডের মাধ্যমে উত্তরপশ্চিমাঞ্চলের মানুষের ভাগ্য উন্নয়নের এই প্রচেষ্টা সফল হতে পারে। প্রকৃতির স্বাবাভিক নিয়মে উজানে যখন পানির প্রবাহ ফিরিয়ে আনার তাগিদ আসবে তখন বাংলাদেশের তিস্তা অংশ নতুন জীবন ফিরে পাবে।

আইএফসি নেতৃবৃন্দের সুপারিশ, উল্লেখিত মহপরিকল্পনাকে আরেকটু বাড়িয়ে বাংলাদেশে তিস্তার পুরনো মূল অববাহিকায় অবস্থিত আত্রাই, করতোয়া এবং পুনর্ভবা নদী এর আওতায় আনা গেলে দেশের উত্তরপশ্চিমাঞ্চলের সার্বিক উন্নয়ন নিশ্চিত হবে। এভাবে সাজালে প্রকল্পের ব্যাপ্তি বর্তমান ৪ হাজার বর্গকিলোমিটারের জায়গায় হবে ২৮ হাজার বর্গ কিলোমিটার। বিশাল চলনবিলে বর্ষা মওসুমে অনেক পানি ধরে রেখে মাছ চাষ, হাঁসপালন এবং শুকনো মওসুমে সেচের ব্যবস্থা করা যাবে। নদীগুলো নাব্যতা ফিরে পেলে এই অঞ্চলে সস্ড্র নৌচলাচল, কৃষি, কৃষিজাত শিল্পসহ শিল্প উন্নয়নে অবদান রাখবে। নদীভিত্তিক আকর্ষনীয় পর্যটন কেন্দ্র গড়ে উঠেবে। আশে পাশের এলাকার ভূগর্ভস্থ পানির স্তর উপরে উঠে আসবে এবং সকল নল্কুপ সারাবছর সচল থাকবে।

আইএফসি নেতৃবৃন্দ বর্তমান তিস্তা প্রকল্প অনুমোদন ও বাস্তবায়ন করা পাশাপাশি তিস্তার অরিজিনাল বেসিনকে তার আওতাভুক্ত করে উত্তরপশ্চিমাঞ্চলের সার্বিক উন্নয়ন নিশ্চিত করার জন্য সরকারকে আহবান জানাচ্ছে।

উক্ত বিবৃতিতে স্বাক্ষর করেন আইএফসি নিউইয়র্ক চেয়ারম্যান আতিকুর রহমান সালু, মহাসচিব সৈয়দ টিপু সুলতান, আইএফসি বাংলাদেশ চ্যাপারের সভাপতি অধ্যাপক জসিম উদ্দিন আহমদ, সিনিয়র সহ-সভাপতি ড. এস আই খান এবং আইএফসি সমন্বয়ক মোস্তফা কামাল মজুমদার।





বিএসিএ'র ওয়েব সাইড উদ্বোধন

(শেষের পাতার পর)

চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠিত সভায় কোরআন তেলয়াত করের কবি হাবিব ফয়েজী।

সভায় বক্তব্য রাখেন সংগঠনের প্রতিষ্ঠাতা সভাপতি ও কার্যকরী কমিটির সিনিয়র সদস্য আব্দুল হাসিম হাসনু, সহ সভাপতি লোকমান হোসেন লুকু, মোহাম্মদ সাদি মিন্টু, আহমদ ফয়ছল, যুগ্ম সাধারণ সম্পাদক মাকসুদা আহমদ, শাহ কামাল উদ্দিন, কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল, সাংগঠনিক সম্পাদক এম ডি আলাউদ্দিন, সহ সাংগঠনিক চৌধুরী মোমিত তানিম, সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক কবি হাবিব ফয়েজি, প্রচার ও গণ সংযোগ সম্পাদক সোহেল আহমদ, স্কুল শিক্ষা ও সমাজকল্যাণ সম্পাদক সালমা সুমি, আইন ও আন্তর্জাতিক সম্পাদক আব্দুল হান্নান ও ক্রীড়া ও চিত্ত বিনোদন সম্পাদক হেলাল আহমদ।

সভায় বাংলাদেশ সোসাইটি সভাপতি কামাল আহমদ, সোসাইটি কার্যকরী সদস্য বাকের আজাদ ও বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ গিয়াস উদ্দিন সহ করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী সকলের বিদেহী আত্নার মাগফেরাত কামনা হয়। সভায় সংগঠনের সাধারণ সদস্য পদ নবায়ন সহ বিভিন্ন সিদ্ধান্ত নেওয়া হয়।

অনুষ্ঠানের দ্বিতীয় পর্যায়ে আনুষ্ঠানিকভাবে সংগঠনের ওয়েব সাইট উদ্বোধন করা হয়। সংগঠনের প্রতিষ্ঠাকালীন সভাপতি আব্দুল হাসিম হাসনু আনুষ্ঠানিকভাবে সুইচ টিপে ওয়েব সাইটের উদ্বোধন ঘোষনা করেন। এই সময় সংগঠনের নেতৃবৃন্দ ছাড়াও অতিথি হিসেবে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বাংলাদেশী আমেরিকান কমিউনিটি কাউন্সিল সভাপতি মোহাম্মদ এম মজুমদার, হৃদয়ে বাংলাদেশের সভাপতি ও স্টারলিং বাংলাদেশী বিজনেস এসোসিয়েশন সাধারণ সম্পাদক সাইদুর রহমান লিংকন, রংধনু সোসাইটি সভাপতি মোহাম্মদ মোনতাসির বিল্লাহ তোষার ও নিউইয়র্কের জনপ্রিয় সঙ্গিত শিল্পী এশিয়ান ড্রাইভিং স্কুলের ভাইস প্রেসিডেন্ট শারমিন তানিয়া।

অনুষ্ঠানে সংগঠনের কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল ওয়েব সাইটের বিস্তারিত দিক উপস্থিত সকলের মধ্যে তুলে ধরেন।

অনুষ্ঠানে সংগঠনের কোষাধ্যক্ষ শাহ বদরুজ্জামান রুহেল ওয়েব সাইডের বিস্তারিত দিক উপস্থিত সকলের মধ্যে তুলে ধরেন। অতিথিবৃন্দ তাদের বক্তব্যে বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন এর বিভিন্ন কর্মকান্ডের ভুয়াসী প্রশংসা করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

পাত্র চাই

নিউইয়র্কে পিতা-মাতার সাথে বসবাসকারী ২৩ বছর ৯ মাস বয়সী পাত্রীর জন্য যোগ্য নামাযী পাত্র চাই। পাত্রী সিটি কলেজ অব নিউইয়র্ক থেকে ব্যাচেলর অব সায়েন্স, চাইল্ড হুড এডুকেশন এবং ব্যাচেলর অব আর্টস, সাইকোলজী এবং মাস্টারস অধ্যয়নরত। বর্তমানে ব্রঙ্কসের একটি স্কুলে শিক্ষকতা করছে। যোগাযোগ: ৩৪৭-২৬১-৪৭৩৯ (সেল) অথবা ৭১৮ ৮২৪ ২৯৪৯ (বাসা)।
ই মেইল: mizanr7@aol.com

বাসা ভাড়া

জ্যামাইকার ১৬৮-০৯ গোথিক ড্রাইভ ঠিকানায়, জ্যামাইকা মুসলিম সেন্টারের পাশে এক বেডরুমের (বড় রুম) বাসা চলতি মাস থেকে ভাড়া হবে। ভাড়া আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: ৩৪৭-৬৪৯-৫৪৭৬
সে-২৮/অ-০৫

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের ৮১ স্ট্রীট ও ২৫ এভিনিউতে এক বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১ অথবা ৭১৮-২০৫-০৪৫৪
সে-২৮/অ-০৫

রুম ভাড়া

জ্যামাইকায় নিরিবিলি চমৎকার পরিবেশে মুসলিম ফ্যামিলীর সাথে থাকার জন্য একজন অধুমপায়ী ছাত্রের কাছে ফার্নিসড রুম (ইউটিলিটি সহ) ভাড়া দেওয়া হবে। বাসা জ্যামাইকা এস্টেটে, তিন তলা ফ্ল্যাটের একটি সম্পূর্ণ পৃথক রুম। এক ব্লকের মধ্যে এফ ট্রেন সাবওয়ে এবং অন্তত ৫টি বাস স্টপ। ভাড়া আলোচনা সাপেক্ষ।
যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০
সে-২১/২৮

এক বেডরুমের বাসা ভাড়া

ইষ্ট এলমহার্স্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটের উপর দ্বিতীয় তলায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজে এক বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া হবে। লিভিং কাম কিচেন, ফুল বাথ শুধুমাত্র স্বামী-স্ত্রী অগ্রাধিকার, ধুমপান নিষেধ। ভাড়া ১,১০০ ইউএস ডলার।
যোগাযোগ: ৭১৮-৫৪১-৬১২৬
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ের কাছে এক বেডরুমের বাসা ভাড়া হবে। স্বামী-স্ত্রী অগ্রাধিকার।
ফোন: ৩৪৭-২৩৫-৯৩৭০
সে-২১/২৮

পাত্রী চাই

সম্ভ্রান্ত মুসলিম পরিবারের ইউএস মাস্টার্স ডিগ্রিধারী আইটি খাতে কর্মরত ২৯ বছর বয়সী ইঞ্জিনিয়ার পাত্রের জন্য সুযোগ্য পাত্রী চাই। যোগাযোগ: ৯২৯- ২৮৮-৯৪৬১ (অভিভাবক)।
ই-মেইলঃ
bmchoudhury1960@gmail.com
সে-২১/২৮

হিলসাইড এভিনিউতে বাসা ভাড়া

অক্টোবর থেকে হিলসাইড এভিনিউতে কারওয়ান সংলগ্ন সাবওয়ের সঙ্গে নতুন রেনোভেশন করা ৩ বেডরুম ও ২ বাথরুমের বাসা ভাড়া হবে।
যোগাযোগ: ৯২৯-৪৫০-১৭৮৬ অথবা ৯১৭-২৮৫-৫৩৭০ অথবা ৩৪৭-৭২০-৬৭২৮
সে-১৪/২১

রুমমেট আবশ্যক

ইস্ট এলহার্স্টের ৮৪ স্ট্রীট ও ৩০ এভিনিউতে একটি বেসমেন্টের জন্য রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১
সে-১৪/২১

পাত্র চাই

নিউইয়র্কে পিতামাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ৩২+ বয়স যোগ্য পাত্র চাই। পাত্রী কিউনি থেকে ব্যাচেলর (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার) এবং পেন ইউনিভার্সিটি থেকে মাস্টার্স ডিগ্রিধারী (বায়োমেডিক্যাল ইঞ্জি-নিয়ার)। বর্তমানে কর্মরত। যোগাযোগ: ৬৪৬-৫৯১-৪৬৯৬ (সেল) অথবা ৭১৮-৯৩১-২৫০৯ (বাসা)।
e-mail:
moondhs@gmail.com
সে-১৪/২১/২৮/অ-৫

সেমিবেসমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ক্যাসেল হীল এবং ক্রনবল এলাকায় এক বেডরুম, লিভিং রুম, ডাইনিং, কিচেন, ফুল বাথ সহ সেমি বেসমেন্ট ভাড়া হবে। ইউটিলিটি ভাড়ার সাথে সম্পৃক্ত। যাতায়াতের জন্য পৃথক এনট্রেন্স। যোগাযোগ অপু। **ফোন: ৯১৭-২৯১-৮০৯৫ অথবা ৯১৭-২৯১-৩২৭২**
সে-০৭/১৪

বাসা ভাড়া

জ্যামাইকা ট্রেন ষ্টেশনের পাশে মনোরম পরিবেশে একটি বাসা ভাড়া হবে।
যোগাযোগ: ৭১৮-৬৯০-৮৮৮৩

এপার্টমেন্ট ভাড়া

ব্রঙ্কসের পার্কচেস্টারের মেসিস মলের সামনে সাবওয়ে থেকে ২ ব্লকের ভিতর ১ বেডরুমের এপার্টমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৫৬১-১০৯০

রুমমেট চাই

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ৬৯ স্ট্রিট এবং রুজভেল্টের উপর ই, এফ, আর, এম এবং ৭ ট্রেন সাবওয়ের অতি নিকটে দ্বিতীয় তলায় ১ জুলাই থেকে একজন পুরুষ রুমমেট চাই।
যোগাযোগ: ৬৪৬-৬৯৩-২৯৪৬ অথবা ৯২৯-৪২১-০০৩৯
০৬/১৪

রুম ভাড়া

জ্যামাইকা ১৬৯ স্ট্রীট এবং গথিক এভিনিউ মসজিদ এবং সাবওয়ের কাছে একটা আলাদা রুম স্বামী-স্ত্রী অথবা দুইজন মহিলাকে ভাড়া দেয়া হবে। যোগাযোগঃ ৩৪৭-৭৫৩-০৭৫৭। ০৭/২৭

বাসা ভাড়া

এস্টোরিয়া (এল, আই, সি) ৩৯-৪৯ ২৪ স্ট্রিটে প্রাইভেট হাউজের প্রথম তলায় ৩ বেডরুম, লিভিং, কিচেন, ফুল বাথরুম সহ এখনি উঠার উপযোগী ১টি বাসা ব্যাচেলরদের/অফিস ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৯১৭-৪০০-৯২১৭
০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকার ১৪৬-১৫ ১০৬ এভিনিউতে সাতফিন বুলেভার্ডে (ই, জেড, এল, আই, আর) ট্রেন ও কিউ ৬০, ৪০, ৬ বাস সন্নিকটে। সম্পূর্ণ রেনোভেটেড বড় ৪ বেডরুমের বাসা ১ আগস্ট থেকে ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৩৪৭-৮৪০-৩৪০৪
০৮/০১

বাসা ভাড়া

ব্রঙ্কসের এল্ডার এভিনিউতে ২ রুমের ১টি বাসা ভাড়া দেয়া হবে। ৬ ট্রেন সাবওয়ের কাছে, ব্যাচেলরদের অগ্রগন্য। যোগাযোগ: ৯১৭-৬৫১-৭৭৪৯ অথবা ৯১৭-৪০২-৮৪৭৯
০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকার ১৬১-৬৭ ৮৬ এভিনিউতে এফ ট্রেন সংলগ্ন ২য় তলায় ও এটিক সহ ৩ বেডরুম সহ ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৩৪৭-৩০১-০৩২১ অথবা ৬৪৬৬২৮৭-০০১১
০৮/০১

বাসা ভাড়া

ব্রঙ্কস পেলহামবে পার্ক/পার্কচেস্টার ১ বেডরুমের ওয়াকিং সম্পূর্ণ রেনোভেটেড এপার্টমেন্ট আলাদা বেডরুম, বড় লিভিংরুম আলাদা প্রবেশ পথ ব্যাকইয়ার্ডে গাড়ি ড্রাইভওয়ে সহ শুধু বড়দের এবং কোয়ালিফাইডদের জন্য ভাড়া হবে। ৬ ট্রেন ও বাস বি এক্স ৮, ২৪, কিউ ৫০। সব কিছু কাছে, ভালো এলাকা।
যোগাযোগ: ৯১৭-২০১-১৬১৭
০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকার মেরিক বুলেভার্ডে ১১০ এভিনিউতে ১ বেডরুমের সেমিবেসমেন্ট ভাড়া দেয়া হবে। এবং ৩ বেডরুমের ১টি রুম ১জন মহিলার কাছে ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৬৪৬-৫৪১-৯৬৩২ অথবা ৩৪৭-৫৯২-৪১৩৩
০৮/০১

বাসা ভাড়া

সানিসাইডে ৭ ট্রেন সাবওয়ে, মসজিদ ও সুপার মার্কেট সংলগ্ন মনোরম পরিবেশে সুন্দর এক বেডরুমের বাসা বেডরুম, লিভিংরুম, স্টোররুম) অধুমপায়ী স্বামী-স্ত্রী/ ব্যাচেলরের নিকট ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৩৪৭-৪৩০-১০৪০ অথবা ৭১৮-৩৬১-১৩১৫
০৮/০১

বাসা ভাড়া

১০৩ স্ট্রিট ওজন পার্কে ১ম তলায় ৩ বেডরুম ও ২য় তলায় ৪ বাসা ভাড়া দেয়া হবে। এ ট্রেন এবং বাস কিউ ৮ ও ১১২ ১ ব্লকের ভিতর।
যোগাযোগ: ৩৪৭-৬১৩-৬৮৯৩ অথবা ৩৪৭-৬১৩-৭০২৩
০৮/০১

বাসা ভাড়া

জ্যামাইকা হিল সাইড এভিনিউ ১৯৭ স্ট্রিটে ৩ বেডরুমের বড় বাসা ভাড়া দেয়া হবে।
যোগাযোগ: ৩৪৭-৫২৩-০০২৭
০৮/০১

বাসা ভাড়া

ইড সাইডের প্রাণকেন্দ্রে ৫৮ স্ট্রিটে মসজিদ. মাদ্রাসা, মন্দির, স্কুল, হালাল গ্রোসারি সেভেন, এম, আর/ আল, আই, আর কিউ লাইনের বাস) এর সন্নিকটে ৪ বেড ২ ফুল বাথরুম, লিভিং, কিচেন বেলকুনি ও প্রত্যেক রুমের আলাদা রাস্তা সহ বড় ফ্যামিলি ৪/৫ জনের নিকট ১লা আগস্ট থেকে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৩২৫-৬০১১ অথবা ৯২৯-৪৩৫-৮৬৭০
০৮/০১

বাসা ভাড়া

ইস্ট এলমহার্স্ট এর নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রিটের উপরে ১ম তলায় ২ বেডরুমের বাসা ভাড়া দেয়া হবে। যোগাযোগ:৯১৭-৩০১-২০৬৩
০৮/০১

বাসা ভাড়া

১৭৮-১৩ ১০৭ এভিনিউ ২য় তলায় ৩ বেড, লিভিং, কিচেন ফুল ২ বাথরুম, ৫ ক্লোজেটসহ বাসা ভাড়া দেয়া হবে। মসজিদ এবং স্কুলের সন্নিকটে এখনি উঠা যাবে।
যোগাযোগ: ৯১৭-৫১৩-৭৭৫৯
০৮/০১

বেসমেন্ট ভাড়া

ওজনপার্কে রেনোভেটেড এক বেডরুমের ওয়াক-ইন-বেসমেন্ট স্বামী-স্ত্রীর জন্য (লিভিং ও কিচেন সাথে) ভাড়া হবে। যোগাযোগ: আন-সার। ফোন: ৭১৮-৮৪৫-১৭৭৬
আ-২৪/৩১

মালিক কর্তৃক বাড়ী (প্রপার্টি) বিক্রয়

নিউইয়র্কের বাফেলো সিটিতে সিঙ্গেল ফ্যামিলি একটি বাড়ি বিক্রয় হবে। বাড়িটিতে ৪ বেডরুম ও দুই বাথরুম রয়েছে। বাড়িটির সাইজ ১৬৩৮ স্কয়ার ফুট এবং লট সাইজ ৩১৫০ স্কয়ার ফুট। বাড়িটির কন্ডিশন খুবই ভাল। সুলভে বাড়ি ক্রয়ের জন্য রিয়েল এস্টেট এজেন্টদের বদলে আমার সাথে সরাসরি যোগাযোগ করুন। যোগাযোগ: খাদিজা। ফোন: ৬৪৬-৭৬৪-৩১৩৯
সে-২৮

রুম ভাড়া

জ্যাকসন হাইটস-এ ৮৫ স্ট্রিট ৩৫ এভিনিউ এপার্টমেন্ট বিল্ডিং-এ ২ বেডরুমের বাসার ১টি রুম ভাড়া দেয় হবে। শুধু মাত্র স্বামী-স্ত্রী/মহিলার অগ্রাধিকার।
যোগাযোগ: ৯১৭-৩৪৮-০৯৬৭
০৮/০১

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট সাবওয়ের কাছে ৯০-১০ ১৮২ স্ট্রীট ঠিকানায় ১ অক্টোবর থেকে স্বামী-স্ত্রীর জন্য বেসমেন্ট ভাড়া হবে।
যোগাযোগ: ৬৪৬-২৫৫-৮৯২৩
আ-৩১/সে-৭/৮

সেমিবেসমেন্ট বাসা ভাড়া

ওজনপার্কের ৯৫-২৪ ১০৫ স্ট্রীটে ১ সেপ্টেম্বর থেকে ২টি বেড রুম একটি বেবী রুম, ডাই-নিং এন্ড লিভিং এবং কিচেন সহ সম্পূর্ণ নিউ রেনোভেটেড সেমিবেসমেন্ট বাসা ভাড়া হবে। গ্রোসারী, স্কুল, মসজিদ, কিউ২৪ ও কিউ৮ বাস এবং ১০৮ স্ট্রীট সাবওয়ে এ ট্রেন নিকটে। যোগাযোগ: ৬৪৬-২৫৫-৯১৬৩
আ-১০/১৭

গ্রীন ক্যাব বিক্রয়/ভাড়া

খুব ভাল কন্ডিশনের একটি গ্রীন ক্যাব জরুরী ভিত্তিতে বিক্রয়/ভাড়া হবে। শুধুমাত্র আগ্রহীগণ যোগাযোগ করুনঃ

৯২৯৩৯৩৬৮০৭

পাত্র চাই

কলেজ শিক্ষক বাবা মা'র একমাত্র কন্যা, সদ্য মাস্টার্স সমাপ্ত, ইউএস সিটিজেন, হিজাবি পাত্রীর জন্য (বয়স- ২৬ বছর ২মাস), আমেরিকান গ্রীনকার্ডধারী অথবা সিটিজেন পাত্র আবশ্যক।
যোগাযোগ: ৩৪৭-২৮০-৭২৬৯

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

আবশ্যক


নিউইয়র্কের একটি মিডিয়া হাউজে বিজ্ঞাপন/মার্কেটিং বিভাগে কাজ করার জন্য পুরুষ/মহিলা আবশ্যক। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন। যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।

Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com



জাতিসংঘে প্রথম বাংলায় ভাষণের দিনটি স্মরণে যুক্তরাষ্ট্র আ. লীগের ভার্চুয়াল আলোচনা

(৪৬ পাতার পর)

সাধারণ পরিষদের অধিবেশনে যোগ দিয়েছেন। তিনি প্রত্যাশা করেন করোনা পরিস্থিতির সঙ্কট কেটে যাবে আবার আমরা স্বাভাবিক জীবনে ফিরে যাবো এবং দলীয় কর্মকান্ড পরিচালনা করতে পারবো। ড. গোলাপ তার বক্তব্যে বাংলাদেশ স্বাধীন হওয়ার প্রেক্ষপট, বাংলা ভাষা আন্দোলন, মহান মুক্তিযুদ্ধ, ৭৫-এর ১৫ আগষ্ট ও ৩ নভেম্বরের নির্মম হত্যাকান্ড, বঙ্গবন্ধুর জন্ম শতবার্ষিকীর প্রসঙ্গও তুলে ধরে বলেন, বাংলাদেশ আর আওয়ামী লীগ এক ও অভিন্ন। দেশের সকল ঐতিহাসিক কর্মকান্ডের সাথে আওয়ামী লীগ জড়িত।

ড. গোলাপ শহীদ রাষ্ট্রপতি জিয়াউর রহমানের সমালোচনা করে বলেন, আজ প্রমাণিত হয়েছে যে, জীবিত মুজিবের চেয়ে মৃত শেখ মুজিব অনেক শক্তিশালী। দেশের ঘরে ঘরে আজ মুজিব সৈনিক। জননেত্রীশেখ হাসিনার গতিশীল নেতৃত্বে করোনার সময়েও আমরা ভালো আছি, বাংলাদেশ এগিয়ে যাচ্ছে। শেখ হাসিনার ম্যাজিক হচ্ছে জনগণের প্রতি তাঁর ভালবাসা।

ভার্চুয়াল আলোচনা সভায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের অন্যতম উপদেষ্টা ডা. মাসুদুল হাসান, সহ সভাপতি আক্তার হোসেন, মাহবুবুর রহমান, সামছুদ্দীন আজাদ, লুৎফুল কবির ও ডা. মোহাম্মদ আলী মানিক, যুগ্ম সাধারণ সম্পাদক নিজাম চৌধুরী ও আইরীন পারভীন, সম্পাদকমন্ডলীর সদস্য যথাক্রমে দেওয়ান মহিউদ্দিন, আব্দুল হাসিব মামুন, হাজী এনাম, জালাল উদ্দিন রুমি, আশরাফুজজামান, দেওয়ান বজলু, শিরিন আক্তার দিবা, মোহাম্মদ সোলায়মান আলী, আব্দুল মালেক এবং কার্যকরী সদস্য সাহানারা রহমান, শরাফ সরকার, নুরুল আফসার সেন্টু, শামছুল আবেদীন, আলী হোসেন গজনবী, মেট্রো ওয়াশিংটন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মাহমুদ নবী বাকি, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী সহ নিউজার্সী, কানেকটিকাট, পেনসেলভেনিয়া ষ্টেট আওয়ামী লীগ, ফিলাডেলফিয়া ট্রাই কাউন্টি আওয়ামী লীগ, নিউ ইংল্যান্ড, মেরিল্যান্ড, ভার্জিনিয়া, মিশিগান ষ্টেট ও মিশিগান মাহানগর আওয়ামী লীগ, ক্যালোফো-নিয়া, জর্জিয়া, ফ্লোরিডা ষ্টেট, সেন্ট্রাল ফ্লোরিডা মহানগর আওয়ামী লীগ, নি-উইয়র্ক ষ্টেট আওয়ামী লীগ, টেম্পা সিটি আওয়ামী লীগ, বাফেলো সিটি আওয়ামী লীগ, সাউথ জার্সী মেট্রো আওয়ামী লীগ এবং কানাডা আওয়ামী লীগের নেতৃবৃন্দ অংশ নেন।

এছাড়াও যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা শেখ আতিকুল ইসলাম, আবুল কাশেম (চেয়ারম্যান), এডভোকেট মুর্শেদ জামান, শাখাওয়াত বিশ্বাস, কফিল চৌধুরী, যুক্তরাষ্ট্র শ্রমিকলীগের সভাপতি আজিজুল হক খোকন, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের সভাপতি নুরুজজামান সরদার, যুক্তরাষ্ট্র ছাত্রলীগের সাবেক সভাপতি জয়নাল আবদীন জয় ও সাবেক ও সাধারন সম্পাদক জাহাঙ্গীর এইচ মিয়া প্রমুখ নেতৃবৃন্দ অংশ নেন।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের ভার্চুয়াল আলোচনা সভার কারিগরি সহযোগিতায় ছিলেন সংগঠনের প্রবাসী কল্যান সম্পাদক মোহাম্মদ সোলেমান আলী।

নির্বাচনে হারলেও ক্ষমতা ছাড়বেন না ট্রাম্প!

বাংলা পত্রিকা ডেস্ক: আগামী নভেম্বরের নির্বাচনে হেরে গেলে খুব সহজেই ক্ষমতা ছাড়বেন না বলে আভাস দিয়েছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। পরাজিত হলে শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করবেন কিনা, এ ব্যাপারে কোনো প্রতিশ্রুতি দিতেও তিনি অস্বীকৃতি জানিয়েছেন। তার ভাষ্য, পরাজিত হলে আগে দেখতে হবে আসলে কী ঘটছে।

সিএনএনের প্রতিবেদন থেকে জানা গেছে, ডাকযোগে ভোটের ব্যাপারে আবারও সন্দেহের কথা জানিয়ে এ মন্তব্য করেছেন তিনি। আগেও শান্তিপূর্ণ ক্ষমতা হস্তান্তরের প্রশ্নে ট্রাম্পের উত্তর ছিল, ফল দেখেই তিনি বলতে পারবেন ক্ষমতা ছাড়বেন কিনা। বুধবার হোয়াইট হাউসের সংবাদ সম্মেলনে একজন সাংবাদিক ট্রাম্পকে প্রশ্ন করেন, তিনি কি শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তরের বিষয়টি নিশ্চিত করতে পারেন? জবাবে ট্রাম্প বলেন, তার বিশ্বাস মহামারির সময় ডাকযোগে বর্ধিত ভোট না হলে ক্ষমতা হস্তান্তরেরই কোনো দরকারই হতো না। যুক্তরাষ্ট্রে সাপ্তাহিক কর্মদিবসে নির্বাচন হয় বলে অনেক মানুষ সশরীরে ভোট দিতে পারেন না। কাজের সূত্রে দূরে থাকার কারণেও কারও কারও ভোট দিতে সমস্যা হয়। এমন সব মানুষের গণতান্ত্রিক অধিকার নিশ্চিত করতে সে দেশে ডাকযোগে ব্যালট পাঠানোর বিধান রয়েছে। এ বছর করোনা সংকটের কারণে অসংখ্য ভোটার সেই সুযোগ গ্রহণ করবেন বলে মনে করা হচ্ছে। ডেমোক্র্যাটদের পক্ষ থেকে ডাকযোগে বা মেইল ইন ভোটের দাবি জানানো হলেও ট্রাম্প শুরু থেকেই এর বিরোধিতা করছেন। এমনকি ভোট-জালিয়াতি হতে পারে বলে ডেমোক্র্যাটদের দিকে আঙ্গুলও তুলেছেন তিনি।

ডাকযোগের ব্যালট সরিয়ে নিলে সবই শান্তিপূর্ণ হতে পারে বলে উল্লেখ করেন ট্রাম্প। বুধবারের সংবাদ সম্মেলনে তিনি বলেন, সে ক্ষেত্রে ক্ষমতা হস্তান্তরেরই কোনো প্রয়োজন হবে না। অর্থাৎ তার পরাজিত হওয়ার কোনো কারণই নেই। ট্রাম্প বলেন, ডেমোক্র্যাটরা অন্যদের চেয়ে বেশি জানেন যে ডাক ব্যালট নিয়ন্ত্রণহীন হয়ে উঠেছে।

ডাক ভোটের কারণে ফলাফল চূড়ান্ত হতে বিলম্ব হলে এ নিয়ে প্রেসিডেন্ট ট্রাম্প ঝামেলা করতে পারেন বলে ধারণা করা হচ্ছে। ছয় মাস আগে থেকেই ডাকযোগে ভোট নিয়ে সন্দেহ প্রকাশ করে আসছেন তিনি।

Marriage Media
পাত্র-পাত্রী
খুজছেন সন্ধান দাতা
আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ী ভাবে বসবাস করতে চান?
সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সিড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।
৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।
সাফল্যতার সাথে অগ্রগতি।
আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।
খান ভাই
646-637-7590
E-mail: khanma663@gmail.com

মুসলিম কাজী অফিস
Imam & Khatib
Bangla Bazar Jame Masjid
1351 Odell St, Bronx, NY 10462
ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
Quazi Moulana Abul Kashem Eahea
Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh
Marriage Registrar New York State
(Muslim Nikah & Marriage Solemnization NYC)
Tel: 347-208-9055
Email:abuleahea@gmail.com

মুসলিম কাজী অফিস
নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত
কাজী মাওলানা ওবায়দুল হক
ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
সপ্তাহে ৭ দিন খোলা।
পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮
13-75 Virginia Avenue, Bronx, New York 10462

মুসলিম কাজী
কাজী মাওলানা ক্বারী
মোহাম্মদ মইনুল ইসলাম
এম.এম.এম.এফ
পেশ ইমাম ও খতিব, পার্কচেষ্টার জামে মসজিদ
ইসলামী শরীয়ত অনুযায়ী বিয়ে পড়ানো এবং নিউইয়র্ক সিটির আইন অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট এবং কাবিননামা প্রদান করা হয়।
1203 Virginia Avenue, Bronx, New York 10472
Phone: 718-863-1641 (Home), 313-204-0516 (Cell)
Email: mmislam67@yahoo.com

MAHFUZ HASAN
Web Application Developer
যে কোন ধরনের ওয়েবসাইড তৈরির জন্য যোগাযোগ করুন
I will create high quality web application for you
Do you want to make a dynamic responsive, user friendly and fast web application to attract your clients?
Feel Free to Contact
sdmahfuz@gmail.com
+880 1770 472 939

MATRIMONIAL SERVICE
কাজী অফিস (NYC Registered)
GET MARRIED ISLAMIC WAY BY
KAZI MOWLANA MD. ABUL KHAIR
IMAM & KHATUB
MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.
70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.
Phone: 646-732-7125, 929-277-7444

বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস

Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233



বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি


বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

বাংলা পত্রিকা | The Weekly Bangla Patrika // Monday //September 28 // 2020

ট্রাম্পের সমালোচনা করায় 'আন্তর্জাতিক সাহসী নারী'র পুরস্কারটি পেলেন না সাংবাদিক!




বাংলা পত্রিকা ডেস্ক: ট্রাম্পের অপশাসনের সমালোচনা করায় 'বার্ষিক আন্তর্জাতিক সাহসী নারী'র পুরস্কার থেকে বঞ্চিত হলেন ফিনিশের সাংবাদিক জেসিক্কা আরো। হেলসিঙ্কিস্থ আমেরিকান দূতাবাস থেকে তাকে এই পুরস্কারের জন্যে মনোনীত করার তথ্য জানানো হয়েছিল। তিনি সবধরনের প্রস্তুতিও নিয়েছিলেন। কিন্তু গত ফেব্রুয়ারী মাসে তাকে ষ্টেট ডিপার্টমেন্ট তাদের অপারগতার কথা জানিয়ে দিয়েছেন বলে প্রধান প্রধান গণমাধ্যমে তা প্রকাশিত হয়েছে। প্রতি বছরের ন্যায় এবারও মার্চে সেই পুরস্কার হস্তান্তর করা হয়েছে সারাবিশ্বের (বাকি অংশ ৩৯ পাতায়

জাতিসংঘে প্রথম বাংলায় ভাষণের দিনটি স্মরণে যুক্তরাষ্ট্র আ. লীগের ভার্চুয়াল আলোচনা

শেখ হাসিনা বঙ্গবন্ধু'র নীতি অনুসরণ করে বাংলাদেশ-কে এগিয়ে নিয়ে যাচ্ছেন

নিউইয়র্ক (ইউএনএ): জাতিসংঘে বাংলাদেশের সরকার ও রাষ্ট্র প্রধান হিসেবে বঙ্গবন্ধুর শেখ মুজিবুর রহমানের প্রথম বাংলায় ভাষণের ঐতিহাসিক দিনটি স্মরণে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ আয়োজিত ভার্চুয়াল আলোচনা সভায় বক্তারা তাঁর প্রতি গভীর শ্রদ্ধা নিবেদন করে বলেছেন, বঙ্গবন্ধু আমাদের যেমন স্বাধীন, সার্বভৌম বাংলাদেশ উপহার দিয়েছেন, তেমনী তাঁর সুযোগ্য কন্যা জাতিকে ডিজিটাল বাংলাদেশ উপহার দিয়ে বাঙালী জাতিকে আধুনিক বিশ্বের সাথে সম্পৃক্ত করেছেন। যার ফলে মহামারী করোনাভাইরা পরিস্থিতিতেও আমরা 'ভার্চুয়াল আলোচনা'য় অংশ নিতে পারছি। বক্তারা বলেন, বাংলাদেশের উন্নয়ন, অগ্রগতি আর সমৃদ্ধি আরো এগিয়ে নিতে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে ঐক্যবদ্ধভাবে সবাইকে যার যার অবস্থান থেকে কাজ করতে হবে।








গত ২৫ সেপ্টেম্বর শুক্রবার সকাল ১১টায় এই ভার্চুয়াল আলোচনা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ আওয়ামী লীগের কেন্দ্রীয় প্রচার ও প্রকাশনা সম্পাদক, মুক্তিযোদ্ধা ড. আবদুস সোবহান গোলাপ এমপি। উল্লেখ্য, ১৯৭৪ সালে ২৫ সেপ্টেম্বর 'জাতির জনক' বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রপ্রধান হিসেবে জাতিসংঘে সাধারণ পরিষদে প্রথম বাংলায় ঐতিহাসিক ভাষণ দেন। খবর ইউএনএ'র।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত সভা পরিচালনা করেন সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। সভায় বঙ্গবন্ধু প্রদত্ত ভাষণের অংশ বিশেষ সম্প্রচার এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের বিভিন্ন কর্মকান্ডের স্থির চিত্র প্রদর্শণ এবং এবং সরকারের বিভিন্ন কর্মকান্ড তুলে ধরা হয়। সভায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ সহ বিভিন্ন অংগ ও সহযোগী সংগঠন এবং বিভিন্ন অঙ্গরাজ্যের বিপুল সংখ্যক নেতা-কর্মী অংশ নেন।

সভার শুরুতে ড.সিদ্দিকুর রহমান বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রপ্রধান হিসেবে জাতিসংঘে সাধারণ পরিষদে প্রদত্ত প্রথম বাংলায় ঐতিহাসিক ভাষণের উপর সংক্ষিপ্ত স্বাগত বক্তব্যে বলেন, আজকের এই দিনে জাতিসংঘের বিশ্বমঞ্চে বাংলাভাষাকে প্রথম তুলে ধরেছিলেন জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান। সদ্য স্বীকৃতিপ্রাপ্ত স্বাধীন বাংলাদেশের প্রধানমন্ত্রী হিসেবে জাতিসংঘে তিনি প্রথম বাঙালী হিসেবে সর্বপ্রথম বাংলায় ভাষণ দেন। তাঁর ভাষণের মধ্যদিয়ে বিশ্বমঞ্চে রচিত হয় বাঙালী জাতির আরেকটি বীরত্বের ইতিহাস। প্রসঙ্গত তিনি করেনাভাইরাস মহামারীর এই কঠিন সময়ে দলীয় নেতা-কর্মীদের যার যার অবস্থান থেকে মানবতার সেবাং এগিয়ে আসার জন্য সকাল নেতা-কর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করে বলেন, এই করোনা আমাদেরকে ঐক্যবদ্ধ হওয়ার সুযোগ করে দিয়েছে।

ড. আবদুস সোবহান গোলাপ এম.পি বলেন, জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান রাষ্ট্রপ্রধান হিসেবে জাতিসংঘে সাধারণ পরিষদে প্রথম বাংলায় ভাষণের ঐতিহাসিক বক্তব্যের কথা তুলে ধরে বলেন, তাঁর ভাষণ ছিলো ৩৩ মিনিটের। বঙ্গবন্ধু ছিলেন নিপিড়িত-নির্যাতিত মানুষের নেতা। তিনি বলেন, বঙ্গবন্ধু জাতিসংঘে তার ভাষণে 'কারো সঙ্গে বৈরিতা নয়, বন্ধুত্ব' নীতির কথা উল্লেখ করে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা তাঁর নীতি-ই অনুসরণ করে বাংলাদেশ-কে এগিয়ে নিয়ে যাচ্ছেন। তিনি জানান, প্রধানমন্ত্রী জাতিসংঘের সাধারণ পরিষদে প্রথম বাংলায় ঐতিহাসিক ভাষণের দিনটির উপর গণভবনে ভার্চুয়াল আলোচনায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগকে স্মরণ করেছেন। কেননা, করোনা ভাইরাসের কারনে এবার জাতিসংঘের সদস্য দেশগুলির রাষ্ট্রপ্রধান ভার্চুয়ালে (বাকি অংশ ৪৪ পাতায়)



ফ্রেন্ডস এবং ফ্যামিলি গার্ডেনের গঠনতন্ত্র কমিটির সভা অনুষ্ঠিত

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কে প্রবাসী বাংলাদেশীদের আবাসন প্রকল্প 'ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি'র গঠনতন্ত্র প্রনয়ণ কমিটির সভা গত ২৬ সেপ্টেম্বর শনিবার দুপুরে ব্রঙ্কসে খলিল আউট সাইড ক্যাফেতে অনুষ্ঠিত হয়। সভায় গঠনতন্ত্রের বিভিন্ন খুঁটিনাটি দিক বিশ্লেষন করে একটি খসড়া গঠনতন্ত্র তৈরি করা হয়। আগামী মাসের প্রথম সপ্তাহে সংগঠনের সব সদস্যদের নিয়ে অনুষ্ঠিত সাধারণ সভায় গঠনতন্ত্র অনুমোদন করা হবে বলে সিদ্ধান্ত গৃহিত হয়।সভায় কামরুজ্জামান বাবু, মিজানুর রহমান, খলিলুর রহমান, মোজাফফর হোসেন, মামুনুর রশীদ, জাহাঙ্গীর আলম, শামীম মিয়া, শফিকুর রহমান, হাবিব রহমান প্রমুখ উপস্থিত ছিলেন। উল্লেখ্য, নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশীদের জন্য একটি এক্সক্লুসিভ আবাসিক এলাকা গড়ে তোলার জন্য একটি উদ্যোগ গ্রহন করা হয়েছে। প্রকল্পটির নামকরণ করা হয়েছে 'ফ্রেন্ডস এন্ড ফ্যামিলি গার্ডেন'। আবাসিক এলাকায় নিজস্ব মসজিদ, সুপারমার্কেট, পার্ক, কমিউনিটি সেন্টার, টেনিস কোর্ট, বাস্কেটবল মাঠ, সুইমিংপুল সহ অন্যান্য বিনোদনের ব্যবস্থা থাকবে। নিউইয়র্ক সিটির ৪০ মাইলের মধ্যে এই এক্সক্লুসিভ আবাসিক এলাকা গড়ে তোলার লক্ষ্যে আপাতত: ১০০ একর জমি ক্রয়ের সিদ্ধান্ত গৃহিত হয়।

সিলেটে মৌলবাদীদের হাতে নিহত শহীদ মুনির-তপন-জুয়েলকে স্মরণ করলো যুক্তরাষ্ট্র জাসদ

নিউইয়র্ক: '৮৮ সালের চব্বিশ সেপ্টেম্বর সিলেট শহরে মৌলবাদী জামায়াত শিবিরের তাণ্ডব ও সশস্ত্র সন্ত্রাসী গোষ্ঠির হাতে নির্মমভাবে নিহত হন তিন ছাত্রনেতা মুনির-তপন-জুয়েল। জাসদ ছাত্রলীগের তৎকালিন তিন শহীদ ছাত্রনেতাকে স্মরণ করে দিনটি যথাযোগ্য মর্যাদায় পালন করেছে যুক্তরাষ্ট্র জাসদ। তিন ছাত্রনেতার স্মরণে গত ২৪ সেপ্টেম্বর বৃহস্পতিবার যুক্তরাষ্ট্র জাসদ আয়োজন করে এক স্মরণ সভার। সভায় যুক্তরাষ্ট্র জাসদ নেতৃবৃন্দ বলেন, একাত্তুরের পরাজিত শক্তি জামায়াত শিবিরের অপতৎপরতা এখনও বন্ধ হয়নি। এরা নামে বেনামে বিভিন্ন লেবাসে তাদের কর্মকাণ্ড চালিয়ে যাচ্ছে। এরা সময়ের অপেক্ষায় রয়েছে। এরা যে কোন সময় তাদের জঙ্গিরূপ ধারণ করে প্রগতিশীল রাজনৈতিক ও সাংস্কৃতিক অঙ্গনে আঘাত আনতে পারে। এজন্য তাদের অতীতের সকল অপকর্মের বিচার এখন সময়ের দাবী। এদেরকে বিচারের কাঠগড়ায় দাঁড় করতে মুক্তিযুদ্ধের পক্ষের শক্তির বর্তমান ঐক্যকে আরো জোরদার করতে হবে। বক্তারা মুনির-তপন-জুয়েল হত্যা মামলা পুনর্জীবিত করতে সরকারের সংশ্লিষ্ট মন্ত্রনালয়ের সুদৃষ্টি কামনা করেন। আইনের ফাঁক-ফোকর দিয়ে বেরিয়ে যাওয়া চিহ্নিত খুনিদের আইনের আওতায় এনে মুনির তপন জুয়েল হত্যার বিচার নিশ্চিত করার দাবী জানান জাসদ নেতৃবৃন্দ। নিউইয়র্কের জ্যাকসনহাইটসে আয়োজিত উক্ত স্মরণ সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র জাসদ



সভাপতি দেওয়ান শাহেদ চৌধুরী। সংগঠনের সাধারণ সম্পাদক নুরে আলম জিকুর পরিচালনায় সভায় বক্তারা আরো বলেন, সেদিনকার পৈচাশিক নৃ:শংস ঐ ঘটনার পরিকল্পনাকারি, মদতদাতা, হত্যাকারি, খুনিদের বিচারের প্রয়োজিয়নতা ফুরিয়ে যায়নি। খুনিদের আইনের কাঠগড়ায় দাঁড় করানোর এখনই উদ্যোগ নিতে হবে সরকারকে। স্মরণ সভায় আরো বক্তব্য রাখেন জাসদ নেতা আবুল ফজল লিটন, সিলেট জেলা ছাত্রলীগের সাবেক সভাপতি জ্যোতির্ময় দত্ত নিশু, জাসদ নেতা মাহ মহি উদ্দিন সবুজ, শাহনুর কোরেশি, সৈয়দ আজমল হোসেন প্রমুখ। -প্রেস বিজ্ঞপ্তি।



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited
Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing,Flyer, Business Card,Banner, Poster & more!

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

নাক্টোর শাড়ী ঘর



Special Eid-Sale
ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়
শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।
Phone: 347- 621- 4940,718-300-7429
1217 White Plains Road , Bronx , NY 10472



বিপিএল ইউএসএ সভাপতি সুমন খানের পুত্র বিয়োগ

(শেষের পাতার পর)

করেছে (ইন্নালিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজেউন)। বুধবার (২৩ সেপ্টেম্বর) সকাল ১১টায় রায়হান জ্যামাইকাস্থ নিজ বাসাতেই ইন্তেকাল করে। তার বয়স হয়েছিলো ১৪ বছর। সুমন খান নিজেই তার ফেসবুক-এ স্যাটাসে এই তথ্য জানান। সুমন খান বরিশালের সন্তান। সুমন খান চার সন্তানের জনক। ইতিপূর্বে তার এক কন্যা সন্তান ইন্তেকাল করে।

জানা যায়, রায়হান তানজিল খান বুধবার (২৩ সেপ্টেম্বর) সকাল ১১টায় রায়হান জ্যামাইকাস্থ নিজ বাসাতেই ইন্তেকাল করে। তার বয়স হয়েছিলো ১৪ বছর। সে শারীরিকভাবে অসুস্থ এবং শয্যাশায়ী ছিলো। গত কয়েকদিন ধরে তার শারীরিক অবস্থা আরো খারাপের দিকে যাচ্ছিলো। বুধবার সকালে তার মা খাবার খাইয়ে ঘরের বিছানায় রেখে যাওয়ার পর আবার বেলা ১১টার দিকে পরিবারের লোকজন তার খোঁজ নিতে এসে তাকে মৃত অবস্থায় দেখতে পান। বিকেলে নিউইয়র্ক সিটি কর্তৃপক্ষ রায়হানের মরদেহ জন্য নিয়ে যায়। ময়নাতদন্ত শেষে রায়হানের মরদেহ বৃহস্পতিবার পরিবারের কাছে হস্তান্তর করা হয়। পরে বাদ মাগরিব জ্যামাইকা মুসলিম সেন্টারে নামাজে জানাজার পর তার মরদেহ পাক ফিনেরাল হোমে রাখা হয়েছে। শুক্রবার সকালে তার মরদেহ বাংলাদেশ সোসাইটি ইনক'র ক্রয়কৃত নিউজার্সীর মার্লবরো কবর স্থানে দাফন করা হয়।



জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির প্রধান উপদেষ্টা, সভাপতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার ও সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল সহ অন্যান্য উপদেষ্টা ও কর্মকর্তা, কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ, ক্রীড়ামোদী ও খেলোয়ার সহ বিপুল সংখ্যক প্রবাসী বাংলাদেশী জানাজায় অংশ নেন। জেএমসিতে জানাজা নামাজের আগে উপস্থিত মসল্লীদের উদ্দেশ্যে সংক্ষিপ্ত বক্তব্য রাখেন জেএমসি পরিচালনা কমিটির সেক্রেটারী মনজুর আহমেদ চৌধুরী ও রায়হান তানজিল খানের বাবা সুমন খান। জানাজায় বিপুল সংখ্যক প্রবাসী ক্রীড়ামোদীও অংশ নেন। জানাজা শেষে উপস্থিত প্রবাসীরা লাইনে দাঁড়িয়ে শেষবারের মতো রায়হান-কে দেখে নেন। প্রথমে তার মা-বাবা সহ পরিবারের সদস্যরা রায়হান-কে দেখেন। এসময় তার মা কান্নায় ভেঙে পড়েন। ফলে সেখানে হৃদয় বিদারক দৃশ্যের অবতারণা হয়।

শোক প্রকাশ: এদিকে বিশিষ্ট ক্রীড়া সংগঠক সুমন খানের জৈষ্ঠ পুত্র রায়হান তানজিল খানের অকাল মৃত্যুতে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গ গভীর শোক ও সমবেদনা জানিয়েছেন । পৃথক পৃথক শোক বার্তায় তারা রায়হান তানজিল খানের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা প্রকাশ করেন। রায়হান তানজিল খানের অকাল মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করেছেন সাপ্তাহিক বাংলা পত্রিকা'র সম্পাদক ও টাইম টেলিভিশন-এর সিইও আবু তাহের, উৎসব ডট কম-এর প্রেসিডেন্ট রায়হান জামান।

এছাড়াও শোক প্রকাশকারীদের মধ্যে রয়েছেন জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটি'র প্রধান উপদেষ্টা এবিএম ওসমান গণি, উপদেষ্টা নাসির আলী খান পল, উপদেষ্টা ও সাপ্তাহিক বাংলাদেশ সম্পাক ডা. ওয়াজেদ এ খান, উপদেষ্টা ছদরুন নূর, মনজুর আহমেদ চৌধুরী, রেজাউল করীম চৌধুরী ও এবিএম সালাহউদ্দিন আাহমেদ, সভাতি মোহাম্মদ ফখরুল ইসলাম দেলোয়ার, সাধারণ সম্পাদক সৈয়দ আল আমীন রাসেল, সাবেক সভাপতি শেখ হায়দার আলী, সাবেক সাধারণ সম্পাদক এএফ মিসবাহ-উজজামান, বিপিএল ইউএসএ'র সেক্রেটারী মাজহারুল ইসলাম জনি প্রমুখ।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি
টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি
Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
NMLS#177308
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

বাংলাদেশ সোসাইটির যৌথ সভা অনুষ্ঠিত

নিউইয়র্ক: বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটি ও ট্রাস্টি বোর্ডের যৌথ সভা গত ২৬ সেপ্টেম্বর শনিবার বিকেলে সংগঠনের নিজস্ব কার্যালয়ে অনুষ্ঠিত (বাকি অংশ ১১ পাতায়)

কার্যকরী কমিটির সভা অনুষ্ঠিত

বিএসিএ'র ওয়েব সাইড উদ্বোধন

নিউইয়র্ক: বাংলাদেশী আমেরিকান কালচারাল এসোসিয়েশন এর নব নির্বাচিত কার্যকরী কমিটির প্রথম সভা গত শনিবার ব্রঙ্কসের এশিয়ান ড্রাইভিং স্কুলে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি আহবাব চৌধুরী খোকনের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক সারওয়ার (বাকি অংশ ৪২ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

নুর কেন গলার কাঁটা!



ভিপি নুর' ছেলেটা কি সরকারের গলার কাঁটা হয়ে গেল! ভাব দেখে মনে হচ্ছে- না যাচ্ছে গেলা না যাচ্ছে ফেলা! কিভাবেই যেন উঠে এলো ছেলেটা! ঠেকানোর চেষ্টা কম হয় নাই। মারধোর মামলা মোকদ্দমা, হাসপাতালে পাঠানো মাথা ফাটানো, গ্রেপ্তার হাজতবাস- মায় শিবিরের তকমা সেঁটেও (বাকি অংশ ৪১ পাতায়

রিয়েল এস্টেট টিপস

বাড়ি বিক্রি করতে যা জানা প্রয়োজন

এম কামাল: এমনও হতে পারে বাড়ি বিক্রেতার দৃষ্টিতে সবচেয়ে বাজে রিয়েল এস্টেট এজেন্ট (বাকি অংশ ৪১ পাতায়)

জ্যামাইকা ও ব্রুকলীনে সচেতনতা অনুষ্ঠান

সেন্সাসে অংশ নেয়ার সময় আরো এক মাস বৃদ্ধি

বাংলা পত্রিকা রিপোর্ট: চলতি বছরের যুক্তরাষ্ট্র সেন্সাসের (ইউএস সেন্সাস) অংশগ্রহনের মেয়াদ আরো এক মাস বৃদ্ধি করা হয়েছে। ৩০ সেপ্টেম্বর বুধবার চলতি সেন্সাসে অংশ নেয়ার সময় সীমা শেষ হওয়ার কথা ছিলো। এদিকে ইউএস সেন্সাসে অংশগ্রহণ নিশ্চিত করতে কমিউনিটির বিভিন্ন সংগঠনের উদ্যোগে প্রবাসী বাংলাদেশের উদ্বুদ্ধকরণ ও সচেতনতা বৃদ্ধির জন্য নানা সভা-সমাবেশ অব্যাহত রয়েছে। রোববার জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির (জেবিএফএস) উদ্যোগে হি-লসাইড এভিনিউ সংলগ্ন মেজর মার্ক পার্কে অনুরূপ সমাবেশের পাশাপাশি ফ্লু ভ্যাকসিন প্রদান কর্মসূচীর আয়োজন করা হয়। এছাড়াও গত সপ্তাহে ব্রুকলীনের চার্চ-ম্যাকডোনাল্ড এভিনিউতে অনুরূপ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশগুলোতে নিজেদের স্বার্থেই সেন্সাসে অংশ নেয়ার জন্য সকলের প্রতি আহ্বান জানানো হয়। জেবিএফএস আয়োজিত 'সেন্সাস এন্ড সমচা' শীর্ষক সেন্সাসে অংশগ্রহণ ও ফ্লু ভ্যাকসিন প্রদান কর্মসূচী অনুষ্ঠানে সংগঠনের বিশিষ্ট কমিউনিটি (বাকি অংশ ৪২ পাতায়)



বাংলা পত্রিকা ও টাইম টেলিভিশনের বর্ষপূর্তি উপলক্ষে কর্নধার আবু তাহেরকে ফুলেল শুভেচ্ছা জানাচ্ছেন বার্তা কক্ষের সাংবাদিক ও কর্মকর্তাবৃন্দ

২৫ বছরে বাংলা পত্রিকা : ৭ম বর্ষে টাইম টেলিভিশন

করোনায় বার্তা কক্ষে অনাড়ম্বর অনুষ্ঠান

বাংলা পত্রিকা রিপোর্টঃ যুক্তরাষ্ট্রে বাংলাদেশীদের কাছে জনপ্রিয় সাপ্তাহিক বাংলা পত্রিকা ২৫ বছরে পা রাখলো। বাংলা পত্রিকার পাঠক, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ীসহ সকল প্রবাসীদের প্রতি শুভেচ্ছা জ্ঞাপন করা হয়েছে জন্মদিনের শুভক্ষণে। পাশাপাশি অতীতের ন্যায় পাশে থাকা এবং অকুণ্ঠ সমর্থন (বাকি অংশ ৯ পাতায়)

মৃত ব্যক্তির জন্য জীবিতদের যে আমল করতে বলে ইসলাম

মাহমুদুল হক জালীস

অস্থায়ী এ পৃথিবীতে কেউ স্থায়ী নয়। আজ জীবিত থাকলে কাল থাকবে কিনা নিশ্চয়তা নেই। শরীর থেকে আত্মা বেরিয়ে গেলেই মানুষ মৃত বলে বিবেচিত (বাকি অংশ ৩৭ পাতায়)

তিস্তা মহাপরিকল্পনা বর্ধিত কলেবরে বাস্তবায়ন করুন ঃ আইএফসি

বাংলা পত্রিকা ডেস্ক: আন্তর্জাতিক ফারাক্কা কমিটি (আইএফসি) রোববার এক বিবৃতিতে বলেছে: দশকের পর দশক স্বাভাবিক প্রবাহ থেকে বঞ্চিত বাংলাদেশে তিস্তা নদী পলিমাটি জমে মরে গেছে। শুস্ক মৌসুমে পানির প্রবাহ সরিয়ে নেয়ায় বিশাল এ নদী শুকিয়ে (বাকি অংশ ৪২ পাতায়)

অবশেষে নিউইয়র্ক সিটির রেষ্টুরেন্টের ভেতরে খাবারের অনুমতি

বিশেষ প্রতিনিধি: মহামারী করোনা সংক্রমণ রোধে চলতি বছরের মধ্য মার্চে লকডাউন শুরু হওয়ার দিন থেকেই নিউইয়র্ক সিটির রেষ্টুরেন্টগুলোয় বসে খাবারের অনুমতি নিষিদ্ধ করা হয়। জুনের শেষ সপ্তাহে প্রকোপ কিছুটা কমলে রেষ্টুরেন্টের বাইরে চেয়ার-টেবিল বসিয়ে স্বাস্থ্যবিধি অনুযায়ী খাবারের অনুমতি দেয়া হয়। এ অবস্থায় সংক্রমণের হার নিয়ন্ত্রণে আসায় দীর্ঘ পর্যবেক্ষণের পর সিটি ও স্টেট প্রশাসন আগামী ৩০ সেপ্টেম্বর থেকে বিভিন্ন শর্তে রেষ্টুরেন্টের ভেতরে বসে খাবারের অনুমতি দিয়েছে। একইসঙ্গে বাইরে সাজানো চেয়ার-টেবিলও বহাল থাকবে পরবর্তী নির্দেশ না দেয়া (বাকি অংশ ৩৮ পাতায়)

'নিউইয়র্কে বাড়ী ক্রয়-বিক্রয়ের এখনই ভালো সময়'



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটিতে বাড়ী ক্রয়-বিক্রয়ের এখনই ভালো সময়। কেননা, (বাকি অংশ ৯ পাতায়)

বাংলাদেশী আমেরিকান রিপাবলিকান সমর্থকদের সভা অনুষ্ঠিত

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশী-আমেরিকান রিপাবলিকান সমর্থকদের এক ভার্চুয়াল সভা গত ১৯ সেপ্টেম্বর সন্ধ্যায় অনুষ্ঠিত (বাকি অংশ ৩৮ পাতায়)

বিপিএল ইউএসএ সভাপতি সুমন খানের পুত্র বিয়োগ

বাংলা পত্রিকা রিপোর্ট: বিশিষ্ট ক্রীড়া সংগঠক বিপিএল অব ইউএসএ'র সভাপতি এবং জামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির ক্রীড়া সম্পাদক সুমন খানের জৈষ্ঠ পুত্র রায়হান তানজিল খান মৃত্যুবরণ (বাকি অংশ ৪৭ পাতায়)

বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা

ফুটবলী লীগ শুরু ॥ যুব সংঘ, ব্রঙ্কস ইউনাইটেড ও ব্রঙ্কস স্টারের শুভ সূচনা

নিউইয়র্ক (ইউএনএ): করোনাভাইরাস পরিস্থিতে স্বাস্থ্যবিধি রক্ষা করেই শুরু হলো বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা আয়োজিত ফুটবলী লীগ-২০২০। রোববার লীগের উদ্বোধনী দিনে যুব সংঘ, ব্রঙ্কস ইউনাইটেড ও ব্রঙ্কস স্টার জয়লাভ করে শুভ সূচনা করেছে। এদিন চারটি খেলা অনুষ্ঠিত (বাকি অংশ ৯ পাতায়)



আমেরিকা বনাম বাংলাদেশ

কাজী আসাদ

বিভিন্ন সময়ে অনেকেই আমাকে প্রশ্ন করেছেন, "তোমার কাছে আমেরিকা বেশি ভাল লাগে, না বাংলাদেশ বেশি ভাল লাগে?" এই প্রশ্নটা (বাকি অংশ ৪২ পাতায়)

ঘরে বসে দেশে টাকা পাঠান কোন ধরনের ফি ছাড়া
আকর্ষণীয় এক্সচেঞ্জ রেইটে
নিরাপদে মুহূর্তেই পৌঁছে যাবে আপনার প্রিয়জনের বিকাশ একাউন্টে
sendwave bKash
SIGN UP TODAY GET $5 CREDIT PROMO CODE: POTRIKA
sendwave Download on the App Store GET IT ON Google Play sendwave
24 ঘন্টা দেশে টাকা পাঠান যখন প্রয়োজন তখন
*terms and conditions may apply

SAFWAN TRAVEL
সাফওয়ান ট্রাভেল এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Accredited Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা-নিউইয়র্ক ৬৪৯+ Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services
• Life Insurance
• Health Insurance
• Auto Insurance
• Home Insurance
• Business Insurance
• TLC Insurance
• DDC. (6 hrs.)
Tax File Only For $50.00
Call Now : 347-536-5107
37-19 74th Street, Suite-1R | Jackson Heights, NY 11372

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
Authorized Agent of WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com